The cold night is over.
Now there is heat everywhere.
The preposterous submission has all there to hang the blow.
And my Sweet Dreams became a failure.

Poets are dying in fame.
But defamed in ejaculation.
Others may smile at your gesture.
Keep blossomed when her brown cowly eyes are renamemy
becomes love.

Lo! The tip top fame I have kept under my feet has turned my
poem into a Paris Tower.

A bit of journey

Tapashi Laha

Shadows of trees drenches my soul.
The dusty red of this lane forming an arrogance of grandeur.
i slip into a moment of nothingness,

a petallike i get carried
To this bliss.

And at once this very self forgets to mourn.
The bonds, the yearnings, the pain i received so far.
The cacophony of racing life
outnumbering the presence of conscious,
I am of myself and yet i am of nothing.

Train

Akash Naik

Breaths grind to halt during, Journeys Just the train in motion
Every breth frozen stiff
Places keep changing
It's the same old circle, yet drawn anew
The train moves on
In distant abstract
Forms a chiaroscuro of may
I catch a fleeing glimpse
Suddenly
Breaths pick momentum
The train stock-still.

Fish

A house under construction
A square for bathroom in floor slab
Full of waste water
Rusted steel nearby
Steadfast like a sea-rock
The reflections of houses around
Confounds the fish's sense of direction
Its vibgyor dissolve gradually.

I Am Looking for that Place

Birbhadra Karkidholi

Since some days I have been thinking of
Taking this life to such a platform
And giving it a rest
Where the clean breeze
Of some place may be found blowing
Yeah. I've been looking exactly for this
But where is peace and bliss over there?
Where's the clean breeze in that hill?
This life is still laden

Where I can repose.
Now. where should I take this life to repose?
This tormented life?
Being so tired, sometimes I feel like
Taking the burden of [his meaningless life to
The edge of such a cliff
And maybe push it over.
Ah! I am too tired
Nay. where shall I take this life
In order to throw it away.
IKhcjiralitfhii TV Thaaun. Aabhnaash.

An Impetus

Subhas Narayan Basu

Neither the woman kind nor a female deity
You are only Chandra to me
That will ever shine in the sky of a poet
And never set; I think it so might be
Oh Dear, the sweet heart of my fancy
Lighting your self so bright as it could be.

Subhas Narayan Basu is a retired youth officer of the Government. He is a prolific writer with difference

A Lecture delivered by Dr. Sabita Chakraborty on the occasion of a Book Launch

It's a great pleasure to all of us that we are gathered here today in the book release of such a person who may be an example for all of us. He is an MBBS doctor by profession. As a doctor he has to spend most of the time for the patients but he is not exhausted with it. He exercises creative faculty. He writes poems. He has written a book of poem, *The Open Casement of Twenty One*'. His book is getting released at this hall today.

It's a very auspicious day for all Bengali people. It is the day called poila Vaisakh or it is a Bengali new year. It's a day to take a new challenge for moving forward. And Dr. Ramesh Chandra Bera's book will enlighten us to that direction.

Presently we are passing through a very critical time. A kind of restlessness is found everywhere. Men are getting busy only with material profit and material success by hook or by crook. Values are almost evaporated. Without values life has been very painful. It is true that we need money to run our life but money is not all. What we need actually is a peaceful life. A peaceful life may be attained through the cultivation of literature. Unless we properly cultivate the mind and heart we can not overcome hurdles of life. Dr. Bera is doing that great job. A doctor can't be a good doctor unless he possesses a good personality, sympathetic to his patients. It seems to me that the softness of his mind is reflected in his poems. He has watched our surroundings from his casement and his feelings are expressed in his poems. He must teach us through the present publication how to dream for a better future, how to move for a better life.

It is a fact that a talent does not get to the forefront unless there is someone makes an arrangement of a favourable atmosphere to that end. In this context the credit should go to the most energetic poet of Medinipur Tapas Baidya. He is constantly inspiring people to write something, to express themselves in writings. Tapas has taken the responsibility of publishing books of them. I salute him for his hard work. He regularly publishes a little Magazine Sabdamala where a large number of writers have got a chance to publish their writings. When I open my facebook account I see him every Sunday and Saturday in a literary meet. Now he is also known to be an acclaimed poet of West Bengal. The soil of Medinipur must be proud of this dedicated poet. And as a member of the Underground Literature we are also proud of him because he belongs to this group. Underground literature is a group of writers who try to place unknown writers to the foreground. And it is a pleasure for us that presently Underground literature has been spread to both the national and international level. In this connection I am glad to inform you that a few books of the leader of Underground Literature Dr. Ramesh Chandra Mukhopadhyaya have been published from Vietnam and America. However, it is the objective of Underground Literature to place or to promote writers before the society. The programme of today is also the manifestation of that greater idea.

Let's come back to the discussion of the poems of Dr. Ramesh Chandra Bera. Generally we give priority to our reason. And literature gives priority to the feelings of the writers. And the truth about the existence is expressed for masses through the language of poets. Poetic insights could introduce a new model to follow. Poets are seers. Entering into the deeper level of the mind a poet collects gems which may be helpful to make a better world. In the poem, 'The Trial of Life Struggle' the Poet Dr. Ramesh Chandra Bera is saying that nothing is destroyed in life; there is only transformation. We need to practice patience. To quote

'The stream of life has no end in the outlet of eternity' (p.19).

Buddha in India propounded this philosophy. Similarly our poet Dr. Bera is saying that life is just like a stream. We don't know from where it started. We are born in the middle of the stream. The stream flows according to the rules of nature. But modern generation is not ready to wait to earn something. They want everything instantly. And the poet reminds them to practice patience.

In an another poem 'The Scale' he writes,
The strong fish swims against
The run of the stream
The diver-fish with glittering
scale plunges into water.

Fish lives in water. Here fish is the symbol of human being. Only a few people can run against the stream and most of the people plunge into water.

In like manner Dr. Bera has used lots of imageries to tackle the upcoming situations.

Hope that Dr. Bera will continue his writing to show the path for better life to the new generation and we will come again and again to participate in the book launching programmes.

Thank you

“নানা রবীন্দ্রনাথে গাঁথা একখানি মালা”

সুদক্ষিণা গুপ্ত

মাঝে মাঝে মনের মধ্যে একটা প্রশ্ন উকিঁ মারে। পৌরাণিক শ্রীকৃষ্ণ কি একই জন? না বহু? বৃন্দাবনের রাধার প্রেমিক যশোদাদুলাল কি মহাভারতের কুরুবংশ ধ্বংসকারী দ্বারকাধীশ? না আদতে বহু কৃষ্ণচরিত্রের অবস্থান ছিল, ঠিক যেমন ১২ জন মনু ছিলেন-বিবস্বান, সারস্বত ইত্যাদি? একই মানুষ বহু অশিষ্ট দমন করেছেন মথুরায় এবং বৃন্দাবনে, আবার গোপীদের সঙ্গে লীলা করেছেন, বাঁশী বাজিয়েছেন। দ্বারকায় রাজধানী তৈরী করেছেন, রাজ্যশাসন করেছেন, ভারতবর্ষের অন্য প্রান্তে গিয়েও অশিষ্টদমন করেছেন। এরপর মহাভারতের পর্বে যে কী করেছেন আর না করেছেন! কুরুসভায় দ্রৌপদীর লাজ রক্ষা করেছেন, পার্থের সারথি হয়েছেন। গীতার সৃষ্টি করেছেন, আর নিজে যুদ্ধ না করেও কুরুবংশ ধ্বংসের মূল কারণ হয়েছেন। তাঁকে ভগবান বিষ্ণুর অবতার বলা হয়, মনুষ্য জন্ম গ্রহণ করা সত্ত্বেও তিনি ঈশ্বর। ঈশ্বর তাঁর মধ্যে দিয়ে পৃথিবীতে লীলা করতে এসেছিলেন। সৃষ্টির পালন ও অশিষ্টের দমন। তাঁকে না জেনেই বাৎসল্য ভাবে, সখ্যভাবে, দাস্যভাবে, মাথুরভাবে সেবা করা হয়েছে। কারণ তিনি মানুষরূপে স্বয়ং ভগবান। কিন্তু প্রশ্নটা জাগে তাঁর চরিত্রটি নিয়ে। বৃন্দাবনের প্রেমিক কৃষ্ণের চরিত্রের সঙ্গে কুটবুদ্ধিদ্বারী সারথি কৃষ্ণের চরিত্রের কি কোনো মিল আছে রাধাকে ফেলে যাওয়া আর কুরুক্ষেত্রে কুরুবংশ ধ্বংস করা সবই কি কর্তব্যের খাতিরে? সবই কি সেই বিরাট ঈশ্বরের আসক্তিবহীন লীলাখেলা? তাই প্রশ্নটা জাগে, যে এরা কি আলাদা চরিত্র নাকি একই কৃষ্ণের বহু রূপ? যতই ঈশ্বরের অবতার হন, মনুষ্যজীবন ধারণকারীর গড় আয়ুষ্কালই তো তাঁর ছিল। এ চরিত্র ঐতিহাসিক, না পৌরাণিক, তাই তো জানা নেই। আরও বহু গবেষণা হবে নিশ্চয়ই, আরও নতুন তথ্য আবিষ্কৃত হবে হয়তো।

আধুনিককালের শ্রেষ্ঠ বাঙালী পুরুষ সম্বন্ধেও মাঝে মাঝে এই প্রশ্নটি জাগে আমার মনে। নেহাৎ তিনি চলে গেছেন গত শতাব্দীতেই মাত্র, তাঁর সংস্পর্শে আসা মানুষজন জীবিত ছিলেন এই মাত্র কয়েক বছর আগেই, তাঁকে দেখেছেন এমন অনেকে আজও আছেন। নেহাৎ বিজ্ঞান, প্রযুক্তি অনেকটাই মানুষের হস্তগত এখন, তাই এই প্রশ্নটি পাগলের প্রলাপ। আজ থেকে হাজার বছর পরে যদি বাংলা ভাষার অস্তিত্ব থাকে, তবে গবেষণার সময় হয়তো এই প্রশ্নটি উঠবে — রবীন্দ্রনাথ ঠাকুর কি এক না বহু।

একজন মানুষ যদি তিনি আর পাঁজজন স্বাভাবিক মানুষের মত হন, কী করে এত কাজ করতে পারেন? ধীরে ধীরে হয়ে উঠতে পারেন এক অথৈ সৃষ্টিসমুদ্র— যার তল নেই, কূল নেই? তাঁর কোন পরিচয়টিকে আমরা মুখ্য বলে ধরব? তিনি কি মুখ্যত একজন জমিদার? তাঁর পিতা অত সম্ভানের মধ্যে তাঁকেই ভার দিলেন জমিদারি সামলানোর। পূর্ববাংলা থেকে উড়িয়া-নানা জমিদারি রবীন্দ্রনাথ দেখাশোনা করলেন, রক্ষা করলেন। প্রজাদের সঙ্গে মিশলেন, তাঁদের ভালোমন্দের ভার নিলেন। তাঁর তো কোনো অর্থনীতির পাঠ ছিল না, কিন্তু কতদূর প্রজাবাৎসল্য থাকলে দরিদ্র প্রজাদের জন্য সমবায় সৃষ্টি করেন একজন জমিদার-তবে কি তাঁর পরিচয় একজন অর্থনীতিবিদের?

শান্তিনিকেতন আশ্রমে তিনি বিদ্যালয় স্থাপন করলেন, যে বিদ্যালয়ে বীজ বোনা হল বিশ্ববিদ্যালয়ের। দেশ বিদেশের প্রতিভা এসে জড়ো হলেন সেই আশ্রমে। রবীন্দ্রনাথের আকর্ষণেই তো তাঁরা এলেন। তাহলে এখানে তাঁর পরিচয় হল একজন শিক্ষাব্রতীর। সাধারণ গতানুগত বিদ্যালয় শিক্ষার বাইরেও যিনি আরও অনেকদূর ভাবলেন।

এই বিদ্যালয়ের কাছাকাছি তৈরী হল তাঁর শ্রীনিকেতন সেখানে তিনি হাতে কলমে শিক্ষার ব্যবস্থা করলেন। যা শুধু পাঠ্যবইয়ের শিক্ষা দেবে না, vocational training- এর মাধ্যমে স্বাবলম্বী হতে শেখাবে ছাত্রদের। তাকে কি তিনি আদতে একজন entrepreneurship গুরু?

রবীন্দ্রনাথের বিশ্বভারতীর জন্য অর্থের প্রয়োজন ছিল। অভিনব এই নামকরণটিও। এই অর্থসংগ্রহে তিনি বিশ্বভ্রমণ করেন। নাচের দল সৃষ্টি করেন। দেশবিদেশ থেকে তিনি নাচের প্রশিক্ষক আনান শান্তিনিকেতনে। কতটা আধুনিকমনস্কতা থাকলে তবেই একজন বাঙালী আজ যে একশো বছর আগে তথাকথিত ভদ্রঘরের মেয়েদের নৃত্যশিক্ষা দিতে ইতঃস্তত করেন না!

রবি ঠাকুর ছিলেন নৃত্যনাট্যকার গীতিনাট্যকার। এই দুটি form এর নাটক তাঁর আগে কেউ সৃষ্টি করেছেন কিনা জানা নেই। আর সৃষ্টি করেছেন নাটক— ঐতিহাসিক সামাজিক, প্রচুর রূপক। হ্যাঁ, তিনি নাট্যকারও বটে। আচ্ছা তিনি কি ঔপন্যাসিকও নন? যদি আর কিছু নাও লিখতেন তবুও ঔপন্যাসিক হিসাবেই তাঁর আসন পাকা হত। ঐতিহাসিক সামাজিক— কী উপন্যাস না লিখেছেন তিনি! বাংলায় ‘গোরা’র মতো কালজয়ী উপন্যাস আর কটি লেখা হয়েছে? শুধু এই একটি উপন্যাসই তো তাঁকে বাংলার সেরা ঔপন্যাসিকের মর্যাদা দেয়।

রবীন্দ্রনাথকে বাংলা ছোটগল্পের জনক বলা হয়। তৎকালীন বাংলার এমন কোনো সমস্যা নেই যা তাঁর ছোটগল্পে প্রতিফলিত হয়নি। সাহিত্য যে সমাজের দর্পণ তা তাঁর লেখা ছোটগল্পগুলি পড়লেই বোঝা যায়, তাহলে তিনি একজন ছোটগল্পকারও।

সম্ভরোধে রবীন্দ্রনাথ ছবি আঁকতে শুরু করেন। সে এক ব্যতিক্রমী আঁকা। কোনো স্কুলের শিল্পরীতির সঙ্গে তা মেলে না। কবিতা লেখার কাটাকুটির মধ্যে দিয়ে এই ছবি আঁকার শুরু। পরে তা ডালপালা মেলে কবির কল্পনার মধ্যে দিয়ে। তাই তিনি একজন স্বশিক্ষিত অভিনবরীতির শিল্পীও।

যে কারণে তাঁর বিশ্বখ্যাতি, তা অবশ্যই তাঁর কবিতা। বিশ্বকবি তিনি। তিনি নোবেল পুরস্কারপ্রাপ্ত। এর ওপর আর কথা হয় না। কিন্তু এ তো শুধু তথ্য। তত্ত্ব এই সে এবং তা প্রকৃত সত্যও বটে, যে কবিতার মধ্যে দিয়ে তা বাঙালীর স্মরণ মননে রাজত্ব করেন রবীন্দ্রনাথ। তাঁকে বাদ দিয়ে বাঙালীর এক পা হাঁটার উপায় নেই।

তবে রবীন্দ্রনাথ নিজেকে অমর ভাবতে চেয়েছেন অবশ্যই তাঁর গানের মধ্যে দিয়ে। আমরাও তাঁর গানের মধ্যে দিয়েই তাঁর ভুবনখানি দেখি, আর দেখি নিজেদেরও। কারণ বাঙালীকে যে তাঁর লেখা গান গাইতেই হয়, ২৫০০ গান— এবং তার সুরস্রষ্টাও তিনি। তিনি বাঙালীর শ্রেষ্ঠ গীতিকার ও সুরকার। এই অতল সৃষ্টিসমুদ্রের কি কোনো কুলকিনারা আছে? আমরা তো শুধু তার তীরে বসে কিছু নুড়িপাথরই কুড়োতে পারি। আর যিনি সেই সমুদ্রে একবার নামবার সাহস করেন। তিনি তাতে ভেসে ডুবে অন্তর্লীন হয়ে যান।

বলা হয়, মানুষের মনের সর্ব অবস্থার জন্যই তাঁর গান আছে। হ্যাঁ, তাই যখন লেখা প্রেম বা পূজা পর্যায়ের গান গাই, মনে হয় সেই গানটি তিনি আমার জন্য লিখেছেন। তাঁর প্রেম পর্যায় ও পূজা পর্যায়ের গান অনেক সময়ে মিলেমিশে যায়, তাঁর প্রেমের গানে যেমন আত্মনিবেদনের সুর থাকে, তেমন ঈশ্বরের প্রতি আত্মনির্ভর ও মাঝে মাঝেই হয়ে ওঠে দয়িতের প্রতি প্রেমনিবেদনের মতই। তাঁর লেখা বর্ষার গানে যেমন প্রকৃতি জেগে ওঠেন, তেমনই বসন্তের গানে উন্মনা হয় মন। তাঁর স্বদেশ পর্যায়ের গান মনে উন্মাদনা এনে দেয়। অবাক মুগ্ধ করে তাঁর বিচিত্র পর্যায়ের গান।

সব ছাপিয়ে রবীন্দ্রনাথের পরিচয় হল একজন দার্শনিকের উপনিষদে স্নাত তিনি, আধ্যাত্মিকতায় নিমজ্জমান তাই যে বাঙালী উপনিষদ পড়ে না, সে বাঙালীও তাঁর গানে ঐ দর্শনরত্নের সন্ধান পায়, যে রত্ন আনন্দের তবকে মোড়া। বুঝে পাই না তাঁর পূজা পর্যায়ের গান কী ভাবে নাস্তিকের চোখে জল আনে, কোন মস্ত্রে মুগ্ধ করে বামপন্থী তাত্ত্বিকদেরও।

নিজের জন্মদিনের কবিতায় তিনি নানা রবীন্দ্রনাথের গাঁথা একখানি মালা'র উল্লেখ করেছেন। সত্যিই এর থেকে বড় স্ববর্ণনা আর হয় না। তবু প্রশ্ন যেটা ওঠে, সেটা হল তিনি কি বছর মধ্যে এক, না একের মধ্যে বহু? তাঁর সব সৃষ্টি ছাপিয়ে সব পরিচয় ছাপিয়ে রবীন্দ্রনাথ উঠে আসেন একজন নাকি একই রবীন্দ্রনাথ বিভক্ত হয়ে যান বিচিত্র সৃষ্টির মধ্যে বিভিন্ন কর্মকাণ্ডে?

তাঁর আরও দুটি পরিচয়ের কথা এখানে না উল্লেখ করলেই নয়। সেগুলো হ'ল প্রবন্ধকার এবং পত্রলেখকের কবিতার মতই প্রবন্ধ তাঁর বিচিত্রগামী। এমন কোনো বিষয় নেই সম্ভবতঃ, যার ওপর তাঁর অতুলনীয় ভাষা রেখাপাত করে নি। তা স্বদেশই হোক বা অন্য কোনো বিষয়। অসংখ্য প্রবন্ধ তাঁর। শুধু এই পরিচয়েই তিনি পরিচিত হতে পারতেন।

আর অসামান্য তাঁর পত্রসাহিত্য। পত্রলেখকের থেকেও বড় তাঁর পত্রসাহিত্যিকের পরিচয়। আজও হয়তো সাধারণ্যে তাঁর কিছু পত্র অপ্রকাশিত আছে। একেকটি পত্র তাঁর একেকটি রত্নবিশেষ, হোক তা ছিন্ন।

আশ্রমে তিনি গুরুদেব, সাধারণের কাছে তিনি কবিগুরু বাঙালী তাঁকে ভালোবেসে নাম দিয়েছে বিশ্বকবি। কারণ ভুবনজোড়া আসন তাঁর, তা আমরা আমাদের হৃদয়ে বিছাতে চাই।

এতগুলো পরিচয়ের ভার বহন করতে হয় যাকে তাঁর নাম রবীন্দ্রনাথ ঠাকুর। যাঁরা তাঁকে কেবলমাত্র কবির পরিচয়ে আবদ্ধ রাখতে চান, তাঁরা তাঁর উপরিউক্ত আর সব পরিচয়ের কথা ছেড়ে দিলেও ভুলে যান যে আর সব কিছুর উর্দে উঠে তিনি একজন দার্শনিক, যাঁর মধ্যে ভারতের সব দর্শন এসে বাসা গড়েছে, যাঁর তুল্য দার্শনিক ভারতবর্ষে আর কতজন এসেছেন সন্দেহ আছে।

বিশ্বসাহিত্যে এমন বিপুল সৃষ্টি আর কারও দ্বারা সম্ভব হয় নি। একই জীবনে এমন বহু কর্মসাধনও সম্ভবত কম মানুষের জীবনেই ঘটেছে। রাষ্ট্রনায়ক ছিলেন না তিনি, রাষ্ট্র প্রদত্ত ক্ষমতা ছিল না তাঁর, শুধু নিজস্ব এক বিরল ক্ষমতার অধিকারী ছিলেন তিনি। তা হল আত্মশক্তি।

পশ্চিমে তিনি সেন্ট (Saint) -এর পরিচয় পেয়েছেন, কোনো কোনো ধর্মভীরু তাঁকে যীশু মনে করেছেন, স্বদেশে তিনি কখনো পূজিত, কখনো অপমানিত। তবু তিনি বেঁচে থাকতেই একজন প্রতিষ্ঠান। যত সংখ্যক ভাষায় তাঁর সাহিত্য অনূদিত হয়েছে, তা সত্যিই বিশাল। এক পরাধীন দেশের একটি আঞ্চলিক ভাষা শুধু তার জন্যেই বিশ্বসাহিত্যে স্থান পেয়েছে, আর কোনো ভাষার সে সম্মান জোটেনি।

বড়ো অল্লবয়স থেকে, বড় কাছ থেকে মৃত্যু দেখেছেন রবীন্দ্রনাথ সারাজীবন। বহুবার বহু অসম্মান, বহু অবমাননার শিকার হয়েছেন, যা তাঁর কোনোভাবেই প্রাপ্য ছিল না। শোনা যায় কয়েকবার আত্মহত্যার কথাও ভেবেছেন তিনি। তবু কলম থামেনি তাঁর। ভাবতে শিউরে উঠি কী সর্বনাশ হত মানুষের, যদি মাঝপথে তাঁর কলম থেমে যেত, আর ভাবি যাঁর বা যাঁদের জীবনে রবীন্দ্রনাথ নেই, তাঁদের জীবনে কি বিরাট শূন্যতা, তাঁরা নিজেরাই তা জানেন কি-না।

রীতা দে-র গল্পের ওপর একটি আলোচনা

ড. কেতকী দত্ত

“কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও/ তারই রথ নিত্যই উধাও/ জাগাইছে
অন্তরীক্ষে হৃদয়স্পন্দন/ চক্রে পিষ্ট আঁধারের বন্ধ ফাটা তারার ক্রন্দন।”

এই যে ধাবমান কাল যার অনুরণন রবীন্দ্রনাথ তাঁর ‘শেষের কবিতা’ তথা অন্যান্য উপন্যাসের ছেঁে ছেঁে স্ফুরিত করেছেন, তাই যেন শুনতে পাই সূর্যসেনার প্রতিনিয়ত অন্তরোন্মেষের মাধ্যমে। সেলাই মেশিনের সামনে সে সূর্যসেনা ঠায় বসে গোপাল ঠাকুরের পরিধেয় প্রস্তুত করতে ব্যস্ত সেই সূর্যসেনাই বিশ্বচরাচরের ক্রমধাবমান কালের হাতে এক অসহায় ক্রীড়ণক মাত্র। Virginia Woolf অথবা James Joyce-এর stream of consciousness technique-এর ব্যবহার দেখি। তাই যেন লেখিকা ড. রীতা দে তার সূর্যসেনার প্রতিমুহূর্তের আচরণের মধ্যে পরিস্ফুট করে তোলেন। যে সূর্যসেনা তার সেলাই-এর কাজের সাথে সাথে সূর্যের পরিক্রমার এক সমতা রেখে চলেন—

যে সূর্যসেনা প্রতিনিয়ত কাজের মধ্যে স্বামী বিবেকানন্দের কর্মই পূজা অনুসরণ করে চলেন সেই সূর্যসেনা মুহূর্তের মধ্যে বেঁধে ফেলেন বিশ্বজগতের এক অনুচ্চারিত মন্ত্র “চরবেতি চরবেতি”, অন্ধকার কক্ষে কাজ, ভাবনার অবকাশ, ভাবনার বিস্তার, ভাবনার পরিসমাপ্তি সবই অল্প পরিসরে ড. রীতা দে নিখুঁত গল্প বলার ভঙ্গিমায় যেন আরশীতে সূর্যদেবের প্রতিফলন যেন অনায়াস প্রয়াসের মত।

ড. রীতা দে গল্প বলেন, সূর্যসেনাকে সৃষ্টি করেন, সূর্যসেনার মাধ্যমে অনেক নারীকে যারা জীবনে খুঁজে ফেরে এক অন্য খানে। প্রতিদিনের প্রতিমুহূর্তের প্রাত্যহিকতার পরিসমাপ্তি ঘটে তার ভাবনার উচ্চশিখর আরোহণে, তাই এই গল্প সূর্যসেনা নিছকই এক গল্প নয়- এ এক জীবন প্রশ্নের উত্তর অনুসন্ধানের অপূর্ব সুযোগ।

‘এই উঠি এই বসি

এই শুই এই গান গাই।।

কি গান কাহার গান,

কি সুর কি ভাব

তার ছিল আজ

মনে নাই।— অক্ষয়কুমার বড়াল (মধ্যাহ্নে)

জীবনের এই দোলাচলতা, জীবনের অনিশ্চিত এবং নিশ্চিতের মেলবন্ধন, কর্মপটুতা ও অবকাশের এক নিরবচ্ছিন্ন চিত্র অঙ্কন করেন ড. রীতা দে। ভার্জিনিয়া উল্ফ তাঁর ‘Common reader’-এ লিখেছেন ‘Life is not a series of gig lamps’ Descartes বলেন— I think therefore I am (Cogito ergo sum), Hegel-এর Theory of opposites উল্লেখ করে যদি বলি তবে সদর্থক-নঞর্থক, চাওয়া-পাওয়া, না পাওয়া-চাওয়া কর্ম-কর্মাবকাশ সবকিছুর বৈপরীত্য— সবমিলিয়েই গড়ে ওঠে ড. রীতা দে-র রক্তমাংসের মধ্যবিন্দু সংসারের সূর্যসেনা। সে সূর্যের সেনা কি না— জানি না তবে সে এক সার্থক জীবনযোদ্ধা বটে।

বাঙালির জাদু-চর্চা

দিগম্বর দাশগুপ্ত

যে বিদ্যার প্রভাবে মানুষকে মুগ্ধ করা যায় তাই হল জাদু এবং আমাদের দেশ ভারতবর্ষ হল প্রকৃত জাদুবিদ্যার জন্মভূমি। এটা আমাদের গর্বের বিষয় যে সারা বিশ্বের কাছে ভারতবর্ষ জাদুর দেশ বলে বিখ্যাত এবং বিশ্বের বিস্ময়কর ও বিখ্যাত খেলাটিও একটি ভারতীয় খেলা। তা হল ‘ভারতীয় দড়ির খেলা’ বা India Rope trick অত্যাশ্চর্য এ খেলাটি কখনও কোথাও দেখানো হয়েছিল কি না, সে বিষয়ে অনেকের মনে সংশয় আছে। হয়তো এটি একটি কিংবদন্তি। কিন্তু এর পরই যে খেলাটি সারা পৃথিবী-বিখ্যাত, সেটিও একটি ভারতীয় খেলা— India Basket trick বা ‘ভারতীয় বুড়ির খেলা’। চমক লাগানো এই খেলাটি এখনও ভারতের মাদারীরা (ভ্রাম্যমান বেদে জাদুকরেরা) মাঠে- ময়দানে পথের ধারে দেখিয়ে থাকে। এ প্রসঙ্গে বিখ্যাত মার্কিন জাদুকর ভার্জিল (Virgil) ও তাঁর স্ত্রী জুলি (Juline) কলকাতায় খেলা দেখাতে এসে মাদারীদের এই বুড়ির খেলা দেখে তাদের কৃতিত্বে বিস্মিত হয়ে ভূয়সী প্রশংসা করে গিয়েছিলেন।

ভারতের জাদু যেমন সারা বিশ্বে বিখ্যাত, তেমনি বাংলার জাদু বা ‘বঙ্গালি জাদু’ সারা ভারতে বিখ্যাত এবং সমাদৃত। পুরাতন গ্রন্থ ও সাময়িক পত্র-পত্রিকা অনুসন্ধান করে দেখা যায় অন্যান্য কলা-চর্চার ক্ষেত্রেও বাঙালিরাই বরাবর অগ্রণী হয়ে এসেছে। এ ব্যাপারে সারা ভারতে বহুকাল ধরেই সুনাম ছিল এবং এখনও রয়েছে। ভারত সম্রাট জাহাঙ্গীর তাঁর আত্মজীবনী ‘জাহাঙ্গীরনামায়’ জানিয়েছেন, একবার বাংলাদেশ থেকে সাতজন বাঙালি জাদুকর তাঁর দরবারে এসে এমন কয়েকটি অসাধারণ এবং অত্যাশ্চর্য খেলা দেখিয়েছিল, যা তাঁকে বিস্মিত করেছিল। কিন্তু দুঃখের বিষয়, তাঁদের খেলাগুলির বিবরণ জানালেও সেই বঙ্গ সন্তানদের কোনও বিবরণ তিনি জানাননি। জানা গেলে বাঙালির জাদু-চর্চার ইতিহাসে হয়তো তাঁদেরকেই প্রথম বাঙালি জাদুকর হিসেবে চিহ্নিত করা যেত। তবে তাঁর লেখায় বাঙালি জাদুকরদের সপ্রশংস উল্লেখ করে, সেই সপ্তদশ শতাব্দীর সময় থেকেই জাদুকরদের জাদু দক্ষতার বিশেষ সম্মান ছিল।

কিংবদন্তিতে শোনা যায়, আত্মারাম সরকার নামে এক অসামান্য বাঙালি

জাদুকরের কথা। কথিত আছে, অলৌকিক শক্তিসম্পন্ন ভূত-সিদ্ধ পুরুষ আত্মারাম তাঁর পাঙ্কি ভূতদের দিয়ে বওয়াতেন এবং শেষে নাকি তাদের হাতেই তাঁর মৃত্যু ঘটেছিল। এ বিষয়ে পি. সি. সরকার জুনিয়রের মুখে শুনেছি একটু ভিন্ন কথা। তাঁর কথায়, তিনি তাঁর পিতৃদেবের মুখ থেকে শুনেছিলেন, যাদুজগতের এই প্রবাদপ্রতিম ঐন্দ্রজালিক ছিলেন তাঁদের পরিবারের-ই একজন বিজ্ঞান-মনস্ক, সমাজ সচেতন প্রতিভাধর ব্যক্তি। সংগীত, নাটক প্রভৃতি শিল্প ছাড়াও তাঁর পারদর্শিতা ছিল স্বরক্ষিপণ (Ventriloquism) সম্মোহন বিদ্যা (Mesmerism) ও হস্ত কৌশলের খেলাতে। কিন্তু ব্রহ্মজ্ঞানী পন্ডিতেরা ভুলবশত তাঁকে ভূত-প্রেতের উপাসক মনে করে নৃশংসভাবে হত্যা করেছিলেন। এ ব্যাপারে সত্য যাই হোক, এ সবই ছিল অলৌকিক বা অতিপ্রাকৃত ব্যাপার যা নিয়ে আলোচনায় না গিয়ে আমাদের আলোচনাকে আবদ্ধ রাখব তাঁদেরকে নিয়ে, যাঁরা অলৌকিক জাদু-প্রদর্শন করে জনগণের কল্পনাকে নাড়া দিতে সক্ষম হয়েছিলেন। এক্ষেত্রে উভয় বাংলার জাদু-চর্চার ইতিহাসে সর্বপ্রথম যে নামটি ব্যাপকভাবে বিখ্যাত, তিনি গণপতি চক্রবর্তী (১৮৫৮-১৯৩৯)। এবং বলা যায়, বাংলাদেশে আধুনিক জাদু চর্চার তিনিই ছিলেন জনক, যাঁর কাছে বাংলার জাদু জগৎ অবিস্মরণীয়ভাবে ঋণী। গণপতির আগেও যে আর কোনও বাঙালি জাদুকরের কথা শোনা যায়নি তা নয়, কিন্তু তাঁদের জাদু-খ্যাতি ছিল অত্যন্ত সীমাবদ্ধ।

ভারতের জাদু-চর্চার ইতিহাসে চিরস্মরণীয় গণপতি ছিলেন অত্যন্ত অবস্থাপন্ন জমিদার বাড়ির ছেলে কিন্তু লেখাপড়ায় মতিগতি না থাকায় কিশোর বয়সে তিনি বাড়ি থেকে পালিয়ে যান। বাংলার বাইরে গিয়ে তিনি সাধু, সন্ন্যাসীদের দলে মিশে তাঁদের কাছ থেকে নান স্থানে ঘোরাঘুরির সময় দু'একজন জাদুকরের সান্নিধ্যেও আসেন। তার থেকেই তাঁর জাদু-জীবনের সূত্রপাত। এরপর দেশে ফিরে তিনি যোগ দেন সে সময়ের 'বোসেস সার্কাস' নামে এক বিখ্যাত সার্কাস দলে এবং তাদের সঙ্গে ঘুরে ঘুরে শুধু ভারতে নয়, ভারতের বাইরেও কিছু কিছু জায়গায় জাদু দেখিয়ে অতি অল্প সময়ের মধ্যে খ্যাতি অর্জন করেন। নানারকম হস্ত-কৌশলের খেলার পারদর্শী গণপতির প্রধান খ্যাতি ছিল সবরকম বন্ধনদশা থেকে অতি দ্রুত মুক্তি লাভের খেলাতে, যাতে ইংরেজিতে (Escapes) বলা হয়। এ জাতীয় খেলার জন্য বিখ্যাত ছিলেন মার্কিন জাদুকর হ্যারি হুডিনি (Harry Houdini)। গণপতির এ জাতীয় খেলার মধ্যে দুটি প্রধান ও প্রসিদ্ধ খেলা ছিল 'বাক্সের খেলা' (Illusion Tree) যা বোসেস সার্কাসের শ্রেষ্ঠ আকর্ষণ ছিল। এখানে সংক্ষিপ্তভাবে খেলা দুটির বিবরণ দান, মনে করছি, অপ্রাসঙ্গিক হবে না।

তাঁর আশ্চর্য 'বাক্সের খেলার' বাক্সটি ছিল কাঠের, যা দর্শকরা আগেভাগে ভাল করে দেখে নিতেন যে তার মধ্যে কোন রকম কারসাজিতে আছে কী নেই। এরপর সেই

বাক্সের ভেতর হাত-পা বাঁধা গণপতিকে একটি কাপড়ের থলির মধ্যে রেখে থলির মুখটি বেঁধে তা বাক্সের মধ্যে পুরে দিয়ে তালা বন্ধ করে দেওয়া হত। যাদুকর গণপতি রহস্যময়ভাবে সে অবস্থা থেকে বেরিয়ে জনসমক্ষে এসে আবার তার ভেতরে ঢুকে যেতেন। তারপর বাক্সটি খুলে তার ভেতরের থলিটির মুখের বাঁধন খুলে ফেললে দেখা যেত, গণপতি তার ভেতরে আগের তেমনি হাত-পা বাঁধা অবস্থাতেই রয়েছেন। তাঁর দ্বিতীয় প্রধান খেলা বা অদ্বিতীয় ছিল *Illusion Tree*। ওটি নামে গাছ হলেও আসলে ছিল একটি খাড়া ক্রসের মতো কাঠের ফ্রেম যা একটি কাঠের পাটাতনের (Platform) ওপর খাড়া করে আটকানো থাকত। যাদুকর গণপতিকে কোট ও ট্রাউজার পরা অবস্থায় ঐ ফ্রেমের ছক ও কড়ার সঙ্গে শেকল, হাতকড়া ইত্যাদির সাহায্যে এমনভাবে আটকে রাখা হত যে অন্যের সাহায্য বিনা তা থেকে মুক্তি পাওয়া সম্ভব ছিল না এবং সেই অবস্থায় তাঁকে একটি পর্দা দিয়ে ঢেকে দেওয়ার সঙ্গে সঙ্গে কোট ও ট্রাউজার পর্দার ওপর দিয়ে তিনি ছুঁড়ে ফেলে দিতেন। পর্দা সরিয়ে নিলে দেখা যেত, ঐ ফ্রেমের সঙ্গে গণপতি গায়ে পরণে আন্ডারওয়্যার পরে বন্দী রয়েছেন। আবার পর্দার ওপর দিয়ে কোট ও ট্রাউজার তাঁর কাছে ছুঁড়ে দেওয়ার অল্প পরেই পর্দা সরিয়ে নিলে দেখা যেত গণপতি ছুঁড়ে দেওয়া পোশাক পরে আগের মতোই বন্দী অবস্থা বজায় রেখেছেন। দর্শকদের কিছুতেই বোধগম্য হত না কীভাবে অত দ্রুত তিনি পোশাক পরিবর্তন করতেন। এমনকি অনেক শিক্ষিত ব্যক্তিরাও মনে করতেন, খেলা দুটি তিনি কোনও অলৌকিক শক্তির সাহায্যেই করে দেখাতেন। এ দুটি প্রধান খেলা ছাড়াও তাঁর আর একটি আশ্চর্য খেলা ছিল, ‘কংস কারাগার’ যেখানে খেলার কারাগারটি ছিল লোহার শিক আর ফ্রেম দিয়ে তৈরি একটি খাঁচা, যে খাঁচার ভেতরে গণপতিকে শেকল, হাতকড়ি, আর পায়ে বেড়ি দিয়ে আটকে রাখা হত। তারপর খাঁচাটিকে একটা কাপড় দিয়ে ঘিরে দেওয়া হলে, বাসুদেব যেমন কংস রাজার কারাগার থেকে বেরিয়ে এসেছিলেন, তেমনি রহস্যময়ভাবে গণপতিও লৌহ কারাগার থেকে বেরিয়ে এসে দর্শকদের মনে বিস্ময় জাগাতেন। সার্কাস দলে যখন তাঁর এই জয়জয়কার, তখন তিনি সেখান থেকে বেরিয়ে এসে স্বাধীনভাবে গড়ে তোলেন একটি জাদু-প্রদর্শনীর দল, যা, সার্কাসের মতো তাঁবু খাটিয়ে সারা বাংলা এবং বাংলার বাইরে জাদু দেখিয়ে প্রচুর অর্থ উপার্জন করে এদেশে সর্ব প্রথম প্রমাণ করেন জাদু দেখিয়েও প্রচুর টাকা আয় করা সম্ভব। সেদিক দিয়ে তিনি পথ প্রদর্শক এবং আমাদের জাদু সম্ভাট।

গণপতির সময়কালে আর দু’জন বিরাট জাদুকর ছিলেন, যাঁদের একজন রাজা বোস ওরফে রিপন বসু (১৮৮৬-১৯৪৮) ও অন্যজন যতীন্দ্রনাথ রায় (১৮৯১-১৯৭৭) যিনি, ‘রয় দি মিস্টিক’ মঞ্চনামে ছিলেন পরিচিত এবং বিখ্যাত। বাংলা তথা ভারতের যাদু-চর্চার ইতিহাসে জাদু বিশেষজ্ঞদের মতে যে চারজন যাদুকরকে সেরা বলে মনে

করা হয়, তাঁরা হলেন গণপতি, রাজা বোস, যতীন্দ্রনাথ এবং পি.সি (প্রতুলচন্দ্র) সরকার। শেষোক্ত তিনজন ছিলেন গণপতির চেয়ে বয়সে অনেক ছোট কিন্তু যাদুর খেলায় তিনজনই ছিলেন দিকপাল। বিশ শতকের প্রথম দিকে অনন্য যাদুকর রাজা বোস চামড়ার কাজ শেখার জন্য পাড়ি দিয়েছিলেন ইংল্যান্ডে। সেখানে যাওয়ার আগে অর্থাৎ এদেশে থাকাকালীন কিছু কিছু জাদুর খেলা তাঁর রপ্ত ছিল। পরে ইংল্যান্ডে গিয়ে সখের জাদুকর হিসেবে তিনি এতটাই নাম করেন যে অনেকেই তাঁকে পেশাদার জাদুকর হতে পরামর্শ দেন। তখন তিনি চামড়ার কাজ শেখা ছেড়ে দিয়ে পেশাদার হয়ে সেখানকার পেশাদারি মঞ্চ নেমে অত্যন্ত জনপ্রিয় হয়ে ওঠেন। এ সময় ওখানকারই এক ইংরেজ মহিলা যাদু সহকারিণীকে (Lady Assistant) তিনি দ্বিতীয় স্ত্রী-রূপে গ্রহণ করেন। পরে সেই বিদেশিনী স্ত্রী কিছু ইংরেজকে সহকারী হিসেবে নিয়ে গড়ে তোলেন একটি চমৎকার জাদু দল। পরে সেই দল নিয়ে বাংলার ছেলে বাংলায় ফিরে এসে কিছুদিন অসাধারণ জাদু-প্রদর্শন করে সারা দেশে হৈ-চৈ ফেলে দেন। বস্তুত তাঁর আগে তাঁর মতো অতি উচ্চমানের জমকালো ও বৃহৎ জাদু-প্রদর্শনী এদেশে দেখা যায়নি। কিন্তু তাঁর ইংরেজ পত্নীর এদেশের প্রাকৃতিক এবং বিশেষ করে সামাজিক আবহাওয়া সহ্য না হওয়ায় তিনি ইংল্যান্ডে ফিরে যান। তখন যাদুকর রাজা বোস পেশাদারি জাদু ছেড়ে দিলেও মাঝে মাঝে ঘরোয়া বৈঠকে অথবা চ্যারিটি শো-তে যে সব দেখাতেন, তা ছিল যেমন উচ্চমানের তেমনি উপভোগ্য। তিনি এক সময় কলকাতার স্টার থিয়েটারের সঙ্গে কিছুদিন যুক্ত ছিলেন। সেখানে যে সব নাটক অভিনীত হত, সেই সব নাটকে কিছু কিছু জাদুর দৃশ্য-পরিকল্পনা এবং পরিচালনার জন্য তিনি ছিলেন সেখানকার মঞ্চ উপদেষ্টা। মঞ্চের-নাটকে জাদু-বিশ্বাস সৃষ্টির কাজে তিনি বিলেতে থাকাকালীন শিক্ষানবিশী করে দক্ষতা অর্জন করে এসেছিলেন। নমুনা স্বরূপ উল্লেখ করা যায় “শ্রীকৃষ্ণ” নাটকে পূর্ণ আলোকিত মঞ্চের ওপর তাঁর উড়ন্ত সুদর্শন চক্রের দ্বারা আশ্ফালনরত শিশুপালের মুভ ছেদন ও ‘সাবিত্রী সত্যবান’ নাটকে ধোঁয়ার কুন্ডলির মধ্য থেকে যমের আত্মা বির্ভাব ও তার রহস্যময় অন্তর্ধানের জাদু পরিকল্পনা। এ ছাড়া ‘আত্মদর্শন’ নাটকে তাঁর সৃষ্টি দুটি বিশ্বয়কর দৃশ্য ছিল : দর্শকদের চোখের সামনে জলে এবং কাউকে ছাই-এ পরিণত করা। সুদর্শন ও অত্যন্ত সুপুরুষ রাজা বোস পুরোপুরি ইংরেজ স্টাইলে অতি নিখুঁতভাবে এবং দ্রুত গতিতে জাদু-প্রদর্শন করতেন। মঞ্চের তাঁর অভিনয় ক্ষমতাও ছিল অসাধারণ। তাঁর নানা খেলার মধ্যে সবচেয়ে মর্মস্পর্শী ও বিশ্বয়কর খেলা ছিল ‘The return of the she’ এটি ছিল ইংল্যান্ডের বিখ্যাত জাদুকর ডেভিড ডেভান্টের প্রিয় খেলা ‘শিল্পীর স্বপ্ন’ (Artist’s dream) অনুসরণে পরিকল্পিত। খেলাটিতে রাজা বোস স্বয়ং একজন শিল্পীর ভূমিকায় অবতীর্ণ হয়ে তাঁর মৃত্যু পত্নীর ছবি আঁকতেন এবং ছবিটি আঁকা সম্পূর্ণ হয়ে গেলে ক্লান্ত দেহে ঘুমিয়ে পড়তেন। তখন ঐ ছবিটি জীবন্ত হয়ে তাঁর

লোকান্তরিত পত্নীর রূপ নিয়ে ঘুমন্ত শিল্পীকে জাগিয়ে তুলত। তারপর কিছুক্ষণ তাঁকে সাহচর্য দিয়ে আবার তাঁর কাছ থেকে বিদায় নিয়ে ঐ ছবির মধ্যে বিলীন হয়ে যেত। এখানে যেমন জাদুর বিস্ময় ছিল, তেমনই পত্নীর ভূমিকায় তাঁর স্ত্রী-র এবং শিল্পীর ভূমিকায় তাঁর অভিনয় ছিল অত্যন্ত মর্মস্পর্শী।

এবার বলি অসামান্য জাদুকর যতীন্দ্রনাথ রায়ের কথা। তিনি জাদুচর্চায় মেতেছিলেন সেকালের বিশিষ্ট জাদুকর এমিন সুরাবর্দির অসাধারণ জাদুপ্রদর্শন দেখে। সুরাবর্দি ছিলেন মেদিনীপুরের এক সম্ভ্রান্ত মুসলমান বংশের উচ্চশিক্ষিত সন্তান এবং অত্যন্ত উদার ও প্রগতিশীল মানুষ। তিনি কেন যে জাদু বিদ্যাকে বেছে নিয়েছিলেন, সে রহস্য অনেকের কাছে অজ্ঞাত। তাঁর সঙ্গে দেশের রাজা-বাদশা থেকে শুরু করে উচ্চরাজকর্মচারীদের বন্ধুত্ব ছিল এবং অনেকেই ছিলেন তাঁর পৃষ্ঠপোষক। মূলত রাজা-রাজদার দরবারেই ছিল তাঁর খেলার চাহিদা। তাই বলে আমজনতার জন্য যে কখনও কখনও পাবলিক শো তিনি করেননি, তা নয়। তাঁর লাভাণ্যময়ী সহকারিণীকে শূন্য মার্গে ভাসিয়ে রাখার একটি মাত্র খেলা দেখেই যতীন্দ্রনাথ সংকল্প করেন তিনি এমিনের মতোই যাদুকর হবেন কিন্তু সে বাসনা মনে নিয়ে তিনি তাঁর কাছে যাদু শিখতে গেলে এমিন সাহেব তাঁকে নিরাশ করেন। তিনি তাঁকে জাদুকর হতে সাহায্য না করলেও ‘m’ নামক অমূল্য বইখানি ও এক বাই-সিকল মিস্ত্রী এ ব্যাপারে তাঁর সহায়ক হন এবং আশ্চর্যের কথা তিনি বিদেশী জাদুকরদের জাদু-প্রদর্শনের ছবি দেখে ও তাঁদের ভঙ্গী অনুসরণ করে অনেক খেলার সঙ্গে এমিনের দেখানো ‘শূন্যে ভাসমান বালিকা’ ‘m’ নামে খেলাটিও আয়ত্ত করেছিলেন। এবং সেটি একেবারে নিজস্ব স্টাইলে তিনি তাঁর এক সহকারী নেপালি ছেলেকে বালিকা সাজিয়ে শূন্যে ভাসিয়ে দেখাতেন। তাঁর বিস্ময়কর খেলাগুলির মধ্যে ‘মাল্টিপ্লাইং বিলিয়ার্ড বল’, ‘চাইনিজ লিকিং রিংস (কতকগুলি বড় রিং পৃথক পৃথক দেখিয়ে একটির ভেতর আর একটি রহস্যজনকভাবে ঢুকিয়ে আবার বিচ্ছিন্ন করা) ‘রাইজিং কার্ভস’, ‘মেন্টাল টেলিপ্যাথি’ ইত্যাদি এমন দক্ষতার সঙ্গে দেখাতেন যে তা শুধু দর্শকদের তাক লাগিয়েই ছাড়ত না, তাঁরা মনে করতেন তিনি যা খুশি তাই-ই অনায়াসে করতে পারেন। তার খেলা দেখাবার স্টাইলটিও ছিল অনবদ্য, সেই সঙ্গে খেলার ভান্ডারটিও ছিল অফুরন্ত। তাঁর ছেলে, ব্যাক্সের অবসর প্রাপ্ত অফিসার অতীন রায়ের মুখে শুনেছি, একবার এক বেতার ভাষণে তাঁর পিতৃদেব বলেছিলেন, যদি পুনর্জন্ম বলে কিছু থাকে, তাহলে প্রার্থনা থেকে বোঝা যায়, যাদু-প্রাণ যতীন্দ্রনাথ যাদুশিল্পের প্রতি কী ভীষণ ভালোবাসা ও শ্রদ্ধা পোষণ করতেন।

গণপতির সমসাময়িক জাদুকরদের পরে যাঁদের পরে যাঁদের কথা বলতে হয়, তাঁরা হলেন তাঁরই তিন শিষ্য হরিপালের জাদু-প্রভাকর দুলালচন্দ্র দত্ত (ডি. সি. দত্ত),

বরানগরের জাদু-সূর্য দেবকুমার ঘোষাল এবং জাদু-সম্রাট প্রতুল চন্দ্র (পি. সি) সরকার। তিন জাদুকরই গণপতি প্রবর্তিত জাদুর ধারাটিকে অক্ষুন্ন রেখে তাকে আরো প্রশস্ততর করেছিলেন তাঁদের একান্ত নিষ্ঠার দ্বারা।

প্রথমে আসি মঞ্চসফল জাদুকর ডি. সি. দত্ত ওরফে দুলাল চন্দ্রের কথা। গণপতির অন্যতম তথা প্রধানতম শিষ্য দুলালচন্দ্র বালক বয়সে মাদারীদের খেলা দেখে জাদু শেখার জন্য আগ্রহী হন এবং পরবর্তী কালে অনন্য জাদুকর হিসেবে প্রতিষ্ঠা পান। ভারতবর্ষের নানা প্রদেশে এবং ভারতের বাইরে মধ্যপ্রাচ্য, মস্কো ও নেপালে তাঁর অসামান্য জাদু প্রদর্শন তাঁকে এনে দেয় বহু গৌরব ও সম্মান-পদক। বহু বিদগ্ধজন তাঁর ‘ইলিউশন বক্স’ ‘তরুণী দ্বি-খন্ডিত করণ’ এবং একাধিক জাদুনাট্য দর্শনে মুগ্ধ হয়ে তাঁকে নানা বিশেষণে ভূষিত করেছিলেন। তাঁর খেলা দেখে মুগ্ধ হয়ে নেপালের রাজা ত্রিভুবন তাঁকে ‘ভারত-গৌরব’ আখ্যায় ভূষিত করেন। নানা পৌরাণিক কাহিনিকে আশ্রয় করে তাঁর পরিকল্পিত খেলাগুলি জনমনে আশ্চর্য মায়াজাল সৃষ্টি করত। এমন একটি জাদুনাট্য ‘মহিষাসুর মর্দিনী’, যা জার্মানির ফাউস্ট জাদুনাট্যের কথাকে মনে করিয়ে দেয়। গণপতির অপর শিষ্য দেবকুমার ঘোষাল ওরফে দেবকুমার (১৯২৩) যখন মাত্র ১২ বছরের কিশোর, তখনই তাঁর শরীর চর্চার সঙ্গে চলত লাঠি খেলা, ছোরা খেলা ও যুযুৎসুর মহড়া। পরে তাঁকে পেয়ে বসে জাদু শেখার নেশায় এবং ঈশ্বর তাঁকে জাদুকর করবেন বলেই পাইয়ে দেন গুরু হিসেবে গণপতিকে। গণপতি যে বরানগর অঞ্চলেই থাকেন, এ কথা জেনে কিশোর দেবকুমার একদিন হাজির হন তাঁর কাছে এবং তাঁকে তাসের খেলা দেখিয়ে মুগ্ধ করলে সানন্দে গণপতি তাঁকে তাঁর শিষ্য করে নেন। জাদুজীবনের শুরুতে দেশের বিভিন্ন প্রান্তে ঘুরে ঘুরে যে সব খেলা তিনি দেখাতেন, তা ছিল ছোট ছোট খেলা যাকে ইংরেজিতে বলে Impromptu Conjuring। কিন্তু পরে Illusion-এর যুগে তিনি মঞ্চে অবতীর্ণ হন এবং একেবারে নিজের স্টাইলে ও পদ্ধতিতে সেসব দেখিয়ে প্রভূত জাদু-খ্যাতি অর্জন করেন। তাঁর প্রিয় এবং বিখ্যাত খেলাগুলির মধ্যে ‘ভীষ্মের শরশয্যা’ (তরোয়ালের ওপর একটি মেয়েকে শায়িত করে পরে সেগুলি সরিয়ে নিয়ে মেয়েটিকে শূন্যে ভাসিয়ে রাখা) ‘টাকা উৎপাদন,’ Transformation of sex’ ইত্যাদি যেমন চিত্তাকর্ষক ছিল, তেমনই উপভোগ্য এবং তা দর্শকদের সামনে উপস্থাপন করতেন সম্পূর্ণ ভারতীয় আঙ্গিকে। ডাক্তার বিধানচন্দ্র রায় থেকে বিমলাপ্রসাদ চালাহা, এরকম বহু বিখ্যাত মানুষের তারিফ কুড়োনো দেবকুমার চোখ বাঁধা অবস্থায় দিল্লি এবং কলকাতার মতো জনবহুল রাস্তায় যে দ্রুত গতিতে মোটর বাইক ও জিপ চালানোর খেলা দেখিয়েছিলেন, তার তুলনা ছিলেন তিনি নিজেই। এবার বলি বিশ্ববিখ্যাত যাদুসম্রাট পি. সি. (প্রতুলচন্দ্র) সরকারের কথা। গণপতির তিন শিষ্যের মধ্যে তিনি ছিলেন প্রধানতম তার কারণ অন্য আর কোনও জাদুকর তাঁর মতো এত

দেশভ্রমণ করেন নি এবং জাদু প্রদর্শন করে এত বেশি অর্থ উপার্জনও করতে পারেন নি। অসামান্য জাদুকর গণপতির জাদু দেখে প্রতুল চন্দ্র জাদুতে অনুপ্রাণিত হলেও প্রত্যক্ষভাবে অর্থাৎ হাতে কলমে তাঁর কাছ থেকে খুব বেশি কিছু শেখেননি তিনি এবং বড় কথা, গুরুর অনুসরণের তিনি দুঃস্বপ্ন গণপতি না হয়ে হয়েছিলেন একনস্বর পি. সি. সরকার তথা ভারতের শ্রেষ্ঠতম জাদুকর। ১৯৫০ সালে তিনি ভারতের একমাত্র প্রতিনিধিরূপে আমেরিকায় অনুষ্ঠিত বিশ্ব জাদুকর সম্মেলনে যোগ দিতে যান। তার কয়েক বছর আগে এ দেশে এসেছিলেন বিখ্যাত আমেরিকান জাদুকর জ্যাক গুইন (Jack Gwanne), যিনি সরকারের জাদু দেখে তাঁকে ভারতের শ্রেষ্ঠ জাদুকর বলে মনে করেছিলেন এবং ফিরে গিয়ে সে দেশের বিখ্যাত এক জাদু পত্রিকায় তাঁর প্রশংসা করে লিখেছিলেন দীর্ঘ এক প্রবন্ধ। ফলে তাঁর নাম আমেরিকায় ভীষণভাবে প্রচারিত হয়েছিল। তাই যখন তিনি বিশ্ব জাদু সম্মেলনে যোগ দিতে আমেরিকায় পৌঁছোন, তখন আগেই সেখানকার জাদুকরদের কাছে পরিচিত হয়ে গিয়েছিল তাঁর নাম। তাছাড়া অন্যের সঙ্গে খাতির জমাবার একটি সহজাত প্রতিভা ছিল প্রতুলচন্দ্রের, যে কারণে প্রথম আমেরিকা সফরেই ওখানকার বহু বিখ্যাত জাদুকরদের সান্নিধ্যে এসে তাঁদের সঙ্গে অত্যন্ত খাতির হয়েছিল তাঁর। তিনি ঐ সময় পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ জাদুকর কালানাগ (Kalanag)-এর জাদু প্রদর্শন দেখেন এবং জ্যাক গুইন ও অন্যান্য জাদুকরেরা তাঁকে জাদুর নানারকম তথ্য ও কৌশলের ব্যাখ্যা দিয়ে সাহায্য করেন। তাঁর বৈশিষ্ট্য ছিল, তিনি বিদেশি জাদুকরদের ভাল খেলাগুলি বেছে নিয়ে সেগুলোকে তাঁর নিজস্ব ভারতীয় ছাঁচে ঢালাই করে, বড় মাপের খেলা তৈরি করে নিলেন এবং তাই দিয়ে গড়ে তোলেন তাঁর বিখ্যাত ইন্দ্রজাল প্রদর্শনী, যা বিদেশি জাদুকরদের প্রদর্শনীর সঙ্গে সমানে পাছা দিতে সক্ষম হয়েছিল। বলা হয়ে থাকে, আমেরিকার ইহুদি জাদুকর হ্যারি হুডনি ছিলেন জাদু জগতে সবচেয়ে বেশি আলোচিত। তা যদি হয়, তাহলে নিঃসন্দেহে বলা যায় হুডনির ঠিক পরেই ছিলেন জাদুসম্রাট পি. সি. সরকার। গর্বের বিষয়, পৃথিবীর জাদু-চর্চার ইতিহাসে দুটি প্রামাণ্য গ্রন্থ-Milbourne Christopher-এর *Illustrated History of Magic* এবং *Great Book of Magic*-এ পৃথিবীর অন্যতম সেরা জাদুকরদের সঙ্গে সরকারের জীবনী ও তাঁর বিভিন্ন প্রদর্শনীর কথাও বিশদভাবে আলোচিত। মিলবোর্ন ক্রিস্টোফার তাঁর ঐ গ্রন্থে লিখেছেন, ‘তিনি (পি. সি. সরকার) শুধুমাত্র ভারতে নন, সারা পৃথিবীতে একটা ম্যাজিক নাম।’ ভারতের জাদুকে বহির্জগতে দেখাবার প্রয়াস একাধিক ভারতীয় জাদুকর করেছেন বটে কিন্তু যা পি. সি. সরকার করেছিলেন, তা এক কথায় অভাবনীয় ব্যাপার। এই মহান ইন্দ্রজালিক ১৯৭১ সালে জাপানে হঠাৎই হৃদরোগে আক্রান্ত হয়ে মারা যান। তখন তাঁর মধ্যম পুত্র প্রদীপচন্দ্র এখান থেকে বিমানযোগে চলে গিয়ে জুনিয়র সরকার রূপে অতি সাফল্যের সঙ্গে চুক্তির বাকি প্রদর্শনগুলি সম্পূর্ণ করে এসে পৃথিবীর জাদু-প্রদর্শনের

ইতিহাসে বিখ্যাত হন। বর্তমান ভারতের জাদু চর্চার ইতিহাসে সমস্ত দিক থেকে বিচার করে দেখা যায় পি. সি. সরকারই সেখানে বৃহত্তম পুরুষ। পৃথিবীর জাদু মানচিত্রে তিনি বাংলার তথা ভারতের জাদুকে নিঃসন্দেহ একটি বিশেষ সম্মানের জায়গায় প্রতিষ্ঠিত করে গিয়েছেন। একদা যে জাদু ছিল শিক্ষিত সমাজে একটি অবহেলিত বিদ্যা, পি. সি. সরকারই সেই উপেক্ষিত জাদুকে শিক্ষিত সুধী সমাজে শুধু সমাদৃত নয়, ব্যাপকভাবে জনপ্রিয় করে গেছেন।

ভারতের জাদুচর্চার ইতিহাসে সেরা চার বাঙালি জাদুকরের পাশাপাশি পি.সি. সরকারের সমসাময়িক আর দুই অসামান্য জাদুকরের কথা অবশ্যই স্মর্তব্য। এঁদের একজন যতীন সাহা। (১৯০৭-১৯৮০), অন্যজন বিখ্যাত সেতার বাদক বিমলাকান্ত রায়চৌধুরী (১৯০৯-১৯৮৩)। প্রথম জন সরকারেরই জন্মস্থান টাঙ্গাইল মহকুমায় তাঁর থেকে ৭ বছর আগে জন্মগ্রহণ করেছিলেন। তিনি কলকাতার দৈনিক Statesman পত্রিকা অফিসের শিল্প বিভাগে উচ্চ বেতনের চাকরি করতেন বলে পেশাদারি জাদুর ক্ষেত্রে অবতীর্ণ হতে পারেননি। কিন্তু তাঁর পূর্ণাঙ্গ জাদু প্রদর্শনী যে কোনও পেশাদার জাদুকরের কাছে ছিল রীতিমতো ঈর্ষার বস্তু। Statesman থেকে অবসর গ্রহণ করে জাদু সম্বন্ধে তাঁর গভীরভাবে গবেষণা করার বাসনা ছিল কিন্তু দুরারোগ্য এবং কষ্টদায়ক হাঁপানি রোগের কারণে তা সম্ভব হয়নি। অত্যন্ত চিত্তাকর্ষক ও সুরচিসম্মত জাদুপ্রদর্শক যতীন সাহার মৃত্যু বাংলা জাদু জগতের পক্ষে এক অপূরণীয় ক্ষতি। তিনি বিশেষ করে ছোটদের অত্যন্ত ভালোবাসতেন এবং আনন্দবাজার পত্রিকা ও যুগান্তর পত্রিকার পরিচালনায় ছোটদের যে আসরগুলো পরিচালিত হত সেখানে ছোটদের জাদু দেখিয়ে তিনি তাদের অত্যন্ত প্রিয়পাত্র হন। বিখ্যাত মার্কিন জাদুকর হুডিণির মতো জনসাধারণকে প্রতারকদের বিরুদ্ধে হুঁশিয়ার দেওয়ার জন্য তিনি ধারাবাহিকভাবে সাময়িক পত্র আলোচনা করতেন কীভাবে জাদুকরদের ব্যবহৃত গুপ্ত কৌশলগুলি অসাধুভাবে প্রয়োগ করে প্রতারকরা নিজেদের স্বার্থসিদ্ধি করে। সে সব আলোচনা ছিল যেমন মূল্যবান তেমনই উপকারী।

যতীন সাহার চেয়ে বছর দুয়েকের ছোট বিমলাকান্ত রায়চৌধুরী ছিলেন সঙ্গীত জগতে বিশিষ্ট সেতারা এবং সঙ্গীত গবেষণারূপেও বিখ্যাত। ‘বিকেয়ার’-মঞ্চ নামে তিনি কিছুকাল মঞ্চে জাদু প্রদর্শন করে সুধী সমাজে সমাদৃত হয়েছিলেন। লন্ডনের বিখ্যাত জাদুকর সংস্থা ‘ম্যাজিক সার্কল’-এর আজীবন সদস্য এবং সুদীর্ঘকাল আমেরিকার ‘ইন্টার ন্যাশনাল ব্রাদারহুড অব ম্যাজিশিয়ান’-এর সদস্য বিমলাকান্তের জাদু-প্রতিভাকে জাদু সম্রাট পি. সি. সরকার অত্যন্ত সম্মানের চোখে দেখতেন। তিনি বলেছিলেন ‘সেতার সঙ্গীতের একনিষ্ঠ সাধক হবার সুবাদে তিনি জাদু ছেড়ে না দিলে

আমার এক বিরাট প্রতিদ্বন্দ্বী হতেন।' তাঁর সম্পর্কে সরকারের এই মন্তব্য প্রমাণ করে, তিনি কত বড় মাপের এবং উচ্চমানের জাদুকর ছিলেন।

এই সময়ের আর এক জাদুকর অশোক রায় Osoke Roy ছিলেন জাদুকর এবং জাদুবিজ্ঞানী। শৈশবে জাদুকর ও জাগলার দীনেশ বোসের ম্যাজিক দেখে তাঁর কাছে ম্যাজিক শেখার আগ্রহ হয়, কিন্তু তিনি তাকে ম্যাজিক শেখাতে রাজি না হওয়ায় তিনি হাজির হন জাদুকর বিমল দাশগুপ্ত-র নিকট, যিনি ম্যাজিক জগতে প্রোঃ বিমল গুপ্ত নামে পরিচিত এবং বিখ্যাত ছিলেন। গণপতি ও রাজা বোসের সময়ে জনপ্রিয় বিমল গুপ্ত শুধু একজন দক্ষ জাদুকরই ছিলেন না, বিশিষ্ট গায়ক ও কৌতুকশিল্পী হিসেবেও তাঁর নাম ও জনপ্রিয়তা ছিল বিপুল। সানন্দে যুবক অশোক রায়কে হাতে কলমে শিখিয়ে দিয়েছিলেন জাদুর বেশ কিছু কৌশল। বস্তুত জাদুশিক্ষার ক্ষেত্রে তাঁর সংস্পর্শে এসে, তিনি ও বিমলকান্ত রায়চৌধুরী বিশেষভাবে লাভবান হয়েছিলেন। প্রেসিডেন্সি কলেজের মেধাবী ছাত্র ও একদা ডিস্ট্রিক্ট বোর্ডের চাকুরেকরূপে মধ্যে তাঁর জাদু প্রদর্শন দেশবিভাগের দিন পর্যন্ত তিনি অব্যাহত রেখেছিলেন। জাদু-মঞ্চ থেকে সরে আসার পর তিনি জাদুশিক্ষা ও তার প্রসারে যত্নবান হয়ে জন্ম দেন জাদুশিল্পীদের নিজস্ব সংগঠিত 'জাদুচক্র'-র এবং তার মুখপত্র রূপে প্রকাশ করেন 'জাদু পত্রিকা'। বিপুল জাদুজ্ঞানের অধিকারীরূপে তাঁর লেখা 'জাদুবিজ্ঞান' গ্রন্থখানি তাঁকে জাদুবিজ্ঞানী হিসেবে পরিচিতি এনে দেয় জাদুমহলে।

এ পর্যন্ত আলোচিত জাদুকরদের কাছাকাছি সময়ে বৃহদায়তন জাদু প্রদর্শনীর ক্ষেত্রে Stage Illusionist হিসেবে আসেন বেহালার যোগী জাদুকর মৃণাল রায় (১৯২৭-২০০৪) ও পি. সি. সরকারের অনুজ জাদু-রত্নাকর এ. সি. (অতুলচন্দ্র) সরকার। যোগী জাদুকর মৃণাল রায়ের কথা বলার আগে পাঠকদের কৌতুহল নিরসন করতে কেন তিনি 'যোগী জাদুকর', তা বলে নিই। তাঁর নিজ মুখেই শুনেছি কুমিল্লা শহরে স্কুলে পড়াকালীন কিশোর মৃণাল রায় স্বামী স্বরূপানন্দজীর কাছে নিয়েছিলেন যোগের শিক্ষা। সেই সঙ্গে চর্চা করতেন কুস্তি ও লাঠিখেলায়। পরে জাদুর প্রতি আকৃষ্ট হয়ে জাদু এবং যোগসাধনা সমান্তরালভাবে চালিয়ে যাওয়ার কারণে প্রখ্যাত নাট্যকার মন্মথ রায় তাঁকে যোগী জাদুকর নাম দেন। যোগ সাধনা, জাদু চর্চা ও কুস্তির পাশাপাশি তাঁর আর একটি ভগবান প্রদত্ত প্রতিভা ছিল, তা হল ছবি আঁকার। একটি চাল বা ডিমের ওপর চমৎকার সব ছবি এঁকে ফেলতেন। প্রথম জীবনে তিনি পি. সি. সরকারের জাদু দেখে জাদুতে উদ্বুদ্ধ হলেও উইল গোল্ডস্টোন (Will Goldstone)-এর জাদু গ্রন্থখানিই তাঁকে জাদুকর হয়ে উঠতে সাহায্য করেছিল। তিনি ঐ গ্রন্থখানিকে তাঁর গুরু করে, নিজের উদ্ভাবনী শক্তি ও কারিগরী প্রতিভাকে কাজে লাগিয়ে গড়ে তোলেন 'মায়া মহল', যা জাদুর ইতিহাসে

প্রথম জাদু ও নৃত্য-নাট্যের সংমিশ্রণে এক অসাধারণ জাদু-প্রদর্শনী। প্রাক্তন রাষ্ট্রপতি সর্বপল্লী রাধাকৃষ্ণণ থেকে শুরু করে বিশ্বখ্যাত চলচ্চিত্র ব্যক্তিত্ব সত্যজিৎ রায় ও বাংলার বহু বিশিষ্ট ব্যক্তির প্রশংসাধন্য মুণাল রায়, সখের যাদুকর হয়েও, পেশাদার জাদুকরদের সমকক্ষ জাদু কৌশলের সম্ভার নিয়ে জাপানের প্রায় ৪২টি বড় শহরে এক নাগাড়ে চার মাস জাদু প্রদর্শন করে শতাব্দীর শ্রেষ্ঠ জাদুকরের স্বীকৃতি পান এবং সেখানকার শ্রেষ্ঠ পুরস্কার ‘সামরাহ ত্রাউন’-এ ভূষিত হন। তিনি ‘তরুণী দ্বিখন্ডিত করণ’ (দর্শকবৃন্দ কর্তৃক ধৃত তরুণীকে অন্য আরেকজন দর্শকের সাহায্যে কেটে দুটুকরো করে দেখিয়ে মঞ্চে তাদের উপস্থিতিতেই আবার জোড়া দিয়ে দেখানো), ‘ডাবল সোর্ড এরিয়াল’, ‘বিলিয়ার্ড বল মাল্টিপ্লাইং’, ‘কারেন্সি নোট প্রোডাকসন’ ইত্যাদি খেলাগুলি দেখাতেন অতি ক্ষিপ্ততা এবং দক্ষতার সঙ্গে। *Mysteris of the mind* বা ‘মনের রহস্য’ নামক স্মৃতি শক্তির বিস্ময়কর খেলাটিতে তিনি বিখ্যাত মার্কিন জাদুকর ভার্জিল-এর দক্ষতাকেও ছাড়িয়ে গিয়েছিলেন। প্রায় নিঃশ্বাস দূরত্বে বৈঠকী খেলায় (Close up magic) তিনি ছিলেন অদ্বিতীয়। ৭২ বছর বয়সেও যে ক্ষিপ্তগতিতে তিনি জাদু কৌশল দেখাতেন, তা অনেক দক্ষ জাদুকরদেরও স্তম্ভিত করত। বস্তুত তাঁকে জাদুকরদের জাদুকর বললে অতুক্তি হয় না।

যাদু-রত্নাকর এ. সি. সরকার ছিলেন এক বহুমুখী প্রতিভাধর ব্যক্তি এবং জাদুর জন্য দেশবিদেশের নানা সম্মানীয় খেতাব ও পুরস্কারে ভূষিত। ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন জাদু-সম্রাট পি. সি. সরকারের কনিষ্ঠ ভ্রাতা। স্বাভাবতই জাদু পরিবেশেই তাঁর বেড়ে ওঠা। কিন্তু তাঁর পরিচয় কেবলমাত্র জাদুর মধ্যেই সীমাবদ্ধ ছিল না। তিনি ছিলেন বহু গুণে গুণীয়ান—একাধারে গল্প লেখক, ঔপন্যাসিক, নাট্যকার, কবি ও ছড়া-কারিগর। মুখে মুখে চট্‌জলদি ছড়া বানাতেন অপূর্ব আর বিনা গীটারে গলা দিয়ে তাঁর গীটার বাদন ছিল এতটাই স্বাভাবিক যে গীটার কণ্ঠ জাদুকর নামেও তিনি পরিচিত হয়েছিলেন। বিশ্বের বৃহত্তম জাদু সংস্থা International Brotherhood of Magicians-এর সদস্য অতুল চন্দ্র তাঁর গীটারকে জলে পরিণত করার খেলাটি দেখাতেন এক অদ্ভুত স্টাইলে, যা উপস্থাপনার গুণে দর্শকদের প্রভূত আনন্দ দিত। জাদু চর্চার ফাঁকে তিনি লিখে গিয়েছেন অনেকগুলি যাদু সম্পর্কিত বই এবং ম্যাজিক শেখার ওপর তাঁর নানা রচনা ছড়িয়ে আছে বাংলা ও অন্য ভাষার নামী পত্র পত্রিকায়। বলা যায় সাহিত্য, সঙ্গীত এবং জাদুর ত্রিবেণীসঙ্গম হয়েছিল তাঁর জীবনে। ‘জুয়েল অব জাপান ম্যাজিক অ্যাসোসিয়েশন’ এবং ‘ম্যাজিক প্রিন্স অব ইন্ডিয়া’ এ.সি. সরকার-এর মৃত্যু হয় মাত্র ৫৫ বছর বয়সে।

অতীতের জাদুকরদের সন্ধানে নেমে দেখা যায় এদেশে যত রকমের শিল্পকলা রয়েছে, প্রায় সব শিল্পকলারই খ্যাতনামা বহু কলাকার চির রহস্য ভরা এই প্রাচীন বিদ্যাটির প্রতি আকৃষ্ট হয়ে কোনও কোনও সময়ে নিজেকে জাদুর সঙ্গে সংযুক্ত করেছেন। উল্লেখ

করা যায়, বাগ্মী কেশবচন্দ্র, মনোবিজ্ঞানী গিরীন্দ্র শেখর বসু, গায়ক এবং কৌতুক অভিনেতা প্রোঃ বিমল গুপ্ত প্রমুখ প্রত্যেকেই ছিলেন দক্ষ জাদুকর। জাদুকে পেশা বা নেশা হিসেবে গ্রহণ করে বহু বঙ্গ-সন্তানই জাদু জগতে এসে জাদুশিল্পকে ঋদ্ধ করেছেন। সবার কথা বলতে হলে যে পরিসর দাবি করে তার সুযোগ এখানে নেই, আবার সবার কথা বলা আবশ্যিকও নয়। অনেকের কথা বিস্তারিতভাবে না লিখলে অনেকের প্রতি অবিচার হয় মেনেও পেশাদার ও শৌখিন জাদুকরদের সুদীর্ঘ তালিকা থেকে অতি সংক্ষেপে আরও কয়েকজন বিশিষ্ট জাদুকরদের কথা ও নামোল্লেখ করব। যাঁদের নাম বা উল্লেখ বাদ গেল, তা একান্তই অনিচ্ছাকৃত। সাধ্যমতো চেষ্টায় অনুসন্ধান করতে গিয়ে দেখা গেল জাদু শিল্পের চর্চা শুরুতে ছিল অতি সামান্য জনের মধ্যেই সীমাবদ্ধ। তার চল বা প্রসার বলতে যা বোঝায়, তা শুরু হয়েছিল ১৮৭৫-এ, যখন উত্তর কলকাতার দুই জাদুকর নবীনচন্দ্র মাল্লা ও অম্বিকাচরণ পাঠক তাঁদের ঐকান্তিক চেষ্টায় জাদু চর্চার জন্য গড়ে তোলেন উইজার্ডস ক্লাব (The wizards' Club) বস্তুত এই ক্লাবের প্রচেষ্টা এবং মার্কিন জাদুকর হাওয়ার্ড থার্সটন (Howard Thurston)-এর কলকাতায় অসামান্য জাদু-প্রদর্শনের পরই জাদু-চর্চায় উৎসাহিত হন অনেকে। বাংলার জাদু চর্চার ইতিহাসে উইজার্ডস ক্লাবের অবদান অনস্বীকার্য। গণপতি, রাজা বোস, বিমল গুপ্ত, রনেন দত্ত, অশোক রে, প্রোঃ বেন (নরেন্দ্রনাথ ভট্টাচার্য), দুর্গাপদ পাল, দুর্গাপদ দাস, গোলকবিহারী ধর, মাল্লা দি গ্রেট, ভূপেন্দ্র রায়চৌধুরী প্রমুখ বাংলার বিশিষ্ট জাদুকরবৃন্দ ছিলেন এই ক্লাবের সদস্য, যারা জাদু শিল্পে প্রভূত উন্নতি সাধন করেছিলেন। এই ক্লাব প্রতিষ্ঠার কয়েক বছর পরে জাদুকর সত্যচরণ ঘোষ পারী নগরীর এক প্রদর্শনীতে তাঁর খেলা দেখিয়ে এসেছিলেন। স্মরণ করতে হয় সে সময়ের বিশিষ্ট জহুরি (Jeweller) প্রমথ গাঙ্গুলি (প্রোঃ লী) কে যাঁর অসামান্য তাসের খেলা দেখে প্রীত হয়ে তাসের খেলার রাজা থার্সটন তাঁর বাড়িতে আমন্ত্রিত হয়ে এসে তাঁকে তাসের নানা খেলা দেখিয়ে গিয়েছিলেন। জাদুকরদের ক্লাবের কথা লিখতে গিয়ে আর একটি ক্লাবের কথা উল্লেখ করতে হয়। শৌখিন জাদুকর ডাঃ কালীকিঙ্কর ব্যানার্জী তাঁর কলেজ স্ট্রিটের ব্যানার্জী ক্লিনিকে শৌখিন জাদুকরদের জন্য গড়েছিলেন ‘আকর্ষণী’ নামে একটি জাদুকর সমিতি। সেই সঙ্গে প্রকাশ করতেন ঐ নামেই একটি মাসিক জাদু পত্রিকা।

আগেই বলেছি, তাসের খেলার রাজা (King of Cards) থার্সটনের অতুলনীয় তাসের খেলা ও Floating Lady (শূন্যে ভাসমান তরুণী) দেখে বাংলা জাদু উৎসাহীদের উৎসাহ বহুগুণ বেড়ে গিয়েছিল। প্রো. লী-র আর এক প্রিয় শিষ্য ছিলেন। তিনি পুলকেশ চক্রবর্তী (Pullocks), জাদু চর্চায় যিনি নিজেকে দীর্ঘদিন যুক্ত রেখে ছিলেন। তাঁর অনুরক্ত ভক্ত ও প্রিয়তম শিষ্য ছিলেন সুশীল মুখোপাধ্যায় Impromptu conjuring-এ এক অপ্রতিদ্বন্দ্বী জাদুকর। একসময় অর্থাভাবে মাদারীদের মতো পথে

ময়দানে খেলা দেখিয়ে পথচারীদের তাক লাগিয়ে দিতেন তিনি। এই সময়ের আরও কয়েকজন বিশিষ্ট জাদু শিল্পীর কথাও উল্লেখনীয়। দুর্গাদাস সোম, হিমাংশু চৌধুরী, রামপদ বোস, বি. এন. সরকার. প্রো. রণেন দত্ত, প্রো. প্যান (অমিয় ভট্টাচার্য) প্রমুখ জাদুকরেরা জাদু জগতে খ্যাতি লাভ করেছিলেন।

এঁদের পরবর্তী সময়ে যাঁরা শৌখিন বা পেশাদার জাদুর জগতে জনপ্রিয়তা এনে দিয়েছেন তাঁদের তালিকাটিও বেশ দীর্ঘ। একটু এলোমেলোভাবে সংক্ষেপে ভিন্ন পেশার দু' চারজনের কথা বলি। বরানগরের বিলেত ফেরত ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার সূচারু ভট্টাচার্য (সু-ভন) জাদু নেশা ৭৫-উত্তীর্ণ বয়সেও পেশার দ্বারা পিষ্ট হয়নি। জাদুর মস্ত বড় সমঝদার সত্যজিৎ রায় স্বয়ং তাঁর খেলা দেখার জন্য তাঁকে বাড়িতে আহ্বান জানিয়ে তাঁর অসাধারণ কয়েকটি ঘরোয়া খেলা দেখে ভূয়সী প্রশংসা করেছিলেন। তাঁর 'cup and balls' (এক একটা বলের ওপর এক একটা কাপ চাপা দেওয়ার পর একটা একটা করে কাপ তুললে দেখা যায় একটা করে মুরগির বাচ্চা কিচ্‌কিচ্‌ শব্দ করে বেরিয়ে আশ্চর্য্য সছে, এবং 'mysteries of the mind' বা 'মনের রহস্য' খেলা দুটির (শেষেরটিকে খেলা না বলে সৃষ্টিশক্তির মুন্সিয়ানা বলাই ভালো) উপস্থাপনা অভাবনীয় সুন্দর। আর এক ইঞ্জিনিয়ার জাদুকর শ্যাম দালাল। তবে তিনি জাদুর নানা সরঞ্জাম প্রস্তুতকারক হিসেবেই সুনাম করেছেন। ইংরেজি সাহিত্যের অধ্যাপক ডঃ জীবেশ ভট্টাচার্য আর এক অসামান্য জাদুকর। যিনি অধ্যাপনা জগতে আসার আগে বিচরণ করেছেন জাদুর জগতে। ম্যাজিক বিষয়ে তাঁর মূল্যবান লেখা বিদেশের নানা পত্রিকায় প্রকাশিত হয়েছে। পেয়েছেন Linking parade Award তাঁর উদ্ভাবিত Brainwave card trick-এর জন্য। বিশেষভাবে বলা উচিত জাদুকর শঙ্কর দাস ও যাদুকর সমীরণ (সমীরণ আচার্য)-এর কথা। সমীরণ স্বরক্ষপণ বিদায় অত্যন্ত পারদর্শী এবং একাধিক জাদু-বিষয়ক গ্রন্থের রচয়িতা। উল্লেখ করতে হয় হুগলি কোল্লগরের জাদুকর লক্ষ্মীকান্ত রায় (L.K. Roy), জাদুকর দীপক রায়চৌধুরী, ব্ল্যাক ম্যাজিকের পারদর্শী দেব মল্লিক, মঞ্চ সফল জাদুকর সুবীর সরকার, ম্যাজিক প্রিন্স এস. লাল (শঙ্করলাল রায়), জাদুকর ম্যানড্রেক, (চঞ্চল দে), যিনি গঙ্গায় ডুবে যাওয়া বন্ধ বাস্তব থেকে বেরিয়ে এসেছিলেন, জাদু সংগঠক অরুণ ব্যানার্জী— (ক্লোজআপ ম্যান্টাল ম্যাজিক ও ছোট ছোট হাতের খেলাও চমৎকার দেখিয়ে থাকেন। তার চেয়েও বেশি দেশবিদেশের পত্রপত্রিকায় ম্যাজিক ও ম্যাজিশিয়ান সংক্রান্ত তথ্যমূলক লেখা লিখে থাকেন।) জাদুকর এম. এন. (মুক্তিনাথ) মুখার্জী, জাদুকে পেশা করে যিনি লাভবান, অর্থবান এবং খ্যাতিমান হয়েছেন এবং বাংলা ও বাংলার বাইরে সহস্রাধিক জাদু প্রদর্শন করেছেন। পেয়েছেন গণপতি পুরস্কার সহ আরো নানা পুরস্কার। যাদুকর প্রিন্স শীল (বিমল শীল) বুলেট ক্যাচিং এর মতো লোমহর্ষক খেলায় অসাধারণ পারদর্শী এই জাদুকরের জাদুশিক্ষা দক্ষ জাদুকর পিটার প্যান-এর নিকট।

পুরুষ যাদুকরদের পাশাপাশি যে ক'জন মহিলা জাদুকর স্বতন্ত্রভাবে ও স্বাধীনভাবে জাদু খ্যাতিলাভ করেছেন, তাঁদের মধ্যে সর্বাপেক্ষা মনে আসে জাদু-সম্রাজ্ঞী উমা দাশগুপ্তা (ডাক্তার শান্তিরঞ্জন দাশগুপ্ত-র ভগ্নি এবং শিষ্যা দুইই)-কথা। দাদার কাছে তাঁর জাদুর হাতে খড়ি হলেও পরে নিজ অধ্যবসায়ে এবং গভীর নিষ্ঠায় তিনি তাঁর জাদু প্রদর্শনের জন্য ভারতের প্রথম মহিলা যাদুকরের স্বীকৃতি লাভ করেন। জাদুচর্চার বাইরে এই প্রতিভাময়ী কলম-চর্চাতে সমান পারদর্শী। তাঁর মতোই পারদর্শিতার সঙ্গে জাদু দেখিয়ে 'ম্যাজিক কুইন' সম্মানে সম্মানিত হয়েছেন বক্স ললনা পুষ্প দাঁ, যাঁর মঞ্চনাম ডি. পুষ্পা। সম্প্রতি বেশ কয়েকজন মহিলা জাদুশিল্পী নিয়মিত জাদু-চর্চায় আত্মনিয়োগ করে সুনাম অর্জন করেছেন। তাঁদের মধ্যে পি. সি. সরকার জুনিয়রের কন্যা মানেকা, দেবাদ্বিতা আচার্য, বনানী ব্যানার্জী, স্বাগতা ও মৌসুমী মাল্লা, রোশনী শীল, সাব্বনা চন্দ্র, সুমিতা রায়, সুমিতা চ্যাটার্জী উল্লেখ্য। এই সঙ্গে উল্লেখ করি বর্তমানে বাংলা জাদুজগতের কনিষ্ঠ জাদুকর মাস্টার ডোডো (হিল্লোল মুখার্জী)-র কথা। নয় বছরের এই বিস্ময়কর বালক যোগী জাদুকর মৃণাল রায়ের দৌহিত্র এবং তাঁর কাছেই তার জাদু শিক্ষার হাতে খড়ি। ইতিমধ্যেই অসংখ্য জয়গায় ও দূরদর্শনে খেলা দেখিয়ে সে সুনাম অর্জন করেছে এবং তাকে অত্যন্ত প্রতিশ্রুতিময় বলে মনে করা হচ্ছে।

সবশেষে বর্তমানে ভারতের শ্রেষ্ঠ জাদুকর জাদু-ভাস্কর পি. সি. (প্রদীপ চন্দ্র) সরকারের কথা বলেই এ নিবন্ধের সমাপ্তি টানতে চাই। পেশাদারি জগতে সারা ভারতের তিনিই এখন সর্বপ্রধান। তাঁর সম্পর্কে বলা যায়, যে ক'জন বাঙালি স্বকীয় প্রতিভার সাহায্যে বিদেশে সুনাম অর্জন করে ভারতের মুখ উজ্জ্বল করেছেন, তিনি তাঁদের অন্যতম। ভারতীয় জাদুকে বারবার বিদেশে নিয়ে গিয়ে ভারতীয় সংস্কৃতিকে তাঁর পরিবারের মতো কেই বা এত জনপ্রিয় করেছেন? মহান শিল্পীর মতো তিনি তাঁর জীবনকে শিল্প করে তুলেছেন, হয়ে উঠেছেন জীবনশিল্পী। অসামান্য পিতার সুযোগ্য পুত্র হিসেবে তিনি ভারতীয় জাদুর সুনাম বর্ধন করে চলেছেন সারা বিশ্বে।

আমার জলছবিরা

মৌসুমী মুখোপাধ্যায়

চলো গল্প বলি'

আমি তখন বেশ ছোট, যদিও ছোট বয়সের সঠিক পরিসংখ্যান আমার কাছে নেই। স্কুলের বইয়ের পাতায় তখন কবিগুরু, বঙ্কিমচন্দ্র, বিভূতিভূষণ মিলেমিশে একাকার, আরেকদিকে পাটিগণিতের দুটি ট্রেনের দৌড়ের গতি অথবা পিতা পুত্রের ১০ বছর পরে বয়সের হিসেব, জ্যামিতির সম্পাদ্য উপপাদ্য সব মিলে একটা বিশাল উপপাদ্য আমার সামনে দাঁড়িয়ে, যার সমীকরণ হয়ত সহজ ছিল, কিন্তু পথ ছিল বর্ণহীন।

স্কুলের ছুটির ঘন্টা শোনার জন্য মন আমার শ্রবণ ইন্দ্রিয়কে পরিচালনা করত। আমি শুধু তখন মনের কথাই শুনতে পেতাম।

বাড়ী ফিরে মায়ের আদর মাখানো হাতের খাবার আর যত্ন শরীরকে আরাম দিত ঠিকই; কিন্তু মন পড়ে থাকত সেই চিলে কোঠার সিঁড়িতে, যেখানে মায়ের রান্নাঘর থেকে আড়ালে আবড়ালে সরিয়ে আনা হলুদ, জিরে, নুন, কিছু লিলি গাছের পাতা কুচি হয়ত বা আরও কত কী, আর ছোট বোনের সাথে রান্না বাটির খেলা এনে দিত পরম পরিতৃপ্তি, মনকে যে কি জোয়ারে ভাসিয়ে নিয়ে যেত সে মনের কথা শুধু আমিই শুনতে পেতাম।

পড়ন্ত রোদে বড়দাদার ঘুঁড়ি যখন কাঁপতে কাঁপতে মাথা নেড়ে তর্ তর্ করে কখনও ওপরে আর কখনও নীচে ঐক্যবৈক্যে হলুদ ঘুঁড়ির দিকে ধেয়ে যেত, তখন ছোট্ট আমি, চোখ ভরা বিশ্বাসে ঘুঁড়িতে চড়ে আকাশে ওড়বার অবকাশ খুঁজতাম।

দাদার ঘুঁড়ি যখন সোজা হয়ে টান টান সুতোয় আকাশের বুক ভাসত, তখন মন অবকাশ খুঁজত আকাশ ফুঁড়ে যাবার।

নীড়ে ফেরা সাদা বকের দল আকাশের বুক কলরব তুলে আঁকিবুকি কেটে নিজেদের ভাসিয়ে নিয়ে যেত তখন, আমার ছোট্ট মন ঘুঁড়িতে চড়ে উড়ে যেত বকের দলের সাথে। যদি পারতেন, ঘুঁড়িতে চড়ে দু.....রে জামরুল গাছটাতে যেখানে ফিঙের দলের উদ্দাম নৃত্য, কখনও এ ডালে ও ডালে কখনও বা পাতার ফাঁকে, জামরুলের শাখে বসে মন মেতে উঠত তবে।

বড়দাদার ঘুঁড়ি, হলুদ ঘুঁড়ির সাথে বুটোপুটি করে মাথা নাড়তে নাড়তে ভো-

-কাটা স্বর তুলে নীচে নেমে আসত, তখন আমিও ভো-কাটা হয়ে বিফল প্রত্যাশা নিয়ে নেমে আসতাম মাটিতে !

মুচকি হেসে অন্তহীন আকাশ মৃদু গলায় বলে যেত, আমি যে চারধারে মেঘের সীমারেখা টেনে দিয়েছি, কোথায় হারাবে তুমি ?

সূর্য যখন অস্তে পড়ি ঢলি, তখন প্রত্যাশা ভঙ্গের দুঃখ বুকে নিয়ে, ছোট্ট আমিও অস্তে পড়তাম ঢলি। নতুন স্বপ্নের প্রতিশ্রুতি নিয়ে তৈরী হত নতুন উদ্যম।

পড়ার টেবিলে মুখ গুঁজে ভারতবর্ষের বিভিন্ন জায়গার কয়লা খনি, লৌহ খনি অথবা পশ্চিমবঙ্গের ধান চাষের আধিক্য কোন্ কোন্ জেলায় পড়ছি, অমনি পাশ থেকে তাম্রলিপি' বঙ্গলিপি'- র খাতা দুটো, বড়ো বড়ো লাল - লাল চোখে আমার দিকে তাকিয়ে বলত, বাবার দেওয়া দুৎপাতা বাংলা আর দু পাতা ইংরেজী হাতের লেখা ???

... দুরূ দুরূ বুকে লিখতে লিখতে দেখি টেবিলের একপাশ থেকে লম্বা দিস্তে পাতার খাতা নাক ফুলিয়ে বলছে বাবার দেওয়া হোমটাস্ক যে, ৭টা অঙ্ক বইয়ে দাগ দিয়ে গেছেন ?? জীবনবিজ্ঞানের জাইলেম ও ফ্লোয়েম কলার বিবরণ, সলো-কসংশ্লেষ ও স্বসন... আমাকে যেভাবে শোষণ চালাত, তা শুধু আমিই টের পেতাম।

“কাঠের চেয়ারে পড়তে বসবে, মেরুদন্ড সোজা করে বসবে, খাতা সোজা করে লিখবে, জোরে জোরে পড়বে, যাতে আমি পাশের ঘর থেকে শুনতে পাই”

বাবার প্রাত্যহিক নির্দেশ তখন বাহ্যিক শাসন হয়েই রয়ে গেছিল।

সময়কে সাথে নিয়ে বাবার নির্দেশ মজ্জাগত হয়ে গিয়েছিল , তখন আমি ক্লাস নাইন-এ। “রবীন্দ্রনাথ”, “বঙ্কিমচন্দ্র,” “প্রেমেন্দ্র মিত্র ” প্রত্যেকে পৃথকভাবে আমার মনের কুঠুরীতে তখন আলাদা আলাদা জায়গা করে নিয়েছেন। স্কুলের প্রজেক্টের খাতা দেখে বাবা বললেন, “ বাহ্ বেশ সুন্দর হাতের লেখা তো”, আমি প্রশংসা শুনে দ্বিগুণ একাগ্রতায় আরও সুন্দর লেখবার আনন্দে আত্মহারা। তখন হাতে Parker 51।

মনে হল বড়ো হয়ে গেছি আমি, তখন'ও বড়ো হয়ে যাবার কোন সঠিক পরি-সংখ্যান আমার কাছে ছিল না। না তখন আর চিলে কোঠার সিঁড়ির কোণ আমাকে হাতছানি দিত না, শুধু সময়ের মধুর স্মৃতি ভিজিয়ে দিয়ে যেত।

বড়াদার ঘুড়ি চড়ে, মন আর হারিয়ে যাবার অবকাশ খুঁজত না তখন। মন তখন “জীবনানন্দ ”-য় মজেছে, “সত্যজিত রায় ”-তে সমৃদ্ধ হয়েছে।

হাতের কলম তখন সাদা কাগজের বুকে কোন আঁকিছুঁকি নয়, নানা শব্দের আনাগোনা মনের ভেতরের অবয়বকে রূপ দিতে ব্যস্ত।

কখনও যত্নে কখনও শিহরণে কলম ধীরে ধীরে আমাকে স্বপ্ন সৃষ্টির আয়োজনে নিয়োজিত করে চলেছে।

কলম আপন মনে আমাকে সমৃদ্ধ করে চলল। বাড়ীর বড়োদের কাছ থেকে একটা কথা ভেসে এল, “মেয়ে প্রেম করছে নজরে রাখ” !একদিন স্কুল থেকে বাড়ী এসে দেখলাম, লেখার খাতা থেকে বেশ কিছু পাতা উধাও, বুকের ভেতর ভাঙা গড়ার তীব্র আঘাত আমাকে নিঃশেষ করে গেল। কিন্তু সাহস হল না কারণ জানার।

নতুন করে গড়ার প্রতিশ্রুতি নিয়ে এগিয়ে চললাম। চলার পথ সহজ হল না...

স্কুল পেরিয়ে কলেজ তারপর কত সময় চলে গেছে আমি হারিয়ে গেলাম, বলা ভাল হারিয়ে যেতে দিলাম, কিন্তু একফালি আকাশের বুকে ওড়ার স্বপ্নটা রয়েই গেল, মনের কোণে আজও উঁকি দিয়ে যায় রঙীন প্রজাপতির পাখায় ভর করে বাতাসে ভেসে বেড়ানোর স্বপ্ন।

আজ বোধ হয় জীবনের বেশীরভাগ সময় কাটিয়ে এসেছি, আপন মনে চলেছে সময় আমাকে নিয়ে। সম্পর্ক, কর্তব্য, দায়বদ্ধতা হাতে হাত ধরে এগিয়ে চলেছে। ...কিন্তু ? এত পথ এগিয়ে কোনো অচিনপুর থেকে এক অদৃশ্যমূর্তি সামনে এসে দাঁড়াল, বলে গেল..... তুমিই তো এক টুকরো আকাশ চেয়েছিলে ? উড়বে বলেছিলে? স্বপ্নকে ডানা দেবে না?

আমি স্বপ্ন সুখে বিভোর হয়ে হাত ধরে এগিয়ে গেলাম, সে বলে চলল ...এটা তুমি নও, তোমার মুক্তি তোমার কলমে। আবার ছোট ছোট পা ফেলে আমার পথ চলা শুরু, পেছন ফিরে তাকাবার কোনো অবকাশ আজ আর নেই।

পরিপূর্ণতার আনন্দে আমার চারদিক ম্ ম্ করছে, হাজার ফুলের গন্ধে আমি স্নাত। গড়বার নেশায় আজ বৃন্দ হয়ে আছি।

...সুদূরে সেই অদৃশ্য মূর্তির ইশারায় আমার লেখনী টলমল পায়ে এগিয়ে চলেছে, তার পায়ের ছাপ স্পষ্ট হতে অনেক পথ পেরোতে হবে অনেকনেহাতই শিশু সে ...।

পাহাড়িয়া মধুপুর

মৌনিশা ঘোষ বন্দ্যোপাধ্যায় (সম্পূর্ণা)

আমাদের প্রথম গন্তব্য ছিল মিরিক... (পর্ব এক)

মূল মিরিক থেকে অনেকটা ভিতরে... শহুরে কোলাহল যেখানে এক ফোঁটাও পাওয়া দুস্কর সেইখানে গুরুত্ব পরিবারের নিজেদের বাড়িতে... কাঁসার থালায় ও বাসনে আতিথেয়তা খাবার স্বাদ কে ছাপিয়ে যায়... আর ঐ যে দেখছেন পি. বি. গুরুং, উনি এই পরিবারের ৭৯ বছরের সদস্য, কলকাতার সঙ্গে তাঁর ২৮ বছরের স্মৃতি, তাই স্মৃতির পাতা উল্টে একের পর এক দেখালেন সব ছবি। ছেলে মেয়ে বিদেশে প্রতিষ্ঠিত। আমাদের দুজনকে পেয়ে যেন সব কিছু উজাড় করে দিলেন। নিজের ঘরে বসিয়ে প্রাণ খুলে গল্প শোনালেন যে ৫০ বছর ধরে এই হোমস্টেতে পৃথিবীর বিভিন্ন প্রান্তের অতিথিদের তিনি আপ্যায়ন করেছেন। কাঠের বাড়ির এই ঘরে বারান্দা থেকে পাহাড়ের নীরব আহ্বান, আর সঙ্গে ওনার বাড়ির সাত রঙা পতাকা, বুদ্ধের উপাসনা, ধূপের গন্ধ... পাথুরে উঠোনে চেয়ার পাতা, সামনে হিমালয়ের ঢল নেমেছে যেখানে ভারত আর নেপাল হাত ধরে দাঁড়িয়ে, সঙ্গে পাহাড়ি ফুল আর কমলা লেবুর বাগান... তাকিয়ে থাকত, এরা বুঝতেই দেয়নি কখন সন্ধ্যা গড়িয়ে রাত আর রাত ভোর করে সকাল এলো... বাকিটা অনেক কিছুই, যেগুলো শুধুই অনুভব করা যায়... “কে যেন শীতের মেয়ে পিঠে করে কুয়াশার ঝড়ি নিয়ে তার ফিরে গেল চা বাগানে... এ দৃশ্য শুধু বিধাতার ... শীতের মেয়েকে এক ঝাপসা ওই পাহাড়ের কাছে নেমে যেতে তুমিও কি দেখলে না?”

আমাদের পরবর্তী গন্তব্য মিরিক থেকে লেপচাজগত (পর্ব দুই)

পথে পড়লো এই দিগন্ত পার করা মেঘ-কুয়াশার পঞ্চু গায়ে দেয়া চা বাগান... পাহাড় জুড়ে চা বাগান... উঠে গেছিলাম তার চূড়ায়। মেঘ এসে জড়িয়ে আলিঙ্গন করলো আমাদের। উফ, উফতার ওম নিলাম সবুজ আঁচল ভরে। দুটি পাতা একটি কুঁড়ির গল্প লেখা হচ্ছে এখানেই ... দু চোখ ভরে পড়তে লাগলাম আর চা বাগানের ধারে ধারে দাঁড়িয়ে থাকা পাইন গাছের থেকে নে নিলাম সেই গন্ধের অনেক খানি... কি নেলাম? উঁহ... বলা বারণ যে! শুধু ওরা নিজেরাই বলবে ওখানে গেলে, নেতে হবে অন্তর দিয়ে...

পেশায় শিক্ষিকা এবং গল্পকার

যখন পা ফেললাম লেপচা জগতে (পর্ব তিন)

প্রথম দিন দুপুর পর্যন্ত এমনই মেঘ বৃষ্টির মোড়কে মোড়া ছিল লেপচা জগৎ... সূর্য দেবের বুঝি আড়ি এই জগতের সঙ্গে?

যে জগতে শীতের কনকনে তীব্রতায় ভালোবাসার হাত ধরে হেঁটে চলা যায় মাইলের পর মাইল... নৈঃস্বর্গীয় মেঘমল্লার নেতে পাওয়া যায় কান পাতলেই... মেঘ শুধুই আপাদমস্তক আদর বুলিয়ে যায় সব বাঁকে ... কি মায়াবী এক জগৎ যেন... অনুভূতিরাও সিন্ধু হয়ে যায় অনাবিল ভালোলাগায় ... মেঘের মদিরাতে বৃন্দ হয়ে থাকা পাইনের বন পেরিয়ে আরো উঁচুতে উঠে চোখ মেললেই গোপন মিনারে লুকিয়ে রাখা মানুষটার সঙ্গে হারিয়ে যাওয়া যায় পাখির ডাকের সুরে, বিশালতাকে সাক্ষী করে... সম্প্রক্ত হতে থাকে সে আরো আরো... বড় তুচ্ছ লাগে সমতলের ক্ষণস্থায়ী সুখানুভূতি গুলো ... অসীমকে আঁকড়ে জড়িয়ে ধরতে ইচ্ছে করে খুঁউব... হঠাৎ যখন মেঘ একাকার

(লেপচা জগৎ, পর্ব চার)

বৃষ্টি এলো মুঘলধারে।

কনকনে ঠান্ডাতে বাইরে ১৫ মিনিট দাঁড়াবার পর আর দাঁড়িয়ে থাকতে পারিনি, এতটাই ঠান্ডা হাওয়া বইছিল। আর সব কিছু অন্ধকার মেঘ আর কুয়াশায় মোড়া। আবছা সমস্তটা। টানা বৃষ্টি সকাল থেকে, মনেও মেঘ গাঢ় হচ্ছিল।

তাই বন্ধ দরজায় গান নেছিলাম। তখন দুপুর তিনটে। হঠাৎ এলো লেপচা বন্ধুর বার্তা, “Konchongunga (ওদের মুখে এমনটাই শোনায়) dikh raha hai, jaldi bahar aajao “আমি নেতে পাইনি। হঠাৎ গান বন্ধ করে আমার শত্রুটা বাইরে একবার ব্যালকনি থেকে এসেই বললো— রেডি হও ক্যামেরা নিয়ে ৫ মিনিটের মধ্যে”। কি, কেন এসব বেড়াতে গিয়ে জিজ্ঞেস করতে নেই, তাই দৌড়ে গেলাম আর গিয়ে যা দেখলাম... “জন্ম জন্মান্তরেও ভুলিব না”

দিগন্তের বুক চিরে কাঞ্চনজঙ্ঘার সৌন্দর্য, একটু একটু করে স্বচ্ছ থেকে আরো স্বচ্ছতর হতে থাকলো... যতক্ষণ না সন্ধে নামে, আমাদের টেনে ওঠাতে পারেনি কেউ। ঠান্ডায় জমে গেছি। তাও, এটা ছেড়ে উঠতে পারিনি। লেপচা জগৎ এর সব চেয়ে মনমুগ্ধকর আকর্ষণ। স্থানীয় লেপচা বন্ধুরা বললেন, “aap to bohot Lucky ho... 3-4 mahine me itna sundar ek bar bhi nehi dikhai diya” (আমার হিন্দিটা বরাবর খারাপ, ভুল হলে মার্জনা করে দেবেন)। মনে মনে যে কি আনন্দ পাচ্ছিলাম, কারণ আমি নিশ্চত হলাম, আমার আর পাহাড়ের প্রেম অটুট। ওনারা তখনই বললেন পরের দিন ভোরে গেলে নাকি কাঞ্চনজঙ্ঘার স্বর্ণ শিখর দেখা যেতে পারে। ব্যাস।

সব ফোনে alarm দিয়ে ভোর সাড়ে চারটের সময় আমরা দুজন আর আমার দিদি, দাদাভাই সঙ্গে আমার ক্লাস ৯-এ পড়া বোনঝি চললাম দল বেঁধে স্বর্ণশিখর দেখতে... সবার আগে ভিউ পয়েন্টে আমারই উঠেছিলাম। তারপর ঠিক পৌনে পাঁচটা থেকে সূর্যোদয়ের উঁকি, আর তারপরই সেই নয়নাভিরাম স্বর্ণ শিখর। সত্যিই কি আছে এতে, কি মোহ লুকিয়ে, কি রহস্য ওই চূড়া জুড়ে... যা মানুষকে পাগল করে দেবেই দেবে... এই পাগলামি এড়ানো বড় মুশকিল যে...

শেষপর্বটা বাকি ছিল। হ্যাঁ, তিনচূলে (পর্ব পাঁচ)।

যে জায়গাটাতে সব চেয়ে স্মৃতির ভিড় এখন বেশি নাড়া দেয় অবকাশে। তিনচূলে বললেই যেন একটাই নাম আসে ‘Noryang Homestay’ ... এখনো মনে হয় পাহাড়ের কোলে আমারও কোনো আত্মীয় বাড়ি আছে। সেখানে আন্টিজি আছেন আর দুই ভাই আছেন, আছেন যোগেস ভাইয়া, লাচ্ছিরি আর একটা পুচকি দিব্যানী। সেই বাড়িতে আতিথেয়তার এতটুকু ঘাটতি নেই। যখন যা ইচ্ছে খেতে তাই করে দিয়েছেন আন্টিজি। তিস্তার মাছ খাবার সৌভাগ্য হয়েছে তাঁর দৌলতে। বাড়ির পিছনেই ওনাদের নিজেদের অর্গানিক চা-বাগান। স্বরাজ আর মৃণাল ওনার দুই ছেলে। যেমন অবগত, তেমনই বিনীত ও মিশুক দুই ভাই। গুন্ফাদারা ভিউ পয়েন্ট সবাই তো নিচে থেকে দেখ লো, আমরা কিন্তু ট্রেক করে দেখেছি দুটি ছোট্ট ভাইকে সঙ্গে নিয়ে। পাইনের জঙ্গলের মধ্যে দিয়ে সজারুর কাঁটা, পাইন ফুল, অমৃতাজ্ঞান গাছ এইসব দৌড়ে এনে দিয়েছে ট্রেকিং-এর সময় ছোট্ট লাচ্ছিরিং। আমার হাত ধরে পাহাড়ের বৃকে সরু রাস্তায় যত্ন করে নিয়ে গেছে ক্লাস ৮-এর ওইটুকু। যেটা দেখে অবাক হয়েছি, দৌড়ে হাতে এনে হাজির করেছে দিদির জন্য আর মুখে একটাই ডায়ালগ “হাম দিদি কো কুছ নেহি হোনে দেঙ্গে” তারপর সারা সন্ধ্যা জুড়ে বারবিকিউ, আগুন, উত্তাপ, নাচ গান শেষে পরের দিন যখন গাড়ির হর্ণে বিষাদের স্বর, অবাক করেছেন আন্টিজি আবারও, বৌদ্ধ মন্দিরের লামার দেয়া উত্তরীয় পরিয়ে দিয়েছেন আমাদের সকলকে, বৃকে টেনে নিয়েছেন, যেন নিজের কোনো পিসি বা মাসির বাড়ি থেকে বাড়ি আসছি। সঙ্গে ওনাদের চা-বাগানের চা-ও উপহার হিসেবে। নিজে হাতে করে মোমো বানানো শিখিয়েছেন সযত্নে। বলেছেন বার বার, “বেটি, আন্টিকে পাশ ফির আনা”... সারা পরিবেশ জুড়ে প্রকৃতির নানান সংলাপ। হাজারো পাখি। সাথে কিছুক্ষণের দেখা কাঞ্চনজঙ্ঘার সঙ্গেও। আবার যাবো, কথা দিইনি... নিজের আত্মীয় বাড়ি যেতে কথা দিতে লাগে না বোধহয়...।।

অনামিকা ভাবছেন

সবিতা চক্রবর্তী

আজকাল রামদেব বাবার দৌলতে আসন প্রাণায়াম গাছগাছালির গুরুত্ব মানুষের কাছে বেড়েছে। অনামিকা বেশ কিছুদিন নিয়মিত রামদেব বাবার অনুষ্ঠান দেখতেন। ফলত বেশ কিছু গাছের গুণাগুণ জেনেছেন। একদিন অফিস থেকে বাড়ী ফিরছেন। ট্রেন থেকে নেমে একটু এগোনোর পর দেখলেন একটা ভ্যানে করে এক দোকানদার বিভিন্ন রকমের লতাপা তা বিক্রি করছে। তিনি দাঁড়িয়ে পড়লেন। জিজ্ঞাসা করে বিভিন্ন লতা পাতার নাম জানলেন। একটা চেনা নামের ডাল দেখলেন। দোকানী বললঃ এই ডালটার নাম পদ্মগুলঞ্চ। ডালটা একটা আঙুলের সমান মোটা, গায়ে কাটা কাটা। অনেকে ধুতুরো গাছের ফলের কাঁটার মত। অনামিকা একটা ডাল কিনে বাড়ী এলেন। একটা টুকরো, কেটে রাত্রে ভিজিয়ে রাখলেন। সকালে খেয়ে দেখলেন জলটা অসম্ভব তেতো। অনামিকা তেতোয় বীতস্পৃহ নন। হঠাৎ অনামিকার মনে হল একটা টুকরো মাটিতে পুতে দি যদি হয়ে যায়। ডাল মাটিতে ধরে গেল। নতুন পাতা গজাল। একটু একটু করে বড় হতে লাগল। যেহেতু লতানো গাছ সেজন্য গাছকে আশ্রয় করে। পদ্মগুলঞ্চ পাশ পেয়ারা গাছ পেয়ে তাকে জড়িয়ে উঠতে লাগল। ক্রমশ ছাদের জলের পাইপ ধরে ছাদে উঠে এসি মেশিনের তারে জড়িয়ে যেতে লাগল। ডাল ছেঁটে দিয়েও কাজ হল না। আশ্চর্য বার যেই কে সেই। ফলত অনামিকা গাছের গোঁড়া থেকে কেটে দিলেন। কি আশ্চর্য! গাছ বেঁচে রয়েছে। পাতারা দিব্যি সজীব রয়েছে। অনামিকা আবিষ্কার করলেন সমস্ত গাছের ডাল থেকে সুতোর মত বুরি নেমে মাটিতে মি শেছে। গাছটাকে নির্মূল করতে অনামিকার আরও মাস ছয়েক লেগেছিল। কিন্তু অনামিকার চোখ খুলে দিয়েছে ওই গাছ। কতখানি সাহায্য করতে পারে এই দৃশ্য তাই প্রামাণ্য করে।

বেশীর ভাগ প্রফেশনাল ড্রাইভার নেশা করে। অনামিকা যখন তাকে নিয়োগ করেছিলেন তাকে বলেছিলেনঃ মদ খাও না ত? উত্তরে সে বলেছিলঃ খাই না বলব না তবে রাতে খাই। অনামিকাঃ গাড়ী চালানোর সময় মদ খাবে না কিন্তু। চলছিল ঠিকঠাক।

অনামিকা দেখছিলেন গাড়ীর ড্রাইভার ঠিক সময়ে চলে আসে, মানবিক বোধ সম্পন্ন,। একদিন সময় পেরিয়ে যাচ্ছে অথচ আসছে না। বারে বারে ফোন করছেন।

ফোন ধরছে না। অনামিকা ভাবলেন হল কি? এমন ত কোনদিন করে নি। এ কটু বেরিয়ে দেখি আসছে নাকি। হাতে গাড়ীর চাবিটা নিয়ে বেরলেন। একটু এগোতেই পরিচিত একজনের সংগে দেখা। কমল বাবু বললেনঃ দিদি, অফিস নেই।

অনামিকাঃ আছে ত। ড্রাইভার এখনও আসে নি।

অনামিকাঃ আছে ত। ড্রাইভার এখনও আসে নি। দেরী করছে। কি হল দেখতে বেরিয়েছি।

কমল বাবুঃ ওকে একটু আগে ওই সামনের বেদীতে য়ে থাকতে দেখেছি।

অনামিকাঃ তাই নাকি?

একটু এগিয়ে দেখেন সত্যিই তাই। সেখানে চাদর মুড়ি দিয়ে ঘুমোচ্ছে। অনামিকা ডাকেনঃ মদন, মদন। এখানে যে আছ কেন? কতবার তোমাকে ফোন করলাম। অফিসের দেরী হয়ে যাচ্ছে ত। মদন উঠে বসে জড়ানো গলায় বলে চলুন। আমি চাবি হাতে নিয়ে বেরিয়েছি এই নাও বলে চাবি হতে দিয়ে দিলেন। অনামিকা চমকে দেখেন ড্রাইভার ঝড়ে গাছ যেভাবে দোলে সেভাবে ড্রাইভার হেটে যাচ্ছে। অনামিকা বুঝলেন মদে চুর হয়ে আছে। অনামিকা ভাবলেন ও গাড়ী চালা বে কেমন করে? ভয় পেয়ে তার পিছন পিছন চলতে লাগলেন। ড্রাইভার গ্যারাজের দরজা খুলছে।

অনামিকাঃ তুমি অসুস্থ। যাবে কি করে?

মদনঃ জড়ানো গলায় বলে ঠি--ক চলে যাব।

পাশের দোকানের পরেশ বলেঃ দিদি, আপনি অনেক দূরে যান। আজ ওকে নিয়ে যাকেন না, দেখুন না, ও দাঁড়াতেই পারছে না।

অনামিকা নেছিলেন মাথায় জল ঢেলে দিলে নাশা ছুটে যায়। বললেনঃ আগে বাড়ীতে চল। চান করে নেবে তারপর গাড়ী চালাবে।

পরেশ এগিয়ে এসে মদনের হাত থেকে চাবি নিয়ে নিল। বললঃ যাও দিদি বলছে চান করে নাও। শরীর ঠিক হলে তবে যাবে। আর অনামিকাকে বললঃ দিদি, আজ আর ওকে নিয়ে বেড়াবেন না। অনামিকা এমন ঘটনার সম্মুখীন হয়ে কি যে করবেন বুঝতে পারছেন না। মদন বাথরুমে ঢুকেছে স্নান করতে। বেশ খানিকটা সময় চলে গেল। জলের শব্দ পাওয়া যাচ্ছে না অথচ বাথরুম থেকেও বেরোচ্ছে না। অনামিকা ডাকছেনঃ কি হল? একটু পরে দরজা খুলে বেরোলেও নেশা কেটেছে বলে অনামিকার মনে হল না। গায়ে জল ঢেলে চান করেছে বলেও মনে হল না। রাগের সুরে বললেনঃ সকাল বেলাতেই মাথায় দূরবুদ্ধি চেপেছে। এদিকে আমার দেরী হয়ে যাচ্ছে। আজ আমাকে অফিসে যেতেই হবে। তুমি এমন কাণ্ড করলে তোমার ওপর ভরসা করে কি করে পথ

বেড়াবে?

এসব কথা নেন মদন বলেঃ আমি গাড়ী চালাব না। চাবিটা হাতে দিয়ে টলতে টলতে এগিয়ে গেল। অনামিকা দরজা বন্ধ করে বাসেই গন্তব্য স্থলে পৌঁছলেন।

আত্মীয় অমিত বললঃ মদ্যপ অবস্থায় গাড়ী চালাতে গিয়ে ধরা পড়লে ফাইন করে দেবে। অফিসারদের সন্দেহ হলে পেটে পাইপ ঢুকিয়ে পরীক্ষা করবে। কোন অ্যাক্সিডেন্ট মদ খেয়ে গাড়ী চালালেই হয়। সবাই বলতে লাগল ওকে রাখার দরকার নেই। অন্য ড্রাইভার দেখুন। এতদিন খুবই দায়িত্বের সংগে কাজ করেছে। অনামিকা ভাবলেন একদিনের একটা ঘটনায় ওকে ছাড়িয়ে দেব! কয়েক দিন পরপর ছুটি ছিল। অনামিকা মদনকে ডেকে পাঠান। অফিস যাবেন। মদন এল গায়ে একটা চাদর। বললঃ খুব ঠান্ডা লেগেছে। ফেরার সময় বললঃ জ্বর এসেছে। ভীষণ অরুচি কিছু খেতে পারছে না। খুব দুর্বল। অনামিকা দেখলেন মাঝে মাঝে কাসছে। এর মধ্যে অন্য একদিন গাড়ী থেকে নেমে রাস্তায় গিয়ে বমি করে এল।

অনামিকা বললেনঃ তোমার শরীর ভাল থাকার কারণ তুমি নিজে। যা খেল শরীর ভাল থাকবে তা খাবে যা খেলে শরীর মন্দ হবে তা খাবে না। যদি নিজে নিজের মাস্টার হতে পার তাহলেই একমাত্র সুস্থ থাকতে পারবে। তুমি নিজেকে নিজে যদি নিয়ন্ত্রণ করতে না পার তাহলে ব্রন্কা, বিষ্ণু মহেশ্বর ও তোমাকে বাঁচাতে পারবে না। অনামিকার মনে হয়েছিল মদ খেয়ে লিভার যদি লিভার খারাপ হয়ে গিয়ে সিরোসিস অব লিভার হয়ে থাকে তাহলে? আজকালকার ডাক্তাররা টাকা ছাড়া কি চেনে না। অত টাকা ও পাবে কোথায়? আর সরকারী হাসপাতালে অবহেলায় মারা যাবে। অনামিকার হঠাৎ মনে হল তিনি পদ্ম গুলধরের শিকড় বিহীন অবস্থায় বুরি নামতে দেখেছিলেন। অসম্ভব জীবনী শক্তির প্রকাশ নিশ্চয়ই। এবং রামদেব বাবার মুখে নেছিলেন যে যে কোন ধরনের জ্বর সারাতে পারে এই গাছের ডাল। মদনকে পদ্ম গুলধরের একটা ডালের দের আঙুল পরিমাণ নিয়ে ছোট ছোট টুকরো করে কেটে সারা রাত্রি জলে ভিজিয়ে ওই জলটা সকালে খেতে বললেন। অনামিকা বললেনঃ তোমার কোন ক্ষতি হবে না। উপকার হলে হবে। এখন বড় ডাক্তার দেখাতে তুমি পারবে না। যে সব দামী দামী ওষুধ দেবে কিনতে পারবে না। পদ্ম গুলধর খাও আর তোমার যীশুর নাম কর।

মদন বলেঃ কোথায় পাব? অনামিকা যেখান থেকে সংগ্রহ করেছিলেন বলে দিলেন। মদন আট টাকায় বেতের মত লম্বা পরিমাণ ডাল কিনে দেখিয়ে গেল। অনামিকা বললেনঃ হ্যাঁ এটাই। তবে খুব তেতো কিন্তু। কয়েকদিন খেলে আর তেতো লাগবে না।

দিন সাতেক পর অনামিকা বললেনঃ কি বুঝছ? পদ্ম গুলধর কোন কাজ হল?

মদনঃ হ্যাঁ ম্যাডাম। মনে হচ্ছে আমার সুট করেছে।

অনামিকাঃ কি রকম?

রাতে ঘুম হচ্ছে, খেতে ও পারছি। আমারত কোন খিদেই পেত না।

অনামিকাঃ দেখ আর কতটা পরিবর্তন হয়।

মদনঃ কত দিন খেতে হবে ম্যাডাম?

অনামিকাঃ তিন মাস একটানা খেতে হবে।

আশ্চর্য জনক ভাবে দেখলেন ওর সমস্যা মিটেত গেলই চেহারাতেও উজ্জ্বলতা ফিরে এল। ওর পরিচিত জনেরা ওকে জিজ্ঞাসা করেছেঃ কি করে তোর এমন পরিবর্তন হল রে? ও সবাইকে পদ্ম গুলধের গুণগান করে। কয়েকজন বলেছেঃ কোথায় পাওয়া যায় আমাকে এনে দিবি? মদন অনেককে এনে দেয়। কারণ ওর দোসরেরা ত ওরই পথের পথিক। জয়! পদ্ম গুলধের জয়। অনামিকা ভাবছিলেন এম শক্তিশালী ওষুধ থাকতে আমরা হাসপাতাল নার্সিংহোম আর কড়া কড়া অ্যালোপ্যাথি ওষুধ কিনে সর্বসান্ত হই, মৃত্যুকে ডেকে আনি।

ওঁ শ্রী শ্রী সিদ্ধিদাতা গণেশায় নমঃ

অমরনাথ দর্শন

কার্তিক সাহা

এবার আমাদের ঠিক হল তুষারতীর্থ অমরনাথ দর্শন করব। ছোটবেলা থেকে বাড়িতে একটা ছবি দেখে এসেছি-পাহাড়ের গুহার ভিতর বরফের স্তূপ। বাড়ির গুরুজনদের কাছে জানতে চাইলে তারা বললেন ওটা হল তুষারতীর্থ অমরনাথের ছবি। এটা একটি শিবলিঙ্গ। খুব ইচ্ছা হত ওটাকে চান্ধুষ দেখার। মনে মনে খুব ভাবতাম একদিন যাব। শুনেছিলাম দাদু-ঠাকুমার মুখ থেকে এর সম্বন্ধে নানা গল্প। খুব দুর্গম জায়গা অনেক হাঁটতে হয়। অনেক কষ্টের রাস্তা, আরো অনেক কিছু। তবুও তা দেখার খুব ইচ্ছা হত। মনে মনে ভাবতাম কি এমন জিনিস; মানুষ অতো কষ্টের পরেও দেখতে চায়। এর মধ্যে এমন কি আছে? কিসের নেশার মানুষ এতো কষ্ট পেয়েও যেতে চায়। তাই এবার যখন হাতের কাছে সুযোগ এসে গেল তখন আমি সবার আগে রাজি হয়ে গেলাম।

দশজন নিয়ে আমাদের অমরনাথ যাত্রার দল। তারা হলেন সবার বয়ঃজ্যেষ্ঠ ভজা দা, সৌমেন দা, অমল দা, সোমনাথ দা, শঙ্কর কাকা, মুরাজ দা, সত্যজিৎ দা, গোপী দা, আর সবার কনিষ্ঠ সদস্য অর্পব ভাই। আমাদের দলের গাইড হল মুরাজ দা। ভজাদা সবার বয়ঃজ্যেষ্ঠ হলেও ওনার এই বয়সের সাহস আমাদের উদ্ভুদ্ধ করে। প্রথমেই বলে রাখি অমরনাথ যাব বললেই যাওয়া যায় না, তার জন্য আগে থেকে মেন্টালি ও ফিজিক্যালি ফিট সার্টিফিকেট লাগে। সেটা পাওয়ার জন্য যাত্রার ৪ মাস আগে থেকে আমাদের হাওড়া জেনারেল হসপিটাল থেকে তা জোগাড় করতে হয় নানা পরীক্ষার মাধ্যমের পর। যেমন-চোখ, হার্ট, প্রেসার, রক্তের গ্রুপ, শরীরের কোনো প্রতিবন্ধকতা আছে কিনা তা যাচাইয়ের পর তবেই হসপিটাল আমাদের ফিট সার্টিফিকেট দেয়।

আমরা সেটা ০৯.০৩.১৮ তারিখে হাওড়া হসপিটাল থেকে পাওয়ার পর ওইদিনই হাওড়া ময়দানে অবস্থিত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে যোগাযোগ করলাম। এখানে বলে রাখি এই হাওড়ায় অবস্থিত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ও ইয়েস ব্যাঙ্ক থেকে অমরনাথ যাত্রার পারমিট চালান দেওয়া হয়। তবে ওই হসপিটালের ফিট সার্টিফিকেট দেখানোর পর। অতঃপর আমরা যখন ব্যাঙ্ক থেকে অমরনাথ যাত্রার পারমিট পেলাম তখন সবার মুখে হাসি ফুটলো। এখানে বলে রাখি এই পারমিটে লেখা থাকে আমরা কত তারিখে প্রথম পয়েন্ট থেকে হাঁটা শুরু করব, কোন রুট ধরে এগোব, কোন রুট ধরে নামবো,

রক্তের গ্রুপ, নিজের নাম ঠিকানা, বয়স, বাড়ির ফোন নং, এছাড়া কোন ডাক্তার বাবু আমাদের হেলথ সার্টিফিকেট দিয়েছেন তার নাম, এই পারমিটটা তিনটি ভাগে থাকে। মেন গেট মানে যেখান থেকে হাঁটা শুরু হয় সেখানে একটা পার্ট সেনাবাহিনীর অফিসে দিতে হয় তারপর অনুমতি মেলে হাঁটার জন্য। অতঃপর আমাদের প্রথম পার্ট শেষ হল এবার অপেক্ষা করি ওই দিনটি কবে আসবে। অমরনাথ যাত্রার ১ মাস আগে থেকে SASBJK থেকে আমাদের ফোনে ম্যাসেজ আসতে লাগলো বিভিন্ন উপদেশমূলক যেমন রোজ 4.5k.m হাঁটতে, ভালো জুতো পড়তে, গরমের কাপড় নিতে, আইডেন্টি কার্ড নিতে, রেজিস্ট্রেশন পারমিট নিতে। আমরা SASBJK এর কথামতো প্রতিদিন ভোরে 4-5km হাঁটতে থাকলাম যাতে অমরনাথ যাত্রার কোনো অসুবিধে না হয়। ক্রমশ আমাদের প্রতিশ্রুতি দিন এগিয়ে এল। ২৭ জুন আমরা রওনা দিলাম দিল্লীর উদ্দেশ্যে। পরের দিন ২৮ জুন সকাল ১০.০০ নাগাদ আমরা পৌঁছালাম দিল্লীতে। সেখানে আমাদের আগে থেকেই রেলের ডর্মিটারি রুম বুক করা ছিল। তাই সেখানে গিয়ে আমাদের লাগেজ রেখে ফ্রেস হয়ে আমরা বেড়িয়ে পড়লাম দিল্লীর অক্ষয়ধাম মন্দির দেখতে। কারণ দিল্লী থেকে কাটরা যাবার বৈষণোদেবী সুপারফাস্ট ট্রেন রাত ০৮.০০ নাগাদ ছাড়বে। তাই এই মাঝের সময়টুকু আমরা কাজে লাগিয়ে দিলাম। সত্যি দিল্লীর অক্ষয়ধাম মন্দির ভীষণ সুন্দর। এর জন্য সুরাজদাকে ধন্যবাদ দিতেই হয় কারণ ওনার এটা আগে থেকেই প্ল্যান করা ছিল। আমরা মন্দির দেখে মন্দিরে ভোগ খেয়ে বিকালের দিক করে রেলের রুমে পৌঁছালাম যেখানে লাগেজ ছিল। এরপর আমরা ০৮.৫৫ সময় ট্রেনে চাপলাম কাটরা যাবার উদ্দেশ্যে। পরের দিন আমরা কাটরা পৌঁছালাম সকাল ০৮.৩০ নাগাদ। তখন হাঙ্কা বৃষ্টি হচ্ছিল। বৃষ্টি ভেজা সকালে কাটরা স্টেশনটা খুব ভালো লাগছিলো কারণ এর খুব কাছেই পাহাড় ছিল। খুব সুন্দর প্রাকৃতিক দৃশ্য। আমরা কাটরাতে নেমে ব্রেকফাস্ট সেরে নিলাম। এরপর আমরা গেলাম রেলস্টেশনের মধ্যে অবস্থিত একটি ট্যুরিজিম অফিসে গাড়ি ভাড়া করার জন্য। অনেক দরকষাকষির পর আমরা গাড়ি বুক করে বেড়িয়ে পড়লাম পহেলগাঁওয়ের উদ্দেশ্যে, যেখান থেকে আমাদের যাত্রা শুরু হবে। গাড়ি চলতে শুরু করল, আমাদের সকলের মুখে তখন একটা ভীষণ খুশির ছাপ, কিন্তু, এই খুশিটা বুঝি বেশিক্ষণ স্থায়ী হলো না কারণ আমাদের গাড়িকে ১০-১১ কিলোমিটার যাবার পরই হাইওয়েতে দাঁড় করিয়ে দেওয়া হল। এখানে সব জায়গায় রাস্তা কন্ট্রোল করে ভারতীয় সেনাবাহিনী ও জম্মুকাশ্মীর পুলিশ। ওনাদের থেকে কারণ জানতে চাইলে ওনারা বললেন আগের দিনে প্রবল বৃষ্টির ফলে পাহাড়ী রাস্তা ধ্বসে বন্ধ হয়ে গেছে। যতক্ষণ না পর্যন্ত রাস্তা পরিষ্কার হয় ততক্ষণ পর্যন্ত কোনো গাড়ি ছাড়া হবে না। অগত্যা আমরা অপেক্ষায় রইলাম। ক্রমশ সময় বয়েই যাচ্ছিল। খিদেও পাচ্ছিল আমাদের। তখন আমরা কিছু দূরে একটা ভান্ডারায় গেলাম সেটা হাইওয়ের পাশেই ছিল। সেখানে আমরা খাওয়া দাওয়া করলাম। দেখলাম

সেখানে ও আমাদের মতো অনেক অমরনাথ যাত্রী যারা বাসে বা গাড়ি করে এসেছিল তারাও রয়েছে। ক্রমশ গাড়ির ভিড় বাড়তে লাগল। সবাই অপেক্ষায় ছিলাম এই বুঝি গাড়ি ছাড়ার পারমিশন দিল। কিন্তু ভাগ্য আমাদের সাথ দিল না। কিছুক্ষণ পর সেনাবাহিনী লোকেরা বলল আজ কোনো গাড়ি ছাড়া হবে না। তখন আমরা হতাশ হয়ে গিয়েছিলাম কারণ ওই দিনই আমাদের গেট পাশ ছিল অমরনাথ দর্শনের। কিন্তু খোঁজ নেওয়ার পর জানলাম আবহাওয়া খারাপের জন্য রাস্তা বন্ধ হওয়ার ফলে ওই গেট পাশ দিয়ে আমাদের দুই তিন দিন পরে প্রবেশ করতে দেবে। তখন আমরা আশ্বস্ত হলাম। তখন আমরা ঠিক করলাম আজ যখন যেতেই পারলাম না তখন বাকি সময় নষ্ট না করে কাটরার বৈষ্ণব দেবী মন্দির দর্শন করব। গাড়ি ঘুরিয়ে আমরা আবার কাটরায় এসে একটা হোটেল বুক করলাম। সেখানে কিছুক্ষণ রেস্ট নিয়ে বাইরে দোকানে এসে চা বিস্কুট খেয়ে হোটেল থেকে একটা অটো করে আমরা বৈষ্ণবদেবী মন্দির দর্শনের জন্য মেন গেট যেখান থেকে যাত্রা শুরু হয় সেখানে গেলাম। সেখানে লাইন দিয়ে চালান কাটিয়ে আমাদের হাঁটা শুরু হল। তখন ঘড়িতে বাজে ৪.৩০ ক্রমশ আমরা পাহাড়ের চড়াই উত্ৰাই ভেঙ্গে এগোতে থাকলাম। হাঁটার আগে আমরা রাস্তার ধারে দোকান থেকে লাঠি কিনে নিলাম হাঁটার সুবিধার জন্য। হাঁটার পথ বৌশর ভাগটাই খাড়াই। এখানে দেখলাম ঘোড়া করে যাবার ব্যবস্থাও আছে। ঘোড়ায় করে যাবার জন্য ১৫০০-২০০০ টাকা লাগে। আমরা হেঁটেই গেলাম। হাঁটতে হাঁটতে দেখলাম আগের দিনে বৃষ্টির ফলে অনেক জায়গায় পাহাড় থেকে বড় বড় পাথর পরে রাস্তা বন্ধ হয়ে আছে। আমরা তার পাশ দিয়ে আবার অনেক সময় কিছুটা ঘুরে এগোতে থাকলাম গন্তব্যের দিকে। হাঁটতে হাঁটতে মাঝে থেমে রাস্তার পাশে থাকা দোকান থেকে চা বিস্কুট খেলাম ও খানিক বিশ্রাম নিলাম। এরকম করে চলতে চলতে যখন মন্দিরের কাছে পৌঁছলাম তখন ঘড়িতে বাজে ১২.৩০-১.০০। মন্দিরের ১-২ কিলোমিটার আগে থেকেই লাইন দিতে হল প্রচণ্ড ভিড়ের জন্য। লাইনে দাঁড়িয়ে রাস্তার পাশের দোকান থেকে পূজার নৈবেদ্য কিনে নিলাম। লাইন এগোতে থাকল, ক্রমশ আমরাও এগোতে এগোতে একটা সুড়ঙ্গের মুখে এসে পড়লাম। ওই সুড়ঙ্গের ভিতর দিয়ে আমাদের যেতে হল। সুড়ঙ্গের শেষ প্রান্তে এসে আমাদের উদ্দেশ্য সফল হল, দেখতে পেলাম বৈষ্ণবদেবী মাতাকে। কিন্তু আমাদের ওখানে বেশিক্ষণ থাকতে দেওয়া হল না প্রচণ্ড ভিড়ের জন্য। দর্শন পেয়ে আমরা ভীষণ খুশি ছিলাম। এবার ফেরার পালা আবার হাঁটা শুরু হল একসঙ্গে। এই পাহাড়ে ফেরার পথে একটা জায়গা ছিল সেখান থেকে আরো একটি মন্দির আছে সেটা হল কাল ভৈরব মন্দির। ওখানের রাস্তা আরো খাড়াই তার ওপর রাস্তা অনেক জায়গায় বন্ধ। তাই আমরা আর ওখানে না গিয়ে হোটেলের দিকে রওনা হলাম। যখন আমরা পুনরায় আমাদের শুরুর পয়েন্টে ফিরলাম তখন সকালের আলো ফুটে উঠেছে। আমরা কয়েক জন একটু এগিয়ে চলে আসায় স্টার্টিং পয়েন্টে এসে বাকিদের অপেক্ষায় রইলাম। এখানে বলে

রাখি এই পথের বেশিরভাগ জায়গায় টিনের শেড দিয়ে ঢাকা; রোদ বৃষ্টির হাত থেকে বাঁচার জন্য। এছাড়া রাস্তার পাশেই অনেক দোকান-পাট আছে। বেশ কিছু জায়গায় সিঁড়ি করাও আছে ওঠানামা করার জন্য। রাস্তার পাশে খাবার জলের ব্যবস্থাও আছে। রাস্তার কোনো জায়গাতে হাঁটতে না পারলে মাঝপথে ঘোড়াও পাওয়া যায়। তবে তা দরদাম করে ঠিক করতে হয়। যাইহোক সবাই একসাথে হতে সকাল ৭টা বেজে গেল। এবার আমরা ওখান থেকে অটো ধরে হোটেলে ফিরলাম। হোটেলে ফিরে চান সেরে ফ্রেস হয়ে টিফিন করে পুরো রেস্ট। যখন ঘুম ভাঙ্গলো তখন দুপুর হয়ে গেছে। এরপর আমরা খাওয়া দাওয়া করে আবার রেস্ট নিয়ে সন্দের দিকে কাটরা জায়গাটা ঘুরতে বেরোলাম। জায়গাটা বেশ ভালো। এখানকার লোকজনও ভালো। বাজারে দেখলাম আখরোট, পেস্তা, বিক্রী হচ্ছে খুব সস্তায়। আমরা ৩০ তারিখ কাটরায় ছিলাম। আমাদের একটা মিশন সফলতা পেল। এর পরেরটা ছিল আসল। ওই রাতে আমরা একটু তাড়াতাড়ি শুয়ে পড়লাম। কারণ পরের দিন ১ তারিখ ভোরবেলা আমরা বেড়োবো পহেলগাঁওয়ার উদ্দেশ্যে। গাড়ি আমাদের হোটেলেই ছিল, তাই প্রয়োজনীয় জিনিস রেখে বাকি লাগেজ গাড়িতে তুলে দিলাম। পরের দিন ১ তারিখ ভোরবেলা ৪টার সময় আমরা ঘুম থেকে উঠে তাড়াতাড়ি ফ্রেস হয়ে ৪.৩০টার মধ্যে গাড়ি করে বেড়িয়ে পড়লাম। সকলের মনেই একটা টেনশন কাজ করছিল আর আমরা সকলেই মনে মনে ভগবানকে ডাকছিলাম যেন আজ আর আমাদের রাস্তায় কোনো বাধার মুখে পড়তে না হয়। আমাদের গাড়ি ক্রমশঃ এগোতে থাকলো গন্তব্যের দিকে। পহেলগাঁওয়ার পথে যেতে যেতে অনেক গুলো ছোট বড় টানেল পড়ল। পাহাড়ের গুহার মধ্যে দিয়ে রাস্তা। যার মধ্যে উল্লেখযোগ্য হল জহর টানেল। এই টানেলের মধ্যে দিয়ে যাওয়ার আগে আমাদের চেক করা হল। টানেলের দুই প্রান্তে প্রচুর সেনাবাহিনী মোতায়েন করা থাকে যাতে কোনো নাশকতা না হয়। সুড়ঙ্গের মধ্যে দিয়ে যখন গাড়ি যাচ্ছিল তখন একটা অদ্ভুত অনুভূতি কাজ করছিল। আমরা ১০.০০ নাগাদ এক জায়গায় গাড়ি থামিয়ে টিফিন করে নিলাম। যখন টিফিন করছিলাম তখন বেশ কিছু বাইক রাইডার্স দেখলাম। কৌতূহলবশত তাদের সাথে আলাপ করে জানলাম তারা বাইক নিয়ে লাদাখ যাচ্ছে। এরপর আবার আমাদের গাড়ি ছুটতে লাগলো। গাড়িতে যেতে যেতে বেশ কিছু লোকালয় চোখে পড়ল, সেখানে সেনাবাহিনীর প্রাদুর্ভাব চোখে পড়ার মতো। ওই সব জায়গার বেশ কিছু দূরেই শুনলাম পাকিস্তান বর্ডার। জঙ্গি এলাকা তাই এতো নজরদারি। ক্রমশঃ আমাদের গাড়ি গন্তব্যের কাছাকাছি যত এগোতে থাকলো ততই যেন আশ পাশের প্রাকৃতিক পরিবেশ বদলাতে থাকল। এক পাশে খরশ্রোতা পাহাড়ী নদী ঝিলাম, তার পাশে আপেল গাছ, আখরোট গাছের সারি আর অপর প্রান্তে পাহাড়ের কোলে ঝাউগাছের সারি ছবির মতো সুন্দর। আমাদের গাড়ি নদীর পাড় ধরে যাচ্ছিল কিন্তু মন মানে না এত সুন্দর মনোরম দৃশ্য চোখের সামনে দেখে ছবি তোলার জন্য গাড়িকে

কিছুক্ষণ দাঁড় করিয়ে ছবি তুললাম। দারুণ দৃশ্যস্পট প্রকৃতি যেন তার সব কিছু টেলে সাজিয়ে রেখেছে। প্রকৃতি যেন আমাদের বরণ করে নিল। এরপর দুপুর ১.৩০ নাগাদ আমরা পহেলগাঁও পৌঁছালাম। পহেলগাঁও ঢোকার আগে আবার আমাদের মালপত্র চেক করা হল স্ক্যানার দিয়ে। তবেই আমাদের ছাড়ল। এরপর আমরা শহর থেকে কিছুটা আগে একটা হোটেল নিলাম— ‘পাম ভিউ রিসর্ট’। হোটেলে এসে কিছুক্ষণ পর আবার বেড়িয়ে পড়লাম। হোটেলেরই জানলাম এই জায়গার খুব কাছেই বেশ কিছু দর্শনীয় স্থান আছে, সেখানে যেতে গেলে ঘোড়ায় করে যেতে হয়। অগত্যা আমরা সবাই ঘোড়া ভাড়া করে বেরিয়ে পড়লাম। প্রত্যেক ঘোড়া পিছু ভাড়া ১২০০ টাকা। ঘোড়ায় করে বরনা, পাহাড় দেখতে দেখতে আরো অনেকগুলো সুন্দর সুন্দর জায়গা দেখে আমাদের সবার মন ভীষণ আহ্লাদিত হয়ে পড়ল। এরপর আমরা ঘোড়ায় চড়ে পহেলগাঁও বাজারের কাছে এলাম। এখানে এসে ঘোড়া ছেড়ে দিলাম। আমরা সন্ধ্যাবেলা পহেলগাঁও বাজার ঘুরে দেখলাম। সবকিছু যেন ছবির মতো সুন্দর করে সাজানো। রাত ৮.০০টা নাগাদ আমরা হোটেলে ফিরলাম। এরপর আমাদের কালকে যাবার প্রস্তুতি নিতে হল। আমরা আমাদের প্রয়োজনীয় সামগ্রী, ঔষধ পত্র, গরম কাপড়, ক্যামেরা নিয়ে বাকি লাগেজ গাড়িতে তুলে দিলাম। কারণ ২ তারিখ আমাদের হাঁটা শুরু হবে।

গাড়িতে আমাদের এক্সট্রা লাগেজ তুলে দিয়ে ড্রাইভারকে বলা হল উনি যেন বালতাল স্ট্যান্ডে গিয়ে আমাদের জন্য অপেক্ষা করেন। এখান থেকে বালতালের দূরত্ব প্রায় ৪০০-৫০০ কিলোমিটার। আমাদের রুট প্ল্যান অনুযায়ী আমরা বালতাল গিয়ে নামবো তিন দিন পর। আমাদের রুটটা ছিল চন্দন বাড়ি— শেষ নাগ— পঞ্চ তরণী— দর্শন করে বালতাল। এরপর শুধু প্রতীক্ষার পালা। কখন ভোর হবে। আমরা যে হোটেলে ছিলাম সেই হোটেলে ওয়াইফাই সিস্টেম থাকায় মোবাইল ফোনে বাড়িতে ভিডিওকল করে কথা বলে নিলাম। এবার খাওয়া দাওয়া করে শুয়ে পড়লাম তাড়াতাড়ি, কারণ কাল ভোরে খুব তাড়াতাড়ি উঠতে হবে। বাইরে ঠান্ডা ছিল ভালোই— কলের জলে হাত দেওয়া যাচ্ছিল না এত ঠান্ডা। পরের দিন ২ তারিখ আমরা খুব ভোরে উঠে পড়লাম। আমি উঠে রাখরুমে গিয়ে ফ্রেস হয়ে চান করে নিলাম ওই ঠান্ডাতে, কারণ আগে কি হবে তখনও আমাদের অজানা। আমরা সবাই তাড়াতাড়ি ফ্রেস হয়ে আমাদের লাগেজ নিয়ে বেড়িয়ে পড়লাম। তখন ঘড়িতে বাজে সকাল ৪.৩০ আমরা হোটেল থেকে বেশ কিছুটা গিয়ে একটা গাড়ি ভাড়া করলাম। কারণ এখান থেকে যেতে হবে চন্দন বাড়ি যেখান থেকে আমাদের যাত্রা শুরু হবে। পহেলগাঁও থেকে চন্দন বাড়ির দূরত্ব ১৫ কিলোমিটার। কিছুটা যাওয়ার পর আমাদের গাড়ি দাঁড়িয়ে গেল প্রচন্ড জ্যামে। এত ভিড়ের কারণ জানতে চাইলে স্থানীয় লোকেরা বলল আর্মির তরফ থেকে যতক্ষণ পর্যন্ত না ঘোষণা হচ্ছে— কোনো গাড়ি ছাড়া হবে না। এখানে সেনাবাহিনীর কথাই শেষ

কথা। তাই আমরা অপেক্ষা করতে থাকলাম অর্ডারের জন্য। প্রায় ৫.৩০ নাগাদ অর্ডার আসতে আমরা আবার গাড়িতে উঠলাম। এরপর আমরা পৌঁছলাম চন্দনবাড়ি। এখানে এসে দেখলাম প্রায় হাজার খানেক ভিড় মানুষের। অনেকগুলো লাইন পড়েছে গেট পাশ হওয়ার জন্য। আমরাও যখন সকাল ৫টা থেকে দুপুর ১১.০০টা পর্যন্ত লাইনে দাঁড়িয়েছিলাম তখন দেখলাম এক সন্ন্যাসী তার বেশ কিছু চ্যালাকে নিয়ে কোনো বাধা না পেয়েই দিব্যি গেটের মধ্যে দিয়ে চলে গেল।

পরে জানলাম ওনাদের জন্য নাকি আলাদা ব্যবস্থা করা হয়। গেটের সামনে এলে আমাদের সবকিছু চেক করা হল। এখানে আমাদের পারমিশনের একটা কপি কেটে নিয়ে নিল সেনাবাহিনী। তারপর আমাদের প্রবেশের অনুমতি দিল। এত কিছুর পর যখন আমরা গেটে প্রবেশ করলাম তখন বাজে ৯.০০ টা। এরপর আমরা একজায়গায় একটা দোকানে চা, বিস্কুট খেলাম। এখান থেকে সবাই লাঠি কিনলাম হাঁটার সুবিধার জন্য। একটা কথা বলা হয়নি এই অমরনাথ যাত্রার একমাত্র যোগাযোগ ব্যবস্থা হল BSNL পোস্ট পেড সিম যেটা আমাদের অমলদা আগে থেকেই নিয়ে রেখেছিলো। আমাদের লাগেজ যাতে বইতে না হয় তার জন্য আমরা একটা পোর্টার (পিটু) ভাড়া করলাম সে আমাদের লাগেজ নিয়ে এগোতে থাকল। আমাদের ১০ জনের মধ্যে মুরাজ কাকা ও শঙ্কর কাকা প্রথমেই ঘোড়া ভাড়া করে নিল। তারা ঘোড়ায় করে এগোতে থাকল। আমরা হাঁটা শুরু করলাম জয় বাবা ভোলানাথের নাম নিয়ে। এখানে সবার মুখে একই কথা ‘জয় ভোলে’। আমাদের প্রত্যেকের সাথে রইল ছোট ব্যাগ, লাঠি ও জলের বোতল। ক্রমশঃ আমরা এগোতে থাকলাম। শুরুটা বেশ ভালোই লেগেছিল সবার। সবার মনের মধ্যে একটা আনন্দের ছাপ স্পষ্ট বোঝা যাচ্ছিল। হাঁটতে হাঁটতে দেখলাম পথের পাশে দাঁড়িয়ে বেশ কিছু লোক কাজু, পেস্তাবাদাম, লজেন্স দিচ্ছে বিনা পয়সায়। পরে বুঝলাম ওরা জীব সেবা করছে। জীব জ্ঞানে শিব কথাই তো আছে। প্রায় ২ কিলোমিটার যাওয়ার পর আমাদের সামনে পড়ল বিশাল একটা খাড়াই পাহাড়। এতটাই খাড়াই যে নীচে থেকে উপরের লোকেদের ভালো ভাবে বোঝাই যাচ্ছিল না। পুরো ৯০° খাড়াই যাকে বলে। এই জায়গাটার নাম হল পিশুটপ। কথিত আছে ভগবান শিব যখন পার্বতীকে অমর কথা শোনার জন্য যাচ্ছিলেন তখন অসুররা তার পিছনে ধাওয়া করে তখন ভগবান শিব এই জায়গায় খাড়া পাহাড় দাঁড় করিয়ে দেন যাতে অসুররা না আসতে পারে। যাইহোক এই খাড়া পাহাড় দেখে আমাদের সকলের আত্মারাম খাঁচা হয়ে গেল। ভাবলাম পারবো তো উঠতে। যাইহোক ভোলে বাবার নাম করে ধাপে ধাপে উঠতে লাগলাম। কিছুটা ওঠার পর রেস্ট নিতে হচ্ছিল সকলকে। এইখানে বলে রাখি ঘোড়ায় যাবার রাস্তা ও হেঁটে যাবার রাস্তা আলাদা। বৃষ্টির জন্য ঘোড়ায় যাবার রাস্তা কাদায় ভরে গিয়েছিল। মাঝে মাঝে ঐ রাস্তায় আমাদের যেতে হচ্ছিল। ঘোড়া ও মানুষ একসঙ্গে

যাবার ফলে হাঁটতে খুবই অসুবিধা হয়। তার ওপর রাস্তা ভীষণ সংকীর্ণ ও এবড়ো খেবড়ো। ক্রমশঃ আমি, অর্ণব ও অমল দা একটু এগিয়ে গেলাম। পাহাড়ের একটা ঢালে মাঝে বসে কিছুক্ষণ রেস্ট নিলাম। পাহাড়ের ঢালে রেস্ট নিতে নিতে নীচের প্রাকৃতিক দৃশ্য উপভোগ করছিলাম। হঠাৎ দেখি আমাদের থেকে কিছুটা দূরে এক সাধু বাবা গাঁজা সেবন করছে। তা আমাদের মাথায় একটু বদবুদ্ধি এল। আমরা সটান সাধুবাবার কাছে গিয়ে বাবার প্রসাদ মানে গঞ্জিকা চেয়ে বসলাম। সাধু বাবা কিন্তু নিরাশ করলেন না। এই নে বেটা বলে কলকেটা এগিয়ে দিলেন কিন্তু আমাদের খাওয়ার অভ্যাস নেই। তাই কলকে কি করে ধরতে হয় তাও জানা ছিল না। তখন উনিই দেখিয়ে দিলেন। আর আমরা জয় ভোলে বলে কলকেতে টান দিলাম। তারপর তো মাথা ঘুরে পড়ে যাওয়ার অবস্থা। এর কিছুক্ষণ পর আমরা আবার হাঁটা শুরু করলাম। আমাদের মধ্যে সত্যজিৎ দা একটা শর্টকাট নিয়ে একটা খাড়াই চড়াই উঠতে লাগল। পুরোটা উঠে উপরে গিয়ে আমাদের জন্য অপেক্ষা করবে বলে গেল। অজ্ঞতা আমরা আমাদের পথ ধরে এগোতে থাকলাম। যখন সত্যজিৎদার সঙ্গে দেখা হল তখন দেখলাম সত্যজিৎদার শরীর খারাপ হয়েছে। খাড়াই ওঠার পর এক জায়গায় বসে পড়েছিল। তার ওপর উচ্চতাজনিত ব্যাপার ছিল। অবস্থা ক্রমে আরো খারাপ হতে থাকলো। তখন আমরা ওনাকে ঘোড়ায় করে পাঠাবার ব্যবস্থা করলাম শেষনাগ পর্যন্ত। অর্থাৎ আমাদের গন্তব্য স্থলে। যখন আমরা পিণ্ডটপের উপরে উঠলাম তখন ওপর থেকে নীচের লোকদের ভালোভাবে দেখাই যাচ্ছিল না। তার ওপর থেকে আশ পাশের প্রকৃতিক দৃশ্য দারুণ মনোরম সুন্দর লাগছিল। প্রথম খাড়াই ওঠার পর আমরা বুক ভরে দম নিলাম আর তখন মনে হল হাঁ আমরা উপড়ে উঠে পড়েছি। উপড়ে ওঠার পর আমরা আবার হাঁটা শুরু করলাম। ২ কিমি. যাবার পর দেখলাম রাস্তার পাশে বরনার জল পড়ছে এবং সেখানের রাস্তা খুবই সংকীর্ণ ও ঝুঁকি পূর্ণ। একজন আর একজন পাশাপাশি যেতে অসুবিধে হয়। বেশকিছু জায়গায় বরফ পড়েছে দেখলাম। কিছুক্ষণ পর আমরা রাস্তার ধারে বেশকিছু জায়গায় ভান্ডারা দেখলাম। এখানে সবকিছু খাবার দর্শনার্থীদের বিনামূল্যে দেওয়া হয়। এই জায়গাগুলো খুব পরিষ্কার পরিচ্ছন্ন। আমরা এরকমই একটি ভান্ডারায় ঢুকে দুপুরের খাবার খেলাম। এই ভান্ডারাগুলোর পাশে অস্থায়ী শৌচাগার, স্নানাগারের ব্যবস্থা করা আছে, সবই বিনামূল্যে। আমরা খাওয়া দাওয়া করে কিছুক্ষণ বিশ্রাম নিয়ে আবার হাঁটা শুরু করলাম। প্রায় ২ কিলোমিটার পর আবার আমাদের সামনে একটা খাড়া পাহাড় পড়ল। এই পাহাড়ের ধাপ কেটে রাস্তা এতই সরু যে দুজন মুখোমুখি হলে অন্যজনকে পাহাড়ের গায়ে হেলান দিয়ে থাকতে হয়। মনে হয় বাড়ির ছাদের কার্নিশের ওপর দিয়ে হাঁটছি। এই জায়গায় যারা ঘোড়ায় করে যায় তাদের নামিয়ে দেওয়া হয় ও ঘোড়াগুলোকে খালি অবস্থায় অন্য রাস্তা দিয়ে নিয়ে যাওয়া হয়। সব দর্শনার্থীকেই এখানটা হাঁটতে হয়। এই পাহাড়ের ওপড়ে ওঠার পরেই দেখলাম চারদিকে বরফ পড়ে রয়েছে। যেন বরফের

চাদর মুড়ি দেওয়া আছে। আমরা বরফের ওপর দিয়েই হাঁটতে থাকলাম। এর কিছুক্ষণ পর আমরা আবার একটা ভান্ডারায় ঢুকে গরম চা ও পপকর্ন খেলাম। কারণ বাইরে তখন প্রচণ্ড ঠান্ডা। আবার হাঁটা শুরু করলাম। শেষ চড়াইটার ওপরে উঠতেই দেখতে পেলাম চারিদিকে পাহাড় দিয়ে ঘেরা বিশাল একটা জলাধার। এটাই হল ‘শেষনাগ’। কথিত আছে ভগবান শিব তার নাগকে এখানে রেখে গিয়েছিল। পার্বতীকে অমৃত কথা শোনার জন্য। যাইহোক শেষনাগ তো শেষনাগ। যেন সবকিছু গিলতে আসছে। জলের রং দেখলে বুক শুকিয়ে যায়। চারদিকের পাহাড়ের বরফের জল এই সরোবরে এসে পড়েছে। এই শেষ নাগের জল পাহাড়ের পাশ দিয়ে নদী ও বরফা রূপে বয়ে চলেছে। শোনা যায় এই জল পাহাড়ের পাশ দিয়ে নাকি গোটা কাশ্মীরের লাইফ লাইন। আর এই জায়গাটার বিশেষ বৈশিষ্ট্য হল এখানকার পাহাড়ের চূড়াগুলো ভালো করে দেখলে মনে হবে যেন কোনো সর্প ফণা তুলে আছে। সূর্যের তারতম্যের সাথে জলের রংয়ের পরিবর্তন লক্ষণীয়। এই সরোবরকে পাহাড়ের ওপর থেকেই দেখলাম কারণ এর জল স্পর্শ করতে হলে অনেক নীচে নামতে হবে। তাই আমরা নীচে না গিয়ে ওপর থেকে এর সৌন্দর্য্য অনুভব করলাম। এরপর আমরা আবার হাঁটতে শুরু করলাম। আমাদের ডানদিকে সরোবর ও বামদিকে খাড়া পাহাড়। আমরা পাহাড়ের গা দিয়ে হাঁটতে হাঁটতে আবার একটা চড়াই বেয়ে উঠতে লাগলাম, এই জায়গাটা হাঁটার জন্য খুবই বিপদজনক এখানে ঘোড়া ও মানুষ পাশাপাশি ওঠানামা করায় খুবই খারাপ অবস্থা। বেশ কিছুটা ওপরে ওঠার পর পাশের খাদের দিকে নজর ফেলে দেখলাম একটা ঘোড়া মরে পড়ে আছে। দেখে খুবই ভয় পেয়ে গিয়েছিলাম। ক্রমশঃ আমরা হাঁটতে হাঁটতে গন্তব্যের খুবই কাছে চলে এলাম। বিকাল ৫.০০ নাগাদ আমরা শেষনাগ ক্যাম্পে পৌঁছিলাম। সেখানে আগে থেকেই আমাদের দলের সিনিয়ার যারা ঘোড়ায় করে এসেছিল তারা একটা তাঁবু বুক করে নিয়েছিল। এখানে সবাইকে তাঁবুতেই থাকতে হয়। একটি তাঁবুতে ১০জন করে লোক ধরে, তাঁবুর ভিতরে নীচে মাটির ওপর ত্রিপল দিয়ে তার ওপরে তোষক পাতা থাকে। প্রত্যেকের জন্য একটা করে লেপ ও কম্বল রাখা ছিল। আমাদের ক্যাম্পের চারিদিকে বরফ আর বরফ থাকায় লেপ কম্বলগুলো স্যাঁতসেঁতে হয়ে গিয়েছিল। আমাদের ক্যাম্পটা ছিল একটা হেলিপ্যাডের পাশে। বাইরে হাড় হিমকরা প্রচণ্ড ঠান্ডা আর মাঝে মাঝে বৃষ্টি। এরপর আমরা তাঁবুতে কিছুক্ষণ বিশ্রাম নিয়ে কিছুটা দূরে একটা ভান্ডারায় খেতে গেলাম। সেখানে রুটি, ডাল, মিষ্টি খেয়ে হাত মুখ ধুয়ে গরম চা খেতে খেতে এলাকাটা একটু ঘুরে দেখলাম। চারিদিকে বরফ তার মাঝে আমরা। কষ্ট হলেও ভালোই লাগছিল। ওই দিন হাঁটার ফলে সকলেই একটু ক্লান্ত হয়ে পড়েছিলাম। তাই ক্যাম্পে ফিরে পায়ে একটু ভলিনি স্প্রে করে মেসেজ করে নিলাম রিলিফের জন্য। ওই দিন একটু তাড়াতাড়ি শুতে গেলাম। প্রচণ্ড ঠান্ডায় ঘুম আসছিল না। তার ওপর চিন্তা কালকের রাস্তা কেমন হবে। পরের দিনও ভোর ৪টার সময়

আমাদের ঘুম ভেঙ্গে যায় তখন আমরা ফ্রেস হয়ে আমাদের ব্যাগ গুছিয়ে বেরিয়ে পড়ি ক্যাম্প থেকে। আজ আমি, অমলদা ও ভাই অর্নব এই তিনজন মিলে হাঁটব। বাকিরা সবাই ঘোড়ায় যাবে। তাই আমরা সকাল সকাল বেড়িয়ে পড়লাম। তাঁবু থেকে বেরিয়ে ক্যাম্পের গেটের কাছে গিয়ে দেখি সেখানেও ভিড়। তখনও ক্যাম্পের গেট খোলেনি। অগত্যা আবার লাইন দিয়ে দাঁড়াতে হল। এখানে বলে রাখি অমরনাথ যাত্রার সমস্ত ক্যাম্প ভারতীয় সেনাবাহিনীর হাতে থাকে। তাই সব কিছু তাদের পারমিশনের ওপর নির্ভর করে। আধ ঘণ্টার মধ্যে গেট খোলা হল। তারপর অনেকের সাথে আমরা তিনজন গেট দিয়ে বেড়িয়ে গেলাম। আবার আমাদের হাঁটা শুরু সকালের দিকে আবহাওয়াটা বেশ ভালোই ছিল। চারিদিকের প্রকৃতিক দৃশ্য দেখতে দেখতে ক্রমশ আমরা এগোতে থাকলাম আমাদের গন্তব্যের দিকে। আজ আমাদের প্রায় ১৫-১৬ কি.মি হাঁটতে হবে। আগের দিনের মত অত খাড়াই না হলেও রাস্তা খুবই ঝুঁকিপূর্ণ। তার ওপর অনেক জায়গায় বরফের ওপর দিয়েও হাঁটতে হচ্ছিল। হাতে লাঠি থাকায় হাঁটতে সুবিধা হচ্ছিল। আগের দিনের বৃষ্টির জন্য রাস্তা ভীষণ পিচ্ছিল ও কাদায় পরিপূর্ণ ছিল। আমাদের জুতো অনেক জায়গায় কাদায় ডুবে যাচ্ছিল। আবার অনেক জায়গায় ঘোড়া ও মানুষ একসঙ্গে যাওয়ার ফলে খুবই বিপদজনক পরিস্থিতির উদ্ভব হচ্ছিল। এই ভাবেই চলতে চলতে আমাদের সামনে একটা খাড়া পাহাড় পড়ল, এতটাই খাড়াই ছিল যে ওখানে যারা ঘোড়ায় করে যাচ্ছিল তাদের নামিয়ে দেওয়া হয়। এরপর আমরা মহাগুণা টপ (গেনেশউপ) এর পাদদেশে এসে একটা ভান্ডারায় খানিক বিশ্রাম নিলাম ও ওখানে আমাদের টিফিন সেরে নিলাম। এই ভান্ডারায় খাবার ও পরিবেশ ভীষণ ভালো। আমরা যখন ওই ভান্ডারায় বিশ্রাম নিচ্ছিলাম তখন আমাদের দলের বাকি লোকেরা যারা ঘোড়ার পিঠে আসছিল তারাও সেখানে হাজির হল। এর কিছুক্ষণ পর তারা ঘোড়ায় করে এগিয়ে গেল ‘পঞ্চতরণীর’ উদ্দেশ্যে। আমরাও আর দেরি না করে আবার আমাদের হাঁটা শুরু করলাম। তখন ঘড়িতে বাজে ১২.৩০ তখন আমরা মহাগুণা টপের খুব কাছাকাছি উঠে আসার সময় আবহাওয়া খুব খারাপ হতে থাকল। এখানে অক্সিজেনের পরিমাণ খুবই কম তাই শ্বাস নিতে কষ্ট হয়। বেশ কিছু লোককে দেখলাম মিলিটারি বেসক্যাম্পে অক্সিজেন নিচ্ছে। যাইহোক আমরা যখন মহাগুণা টপের ওপর এলাম তখন আবহাওয়া ভীষণ খারাপ হয়ে গেল। চারিদিকে গ্লেসিয়ার (হিমবাহ) সঙ্গে মুষলধারে বৃষ্টি। যতদূর চোখ যায় কোথাও কোনো ক্যাম্প দেখতে পেলাম না। আবহাওয়া এতই খারাপ হতে থাকল যে আমাদের হাঁটতে খুবই কষ্ট হচ্ছিল। বরফের ওপর দিয়ে খুবই ধীরে সতর্ক হয়ে হাঁটতে হচ্ছিল। হঠাৎ অর্নব পিছলে যায় বরফের মধ্যে পা ঢুকে পড়ে যায়। মুষলধারে বৃষ্টি ভাঁজ পেঁজা বরফ পড়ছে আর তার সাথে জোরে হাওয়া চলছে। একহাত দূরের জিনিস দেখতে পাচ্ছিলাম না। এমন অবস্থা হচ্ছিল যে কেউ কারো কথাই শুনতে পাচ্ছিলাম না। আমরা সঙ্গে সঙ্গে অর্নবকে ধরে তুললাম। বুঝতে

পাচ্ছিলাম ও ভীষণ নার্ভাস হয়ে পড়েছে। ওর শরীরে অক্সিজেন কমে যাচ্ছিল। সেটার প্রভাব বোঝা যাচ্ছিল। খুব ভয় পেয়ে উল্টোপাল্টা বকতে শুরু করেছিল। তখন ওর মাইন্ডটাকে ডাইভার্ট করার জন্য ওর গালে চড় মারলাম যাতে আমার ওপর রেগে যায়। ঔষধে কাজ হয়েছিল ও সত্যি রেগে গিয়েছিল। ওই প্রতিকূল আবহাওয়ায় শুধু আমরা তিনজন আশে পাশে আর কেউ নেই। বেশ কিছুটা যাওয়ার পর আমার হাতে যে জলের বোতল ছিল সেটার দেখলাম তলার দিকটা জমে গেছে আর আমি হাতটা খুলে বোতলটাকে যে রাখব সেটাও পারছিলাম না। মনে হচ্ছিল আমার হাতটার কোনো সাড় নেই। ওই অবস্থায় আমরা ধীরে ধীরে নামতে লাগলাম। এইভাবে নামতে নামতে আমরা প্রায় ৩ কে.এম যাওয়ার পর একটা ভান্ডারার দেখা পেলাম। ভান্ডারায় ঢুকেই আমি আগে যেখানে আগুন জ্বালিয়ে সবাই আগুনের তাপ নিচ্ছিল সেখানে গেলাম। সেখানে গিয়ে জ্বলন্ত আগুনের মধ্যে হাত দিয়ে দিলাম, তখন আগুনের গরমও মালুম হচ্ছিল না। কিছুক্ষণ আগুনের কাছে থাকার পর হাতের মধ্যে সাড় এল। বাইরে দুর্যোগ আরো বাড়তে লাগল। একসময় মনে হচ্ছিল আমাদের তাঁবুটাও না উড়ে যায়। এই অবস্থায় থাকার পর আমরা বেশ কয়েকবার গরম কফি খেলাম। ধীরে ধীরে আমরা ধাতস্থ হলাম। প্রায় ঘন্টা খানেক আমরা ঐ ভান্ডারার মধ্যে ছিলাম। এরপর আবহাওয়া কিছুটা ঠিক হলে বাইরের বৃষ্টি কিছুটা থামলে আবার হাঁটা শুরু করি। কিন্তু প্রকৃতির কি লীলাখেলা আমরা যখন প্রায় ২ কে. এম পথ অতিক্রম করলাম। প্রায় পঞ্চতরণীর কাছে এগোতে থাকলাম প্রকৃতি পুরো বদলে গেল। প্রচন্ড রোদ উঠে পড়ল। আমরা তখন পাহাড়ের একটা পাথরের ওপর বসে পড়লাম, পায়ের জুতো মোজা, জামা কাপড় খুলে শুকিয়ে নিলাম। রোদের তাপ এতটাই ছিল যে কিছুক্ষণের মধ্যে সব শুকিয়ে গেল। আমরা যেখানে বসেছিলাম সেখান থেকে পঞ্চতরণীর নদীর ওপারে আমাদের বেস ক্যাম্প দেখা যাচ্ছিল। দূর থেকেই তাঁবুগুলো দেখে আমাদের মনে সাহস এল। ওদিকে আমাদের বাকি দলের লোকেরাও বেশ চিন্তায় আছে। আমরা আবার হাঁটতে শুরু করলাম। পঞ্চতরণী নদীর বকের ওপর দিয়ে একটু রাস্তা মতো করা আছে। আমরা এ নদীটা পার করে ক্যাম্পের কাছাকাছি আসতেই আবার বৃষ্টি শুরু হল বিমবিম করে। যাইহোক আমরা ক্যাম্পে ঢুকে আমাদের দলের বাকিদের সাথে দেখা করলে সবাই একটা দীর্ঘশ্বাস ফেলে নিশ্চিত হলাম। ‘পঞ্চতরণী’ কথিত আছে এখানে শিবের জটাটা খুলে রেখেছিল। তাই থেকে পাঁচটা নদী বের হয়। তাই এই জায়গাটার নাম ‘পঞ্চতরণী’। এই পঞ্চতরণীতেই হেলিপ্যাড আছে। বেসরকারী হেলিপ্যাড ও সামরিক হেলিপ্যাড নদীর দুই পাড়ে অবস্থিত। পঞ্চতরণী থেকে এমন গুহার দূরত্ব প্রায় ৬ কে. এম যাই হোক আমরা দেরি না করে ভান্ডারায় খাওয়া দাওয়া করে তাঁবুতে গিয়ে শুয়ে পড়লাম। তার আগে আমাদের ঠিক হল কাল আমরা গুহায় বাবার দর্শন করে আবার ফিরে এসে হেলিকপ্টারে করে বালতাল নামব। তাহলে এই সুযোগে আমাদের হেলিকপ্টার চাপা হবে। আমাদের

যেখানে ক্যাম্প ছিল তার পাশে অস্থায়ী টিনের সারি দেওয়া বাথরুম ও শৌচালয় ছিল। খুব ঠান্ডার জন্য দেখলাম বরফকে টিনের মধ্যে রেখে আগুন জ্বালিয়ে গরম করে জল বার করা হচ্ছে। এখানে একটা মজার ঘটনা ঘটে, অমলদা শৌচালয়ে গিয়ে শৌচকর্ম করার পর ঠান্ডা জল দিয়ে পরিষ্কার করার সময় মুখ দিয়ে বাংলা গালাগালি জোরে বেরিয়ে যায়। তখন পাশের বাথরুম থেকে একজন টেঁচিয়ে জিজ্ঞেস করল— ‘দাদা বাঙালি’। আমাদের তাঁবুর চারপাশে ছিল বরফ, তার ওপর ত্রিপল তার ওপর তোষক। প্রত্যেকের জন্য ছিল একটা করে লেপ ও একটা কম্বল। প্রচন্ড ঠান্ডায় সারাদিন হাঁটার ফলে শরীর ভীষণ ক্লান্ত ছিল, তাই খুব সহজেই ঘুমিয়ে পড়লাম। ভোরবেলা ঘুম ভাঙতে তাঁবু খুলে দেখি তাঁবুর চারপাশে বরফ পড়েছে নতুন করে। কোনোরকমে আমরা খুব দ্রুত রেডি হয়ে ক্যাম্পের গেটের সামনে লাইনে দাঁড়িয়ে গেলাম দর্শনের উদ্দেশ্যে। সময় ক্রমশঃ এগোতে থাকল কিন্তু গেট খোলার পারমিশান এল না। আমরাও অধীর অপেক্ষায় রইলাম। কিন্তু সময় চলে যায় গেট আর খোলে না। এদিকে আবার বৃষ্টি শুরু হল। ক্রমশ আমাদের ধৈর্যের বাঁধ ভাঙতে লাগল। বেশ কিছুক্ষণ পর ঘোষণা হল আজকের জন্য দর্শনের যাত্রা বাতিল করা হয়েছে। প্রচন্ড বৃষ্টিতে ধস নেমে রাস্তা বন্ধ হওয়ার জন্য। ঘোষণা শুনে আমরা ভেঙ্গে পড়লাম। বেলা গড়াতে লাগল আমরা আবার তাঁবু ভাড়া করতে গেলাম ওই দিনের জন্য। সারাদিন মিলিটারি ক্যাম্পের মধ্যে থাকা, ভান্ডারায় খাওয়া আর ক্যাম্পের মধ্যেই ঘুরে বেড়লাম। বিকালের দিকে আমাদের সিনিয়ার সুরাজ কাকার সাথে তার ঘোড়াওয়ালার দেখা হলে সেই ঘোড়াওয়ালা যার নাম (মামু) তাকে বললে, সে বলল একটা অন্য রাস্তা আছে ঘোড়া করে যাওয়ার। কিন্তু সেটা করতে গেলে কাঁটাতার উপক্কে ঘোড়ায় করে যেতে হবে। এই কথা শুনে আমরা নিজেদের মধ্যে আলোচনা করে সিদ্ধান্ত নিলাম, ঘোড়ায় করে ওই রাস্তা দিয়েই যাব কারণ আমাদের হাতে সময় কম ছিল। এরপর আমরা রাতের খাওয়া দাওয়া করে শুতে গেলাম। আগের দিনের থেকে আজকের তাঁবুর ভিতরের অবস্থা ভালো। প্রত্যেকের জন্য আলাদা ক্যাম্পখাট। যাই হোক সেই রাতে আমাদের প্রায় কারোর চোখেই ঘুম ছিল না। একবার রাতের বেলা তাঁবু থেকে বেরিয়ে আকাশের দিকে তাকাতে মনটা ভীষণ ভালো হয়ে গেল। পরিষ্কার আকাশ, তারাগুলোকে খুব কাছে মনে হচ্ছিল। তার ওপর চারপাশে বরফ, সামনে পিছনে খাড়াই পাহাড়, ভীষণ একটা মায়বী পরিবেশ সৃষ্টি হয়েছিল। মনে মনে একটা স্বস্তির নিঃশ্বাস ফেললাম। যাইহোক সব দুর্যোগ কেটে গেছে আকাশ পরিষ্কার। খুব ভোরে আমাদের ঘোড়াওয়ালা মামুর ডাকে ঘুম ভাঙ্গে আমাদের। কিছুক্ষণের মধ্যেই আমরা রেডি হয়ে যাই। এরপর কিছুটা দূরে আমাদের হেঁটে নিয়ে যাওয়া হল যেখানে কাঁটাতার আছে। সেখানে দেখলাম একজয়গায় কাঁটাতার কাটা আছে সেখান দিয়ে আমরা সবাই এক এক করে গলে গেলাম। অপর প্রান্তে আমাদের ঘোড়া নিয়ে সহসরা অপেক্ষা করছিল। এরপর আমরা মামুর কথামত ঘোড়ায় চেপে

বসলাম। আমাদের সবার গলায় সহিসদের আইকার্ড ঝোলানো ছিল। প্রত্যেক ঘোড়ার জন্য আলাদা করে সহিস ছিল। এরপর আমরা বেশ কিছুটা উত্তরাই ভেঙ্গে নামতে লাগলাম। বেশ কিছুটা যাওয়ার পর একটা চেকপোস্ট পড়ল। সেখানে আমাদের ঘোড়ার সহিসরা আমাদের ছেড়ে দৌড়ে এগিয়ে গেল। কিন্তু আমাদের সবাই ঘোড়া চালাতে অভ্যস্ত নই। তাই আমাদের মধ্যে অর্ধবের ঘোড়া অন্যদিকে চলে যাচ্ছিল ও ভীষণ ভয় পেয়ে গিয়েছিল। আমরা কোনোক্রমে ওই জায়গাটা টপকলাম। পরে বুঝতে পারলাম চেকপোস্টের সঙ্গে সহিসদের একটা গোপন বোঝাপড়া আছে। এরপর আমরা আবার চড়াই ভেঙ্গে উঠতে লাগলাম। রাস্তা ভীষণ পিচ্ছিল এবং এক এক জায়গায় ভীষণ সরু। এক এক করে আমরা লাইন দিয়ে এগোতে থাকলাম। ইতিমধ্যে আবহাওয়া পরিষ্কার হওয়ার ফলে আবার হেলিকপ্টার পরিষেবা চালু হয়। হেলিকপ্টারগুলো যখন যাচ্ছিল তখন আমরা হেলিকপ্টারগুলোকে নীচ দিয়ে যেতে দেখলাম। তখন বুঝতে পারছিলাম আমরা কতটা ওপরে চলে এসেছি। এভাবে ঘন্টাখানেক চলার পর আমরা পাহাড়ের শেষ বাঁকের কাছে আসতেই দূর থেকে অপর পাহাড়ের রাস্তার দেখা পেলাম। জিজ্ঞাসা করলে জানতে পারলাম ওটা বালতালের রাস্তা। ওটা দিয়ে আমাদের নামার কথা ছিল। দেখলাম বেশ কিছু লোক লাইন দিয়ে দাঁড়িয়ে আছে। এর কিছুক্ষণ পর আমরা ওই পাহাড়ের উত্তরাই বেয়ে নামতে লাগলাম। এরপর আমরা আমাদের গন্তব্যের খুব কাছে পৌঁছলাম। এখানে আমাদের ঘোড়া থেকে নামিয়ে দেওয়া হল। এখানে অনেক অস্থায়ী দোকান আছে, প্রায় অধিকাংশ দোকানেই পূজার জিনিস বিক্রি করছে। আমরা আমাদের সহিস মামুর কথামত একটা দোকানে ঢুকলাম। সেখান থেকে পূজার বরণডালা কিনে আবার হাঁটতে শুরু করলাম। চারিদিকে বরফের স্তূপগ্লেসিয়ার। কিছুটা এগোতেই দূর থেকে পাহাড়ের ওপরে একটি গুহা দেখতে পেলাম। আমাদের আসল উদ্দেশ্যের সফলতার খুব কাছে পৌঁছে গেলাম। অবশেষে আমরা পৌঁছে গেলাম পাহাড়ের পাদদেশে। এখান থেকে সিঁড়ি ভেঙ্গে ওপরে উঠতে হবে। ওপরে সিঁড়ি ভাঙ্গার আগে প্রবেশের পথে আমাদের আবার চেকিং করা হল। এখানে ক্যামেরা, প্লাস্টিক ব্যবহার নিষিদ্ধ। আমরা সিঁড়ি দিয়ে উঠতে উঠতে মাঝামাঝি একটা জায়গায় এলাম। এখান থেকে জুতো খুলে খালি পায়ে দর্শনের জন্য যেতে হবে। এখানে জুতো রাখার ঘরও আছে। আমরা ধীরে ধীরে উপরে উঠতে থাকলাম। শেষ ধাপটা উঠতেই আমাদের চোখের সামনে দেখতে পেলাম বহু প্রতীক্ষিত বহু আকাঙ্ক্ষিত বরফানি বাবা তুষারতীর্থ অমরনাথকে। চোখের সামনে দেখে বেশ কিছুক্ষণ মুখ দিয়ে কথা সরছিল না। যদিও শিবলিঙ্গের উচ্চতা মাপার ক্ষমতা আমার নেই। তবুও মনে হল প্রায় ৭ ফুট হবে। চোখের সামনে আমাদের তুষারতীর্থ অমরনাথকে দেখার যে আনন্দ অনুভূতি সেটা বলে বোঝানো যায় না। প্রচণ্ড ঠান্ডায় পাথরের সিঁড়িতে পা দেওয়া যায় না তবুও সব কষ্ট সব দুঃখ যেন কর্পূরের মত কোথায় মিলিয়ে গেল। আমরা এক এক করে পূজো দিলাম।

ফাঁকা থাকার জন্য আমরা বেশ কিছুক্ষণ ছিলাম। পৌরাণিক সব জিনিস আমাদের চোখের সামনে, সেই পায়রাও আমরা দেখতে পেলাম। একটা আলাদা অনুভূতি একটা অদ্ভুত জিনিস দেখলাম। চারিদিকে সব পাহাড়ের ওপর বরফ পড়ে আছে। রাস্তাতেও বরফ অথচ এই গুহার ছাদে কোনো বরফের চিহ্ন মাত্র নেই। অথচ গুহার ভিতর ঐ বরফের শিবলিঙ্গ। আবার গুহার ছাদটায় কোনো বীমও নেই। ইঞ্জিনিয়ারকেও ভাবতে হতে পারে এটা কি করে সম্ভব। সবই রহস্য ভগবানের অসীম লীলা খেলা।

এবার আমাদের ফেরার পালা। আমরা আবার সিঁড়ি ভেঙ্গে নামতে থাকলাম। মনের মধ্যে একটা আলাদা প্রশান্তি যেটা বলে বা লিখে বোঝানো যাবে না। কিছুটা নামার পরই দেখিরাম গুহার পাশ থেকে সরু আকারে জলরাশি নেমে আসছে, এটি অমরকন্টক নদী। আমরা ঐ জল সংগ্রহ করলাম। এরপর আমরা নীচে নেমে এসে সেখানকার অস্থায়ী দোকান থেকে কিছু জিনিস কিনলাম বাড়ির আত্মীয় বন্ধুদের দেওয়ার জন্য। এবার ফেরার পালা। তাই আবার দূর থেকে ভালো করে গুহাটা ও তার পরিপার্শ্বিক পরিবেশ দেখে নিলাম। প্রথমে আমরা ঠিক করেছিলাম বালতাল দিয়ে যাব কিন্তু বালতাল ধ্বংসের কারণে বন্ধ ছিল। তাই আবার পঞ্চতরণীর দিকে রওনা হলাম ঘোড়ায় চেপে। আগেই বলেছিলাম এই পাহাড়ের একটা বাঁক থেকে বালতাল যাওয়ার রাস্তা দেখা যায় সেটা আসার সময় ছিল। কিন্তু ফেরার সময় সেই রাস্তাটা দেখাই গেল না। আমরা যখন পঞ্চতরণীতে আমাদের ক্যাম্পে পৌঁছলাম তখন বিকাল হয়ে গেছে। ক্যাম্পে ফিরে আমাদের ব্যাগ পত্র ভালো করে গুছিয়ে রাখলাম। কারণ পরের দিন আমাদের নামতে হবে। ঐ দিন আর বেশী রাত না করে আমরা ভান্ডারায় খাওয়া দাওয়া করে তাঁবুর মধ্যে শুয়ে পড়লাম। পরের দিন তখন ভোর ৪টে বাজে উঠে পড়লাম। বাইরে তখন বৃষ্টি পড়ছে। সেই অবস্থাতেই আমরা ছুটলাম হেলিকপ্টারের টিকিটের জন্য লাইন দিতে। সময় ক্রম এগোতে থাকল কিন্তু টিকিট কাউন্টার খোলে না। এভাবে সময় এগোতে থাকল কিন্তু কাউন্টার আর খোলে না। এদিকে বৃষ্টির পরিমাণ বাড়ছে। ঘন্টা খানেক থাকার পর মাইকে ঘোষণা করা হল আবহাওয়া খারাপের জন্য হেলিকপ্টার পরিষেবা বন্ধ থাকবে। অগত্যা আমরা আবার আমাদের তাঁবুতে ফিলে এলাম। আবহাওয়া খারাপের ফলে বালতালের রাস্তা ধ্বংসে বন্ধ, আবার ঐ দিকে পহেলগাঁওয়ার রাস্তাও বরফ পড়ে বন্ধ হয়ে গেছে। যার জন্য নীচ থেকে যোগাযোগ বন্ধ হয়ে গেছে। কোনো খাওয়ার রসদ নীচে থেকে আসতে পারছে না। এদিকে ভান্ডারার খাবারেও টান পড়েছে, নীচে থেকে মাল না আসার ফলে। যাইহোক সেইদিনটা আমাদের খুবই দুশ্চিন্তার মধ্যে কাটলো। ও দিকে আবার শুনতে পেলাম ধ্বংসে বেশ কিছু লোক মারা গেছে। যাইহোক আমাদেরও উদ্ভিগ্নতা বাড়তে থাকল ফোনে কথা বললে তারাও দেখলাম বেশ উদ্ভিগ্ন আছে। আমরা ঠিক করলাম রাত থেকেই আমরা কাউন্টারের সামনে লাইন দেবো

টিকিটের জন্য। সেই রাতে আমরা কেউই ভালো করে ঘুমোতে পারলাম না। রাত প্রায় ৩.৩০ টে নাগাদ আমরা এক এক করে লাইনে দাঁড়ালাম। বাইরে বৃষ্টির বিরাম নেই। তাঁবুর চারিদিকে বরফ পড়ে আছে। টেম্পারেচার প্রায় ৪-৫ ডিগ্রি হবে। সেই অবস্থাতেই আমরা লাইন দিতে গেলাম। কিন্তু আজকেও নিরাশ হতে হল। কাউন্টার আর খোলে না। বেশ কিছুক্ষণ পর সকালের আলো ফুটতে হঠাৎ দেখলাম একটা সেনাবাহিনীর হেলিকপ্টার নামছে। সঙ্গে সঙ্গে ছুটে গেলাম হেলিপ্যাডের দিকে। কিছুক্ষণ পর সেনাবাহিনীর একটা অফিসারের সঙ্গে দেখা হলে জিজ্ঞাসা করে জানতে পারলাম ইন্ডিয়ান আর্মি আমাদের রেসকিউ করতে এসেছে। আমাদের একটা জায়গায় লাইন দিতে বলল। তরিঘড়ি আমরা আমাদের তাঁবু থেকে মালপত্র নিয়ে যখন লাইন দিতে গেলাম তখন দেখলাম আমরা অনেক পিছনে হয়ে গেছি। অগত্যা লাইনে দাঁড়ালাম। ধীরে ধীরে লাইন এগোতে থাকলো। ক্রমশ হেলিকপ্টারের সংখ্যাও বাড়তে থাকলো। মোট ৪-৫টা হেলিকপ্টার উদ্ধারের জন্য এল। এদিকে আকাশ পরিষ্কার হওয়ার ফলে বেসরকারি হেলিকপ্টার পরিষেবাও চালু হল। সময়ের সাথে সাথে লাইনও এগোতে থাকল। এদিকে হঠাৎ লাইনের মধ্যে গোলোযোগ শুরু হল। ঝামেলা এতটাই বেড়ে গেল যে ওখানকার ঘোড়াওয়ালারা আমাদের ওপর পাথর ছুঁড়তে লাগল। কাশ্মীরের পাথর ছোড়া শুনেছিলাম এখানে চাক্ষুষ দেখলাম। আসলে হেলিকপ্টার রেসকিউ করায় কেউ আর ঘোড়ায় করে ফিরতে চাইছিল না। কিন্তু ইন্ডিয়ান আর্মি থাকায় তাদের সেই চেষ্টা ব্যর্থ হল। এদিকে দুপুর থেকে ক্রমশ বিকাল হল। আমরা খুব কাছেই চলে এসেছিলাম। আমাদের হাতে নাম্বারও লিখে দেওয়া হল। হেলিকপ্টার এ চড়ার জন্য তখন আমরা একটা ভরসা পেলাম। কিন্তু বিধিবাম। তার বেশকিছুক্ষণ পর ঘোষণা হল যে আজকের মত হেলিকপ্টার পরিষেবা বন্ধ থাকবে। আমরা সকলে খুব ভেঙ্গে পড়েছিলাম। চোখ দিয়ে জল চলে এল। সারাদিন কিছুই খাওয়া হয়নি। প্রায় অভুক্ত অবস্থায় লাইনে ছিলাম। আমরা হেলিপ্যাডের খুব কাছেই ছিলাম। অগত্যা ভগ্ন মনে আমরা আবার আমাদের তাঁবুতে ফিরে এলাম। কারো মাথাই তখন ঠিকঠাক কাজ করছিল না। বেশ কিছুক্ষণ পর আমাদের মধ্যে মিটিং করে ঠিক হল কাল আমরা ঘোড়ায় করে পহেলগাঁও ফিরব। সেই রাতে কারো ঘুম হল না। পরের দিন খুব ভোরে আমাদের ঘোড়াওয়ালা মামুর ডাকে ঘুম ভাঙতেই ৫ মিনিটের মধ্যে রেডি হয়ে গেলাম। এরপর আমাদের ফেরার পালা ঘোড়ায় করে ফেরার পথে শেষনাগের একটা পাহাড়ের ঢাল ঘুরতেই নীচে থেকে আসা ঘোড়ার সঙ্গে ধাক্কা হওয়ায় সেই ঘোড়াটি পাহাড়ের ঢালে বুলে যায়। সঙ্গে সঙ্গে ঘোড়াওয়ালারা গিয়ে সেই ঘোড়াটাকে উদ্ধার করে। সেটা ছিল এক ভীষণ ভয়ানক ব্যাপার যা দেখে আর ঘোড়ায় করে যাওয়ার ইচ্ছে ছিল না। কিন্তু অতটা রাস্তা। তাই ভয়টাকে বুকে চেপে এগিয়ে চললাম। বেশ কিছু জায়গায় দেখলাম ঘোড়া নদীতে পড়ে আছে। আমরা দুপুর ১.০০টা নাগাদ চন্দন বাড়ি পৌঁছলাম। অবশেষে সেখানে চারচাকা গাড়ির দেখা

পেতে আমাদের সবার মুখে এক স্বস্তির নিঃশ্বাস এল। এরপর আমরা ঘোড়াওয়ালাদের টাকা মিটিয়ে ওখান থেকে একটা গাড়ি ভাড়া করে পহেলগাঁওয়ে আমাদের আগের হোটেলে গেলাম। এখানে একটা কথা না বললেই নয় সেটা হল ঘোড়াওয়ালা মামু যে আমাদের বিপদে খুব সাহায্য করেছিল সত্যি সেটা ভোলার নয়। আমরা হোটেলে বেশ কিছুক্ষণ বিশ্রাম নিয়ে আমাদের পুরানো গাড়িওয়ালাকে ফোন করলে সে জানাল যে, এখন ও বালতালে আছে। তাকে ওখান থেকে আমরা জন্মুতে আসতে বললাম। ঐ দিন সম্ভ্যে নাগাদ আমরা একটা গাড়ি বুক করলাম জন্মুতে ফেরার জন্য। রাতে গাড়িওয়ালা আমাদের সাথেই ছিল। কিন্তু আমাদের লাগেজগুলো ছিল ঐ গাড়িওয়ালার কাছে। স্বভাবতই আমরা একটা টেনশনে ছিলাম মালপত্রের জন্য। পরেরদিন আমরা খুব ভোরে সূর্যের আলো ফোটান আগেই বেরিয়ে পড়লাম। কিন্তু এখানেও অন্যকিছু অপেক্ষা করছিল আমাদের জন্য। প্রায় ১০-১২ কিলোমিটার যাওয়ার পর আমাদের গাড়ি দাঁড় করিয়ে দেওয়া হল। কারণ জানতে চাইলে বলল ওখানকার এক প্রাক্তন নেতা বুরহান; তার আজ মৃত্যু দিন, তাই আজ বন্ধ থাকবে। ওখানকার পুলিশের সাথে কথা বলে জানা গেল সকাল ৮টা নাগাদ একটা পুলিশের গাড়ির কনভয় যাবে তাদের সাথে কিছু গাড়ি ছাড়া হবে। এই আশায় আমরা গাড়িতে অপেক্ষা করতে থাকলাম। সবার আগে আমাদের গাড়ি। ৮ টার সময় ওখানকার পুলিশ অফিসার বললেন যাদের কাছে প্লেনের টিকিট আছে একমাত্র তাদের গাড়িই ছাড়া হবে। আমাদের ছিল ট্রেনের টিকিট তাই আটকে গেলাম। আমরা আবার ব্যাক করে সেই হোটেলে ফিরলাম পহেলগাঁও-এ। সেই দিনটা আমরা বিকালের দিকে পহেলগাঁও-এর বাজার ঘুরে দেখলাম। তারপর দিন খুব ভোরে আমরা আবার বেরিয়ে পড়লাম। আমাদের কপাল ভালো ছিল। সেদিন আর কোনো সমস্যার মুখে পড়তে হয়নি রাস্তায়। সেইদিনই ছিল আমাদের ফেরার টিকিট। আমরা প্রথমে কাটরা গেলাম আমাদের টুরিজিম অফিসে। আমাদের মালপত্রের জন্য, কিন্তু সেখানে এসে জানলাম— সেই গাড়িওয়ালা এখনো আসেনি। তাকে বারে বারে ফোন করে বলতে সে বললো বিকাল পাঁচটার মধ্যে সে জন্মু স্টেশনে পৌঁছে যাবে। অগত্যা আমরা আবার জন্মুর দিকে রওনা দিলাম। বিকাল ৪টে নাগাদ আমরা জন্মু পৌঁছলাম। স্টেশন থেকে বেশ কিছুটা দূরে একটা হোটেল নিয়ে সেখানে আমরা সবাই আগে ফ্রেস হলাম। ড্রাইভার তার কথামত বিকাল ৫টার মধ্যে গাড়ি নিয়ে হাজির হয়েছিল। আমাদের ফেরার ট্রেন ছিল রাত ৮টা নাগাদ। অবশেষে সব প্রতিকূলতা টপকে আমরা আমাদের যাত্রা সমাপ্ত করলাম। ট্রেনে চেপে বাড়ির পথে রওনা দিলাম। আমরা আমাদের উদ্দেশ্যে সফল হয়েছিলাম। প্রতিবন্ধকতা জয় করেছিলাম। এটা আমাদের কাছে একটা অনন্য পাওয়া।

জয় বাবা ‘অমরনাথের’ জয়।।

ভেসজ্জমঞ্জুসা : এক সামান্য পরিচয়

ভিক্ষু সুমনপাল

ভূমিকা :

ভগবান বুদ্ধকে ভেষজগুরু বলা হয়। তিনি মনুষ্যের সব থেকে বড় চিকিৎসক এবং ভবরোগের পরম নিবারক ছিলেন। ভারতবর্ষে আয়ুর্বেদ বিকাশে বৌদ্ধগণের অবদান অনস্বীকার্য। জীবকের ন্যায় মহান চিকিৎসকের বিষয়ে যে বৃত্তান্ত পাওয়া যায়, তাতে তাঁর মহান অবদান পরিস্ফুট হয়েছে। বিনয়পিটকে চিকিৎসা বিষয়ক একটি সম্পূর্ণ অধ্যায় আছে, যা ভেসজ্জস্কন্ধ নামে পরিচিত। ভারতবর্ষে বৌদ্ধধর্মের হ্রাসের পর বৌদ্ধ চিকিৎসা পদ্ধতি বৌদ্ধপ্রধান দেশগুলিতে (শ্রীলংকা) ইত্যাদি আজও বিদ্যমান রয়েছে। ভেসজ্জমঞ্জুসা, নামক চিকিৎসাবিদ্যা সংক্রান্ত গ্রন্থটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পালি গ্রন্থ। ১৩ শতাব্দীতে (১২৬১ খ্রীঃ) এই গ্রন্থটি শ্রীলংকাতে রচিত হয়েছিল। এই পালি গ্রন্থটি দক্ষিণ পূর্ব এশিয়াতেও সানন্দে গৃহীত হয়েছিল। এই গ্রন্থটিকে ১৪৪২ খ্রীঃ বার্মার এক বৌদ্ধবিহার পুস্তকালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে গ্রন্থটিকে থাইল্যান্ডে নিয়ে যাওয়া হয় এবং সেখানে তা খমের লিপিতে অনুবাদ করা হয়।

গ্রন্থকার এবং কাল

এই গ্রন্থের নির্গমন অনুসারে, এই গ্রন্থের প্রণয়ণ এক স্থবির মিনি জন্মাতঃ এক ব্রাহ্মণ এবং পঞ্চ পরিবেণের প্রমুখ ছিলেন, তার দ্বারা ১২৬১ খ্রীঃ রাজা পরাক্রম বাহুর সময়কালে (১২৩৬-৭০ খ্রীঃ) জম্বুদেহি (আধুনিক দম্বদেনিয়) শহরে রচিত হয়েছিল। পণ্ডিত আর্ঘদশ কুমার সিংঘের মতানুসারে এই গ্রন্থের রচয়িতা হলেন অনোমদস্সী সংঘরাজ।^১ তবে গ্রন্থের নিগমনে রচনাকারের অন্য গ্রন্থের উল্লেখ পাওয়া যায়। অনোমদস্সী সংঘরাজ রচিত হত্থবনগল্ল বিহারবৎস গ্রন্থে ভেসজ্জমঞ্জুসা^২র লেখক সম্পর্কে কোন তথ্য পাওয়া যায় না।

বিলেগোদ ধর্মকীর্তি ধর্মানন্দ বলেছেন যে এই গ্রন্থের লেখক হলেন পঞ্চমূল পরিবেণাধিপতি মঙ্গল সংঘরাজ মাহিমি। আবার জি.পি মলালসেকরের মতে এই গ্রন্থটি অস্মদপ্সী থের দ্বারা ১২৬৭খ্রীঃ রচিত হয়েছিল। কিন্তু গ্রন্থটির নিগমনের আধারের উপর ভিত্তি করে বলা যায় যে গ্রন্থটি ১২৬১ খ্রীঃ রচিত।

^১অতিথি অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়, পালি এবং তিব্বতী শাস্ত্রে পণ্ডিত।

ভেসজ্জমঞ্জুসার বিষয় বস্তু এবং পরিচ্ছেদ

‘ভেসজ্জমঞ্জুসা’ ঔষধ এবং ব্যাধি সম্পর্কিত একমাত্র পালি গ্রন্থ হওয়ার কারণে অনেক পাশ্চাত্য বিদ্বান এই গ্রন্থটির প্রতি আকর্ষণ অনুভব করেছিলেন। এদের মধ্যে জিয়ন ফিল্লিয়োজানা (১৯০৬-৮২ খ্রীঃ) অন্যতম। রোমানলিপিতে সর্বপ্রথম এই গ্রন্থের ষাট অধ্যায়ের মধ্যে প্রথম আঠের অধ্যায়ের অনুবাদ জিনদাস লিয়নরত্নে করেছিলেন, যা পালি টেক্স সোসাইটি, অক্সফোর্ড ১৯৯৬ সালে প্রকাশ করেছে।

গ্রন্থের প্রথম আঠের অধ্যায়ে পারম্পরিক চিকিৎসাবিদ্যা সিদ্ধান্তের বর্ণনা আছে। শেষ অধ্যায়ে ব্যাধির কারণ অধ্যয়ন এবং ব্যাধির উপাচার সম্পর্কিত তথ্য বর্ণিত হয়েছে। অতএব এখানে এই গ্রন্থের সকল অধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় প্রদান করা হল।

প্রথম অধ্যায়ের নাম উপএৎএগসবিধি পদ্ধতি। এর অন্তর্গত সর্বপ্রথম সেই গুরুকে অভিবাদন করা হয়েছে, যিনি মহান মনোরোগ চিকিৎসক। এই অধ্যায়ের প্রারম্ভে উপলব্ধির প্রক্ষেপে সকল অধ্যায়ের একটি ক্রমবিন্যাস প্রদান করা হয়েছে অতঃপর দুই প্রকার ব্যাধির বিষয়ে বলা হয়েছে, যার মধ্যে একটি হল কায়িক এবং অপরটি হল মানসিক। মানসিক ব্যাধি হল লোভ এবং মোহ সম্পর্কিত, যার সমাধান বৌদ্ধ শাস্ত্রে বর্ণিত আছে। কায়িক ব্যাধি হল শরীর সম্পর্কিত (জ্বর এবং কুষ্ঠ ইত্যাদি)।^১ এই অধ্যায়ে ছয়টি ঋতু সম্পর্কেও বলা হয়েছে।

দ্বিতীয় অধ্যায়ে ঔষধ, রস ইত্যাদি পদ্ধতি সম্পর্কে আলোচনা রয়েছে। অতঃপর ত্রিশরণ বুদ্ধ, ধর্ম এবং সংঘকে উত্তম শরণ বলা হয়েছে। লেখক বলেছেন এই সত্য বাক্য দ্বারা আমার চিকিৎসা সফল হোক।^২ অপ্রমাদ দ্বারা সকল কুশল ধর্ম উৎপন্ন হয়। দশ প্রকার কুশল কর্ম উত্তম স্বাস্থ্য এবং সুখ লাভ করাতে পারে।^৩

তৃতীয় অধ্যায়ে সদাচার সম্পর্কিত আলোচনা বর্ণিত হয়েছে। যদি কোন ব্যক্তির মধ্যে পাঁচ ধর্ম-লোকযাত্রা, ভয়, লজ্জা, দান এবং ধর্মশীলতা বিদ্যমান না থাকে, তবে তার সঙ্গে সম্পর্ক রাখা উচিত নয়।^৪ চতুর্থ অধ্যায়ে অগামী ব্যাধির নিষেধ আলোচিত হয়েছে। নিজের স্বাভাবিক ইচ্ছা সমূহকে দমন করলে ব্যক্তি কোন ব্যাধি হতে মুক্তিলাভ করেন, এই বিষয়ে সংক্ষিপ্ত ভাবে আলোচনা রয়েছে।^৫ পঞ্চম অধ্যায়ে ভোজনের স্বভাব তৈরীর পদ্ধতি বর্ণিত হয়েছে। মাংস এবং মাছ রন্ধনের প্রণালী ও আছে। শাক, পুষ্প, ফল, কন্দ, লবণ ইত্যাদি ব্যঞ্জনের পদ্ধতি বর্ণিত হয়েছে। ষষ্ঠ অধ্যায়ে দ্রব্য-ঔষধের বিষয়ে বর্ণনা আছে। জল, দুধ, মধু ইত্যাদি বিভিন্ন প্রকারের শ্রেয় ঔষধির আলোচনা করা হয়েছে। সপ্তম অধ্যায়ে মাদক যুক্ত আহারের প্রকার বর্ণিত হয়েছে। অষ্টম অধ্যায়ে মাদকের বিপরীত আহার সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

আয়ুর্বেদিক গ্রন্থে ‘গর’ এবং ‘বিষ’ তথা ‘জঙ্গম’ বিষ হল এমন বিষ যা সাপ তথা অন্য বিষাক্ত প্রাণীর দ্বারা শরীরে সংক্রমিত হয়।^৭

নবম অধ্যায়ে ‘অপচ’ এর বিভিন্ন প্রকার বর্ণনা রয়েছে। অপচ (অজীর্ণ) কে সকল রোগের কারণ বলা হয়েছে। এটি চার প্রকারের হয়।^৮

পরবর্তী অধ্যায়ে ঔষধ সমূহ এবং গুণের বিষয়ে চর্চা করা হয়েছে। এর দ্বারা ব্যাধির নিদান সম্ভব। ঔষধি ২ প্রকারের হয়- ঔষধ এবং ঔষধ ব্যতীত।^৯

এগারতম অধ্যায়ে সেই সকল উপাচারের কথা ব্যক্ত করা হয়েছে, যার দ্বারা বিভিন্ন ব্যাধির নিরাময় সম্ভব। তৈল বিধি, মন বিধি ইত্যাদি বিষয়েও বিস্তারিত ভাবে আলোচনা করা হয়েছে। বারতম অধ্যায়ে ‘শুদ্ধক’ উপায় প্রসঙ্গ বর্ণিত হয়েছে, যার দ্বারা জল এবং বায়ু সম্পর্কিত ব্যাধি দূর করা সম্ভব।

তেরতম অধ্যায়ে ব্যাধির লক্ষণ দ্বার রোগীর জীবন পদ্ধতি অবগত হওয়ার উপায় এবং এর সঙ্গে উপাচারের কথাও বর্ণিত হয়েছে। নিঃশ্বাস-প্রশ্বাসের শুভ এবং অশুভ লক্ষণ ও বর্ণিত হয়েছে।^{১০} চৌদ্দতম অধ্যায়ে অশুভ স্বপ্নের লক্ষণ ও এর বিভাগ সম্পর্কে আলোচনা রয়েছে এখানে বলা হয়েছে যে, যে ব্যক্তির মধ্যে ভক্তি, শীল, স্মৃতি, ত্যাগ, বল এবং বুদ্ধি কোন কারণ ব্যতীত স্তব্ধ হয়ে গেলে, সে ছয় মাস পর্যন্ত জীবিত থাকতে পারেন,^{১১} যে ব্যক্তির ব্যাধি সহসা উৎপন্ন হয়ে মিলিয়ে যায়, সে অতি শীঘ্রই মৃত্যু মুখে পতিত হয়।^{১২}

সতেরতম অধ্যায়ে ঘাতক ব্যাধির চর্চা করা হয়েছে। এছাড়া মধুমেহ, অপ্রাকৃতিক পিপাসা, অতিসার ইত্যাদি ব্যাধির আলোচনা আছে। চিকিৎসা বিদ্যার সম্পূর্ণ সফলতা জীবনের জ্ঞানের উপর নির্ভরশীল। অতএব একজন চিকিৎসককে অশুভ লক্ষণের প্রতি দৃষ্টিপাত করা অত্যন্ত জরুরী।^{১৩} আঠেরতম অধ্যায়ে ব্যাধির সামান্য ‘নিদান’ তথা ‘উপায়’ পদ্ধতি বিবৃত হয়েছে স্বাস্থ্য বর্ধক ঔষধের প্রয়োগ, ভোজন এবং জীবন পদ্ধতি যা ব্যাধির কারণ হয়, তার নিদান (উপায়) পদ্ধতি জানা উচিত।^{১৪}

‘ভেসজমঞ্জুসা’ তে রোগ-নিদান তথা উপায় জ্ঞান সম্পর্কিত বিবরণ বিস্তারিত ভাবে প্রদত্ত হয়েছে।

উনিশতম অধ্যায়ে ‘জ্বর’ পদ্ধতির বিষয়ে আলোচিত হয়েছে। জ্বর ২ প্রকার ‘সম জ্বর’ এবং ‘বিষম জ্বর’। সামান্য কারণে উৎপন্ন বাহ্য ব্যাধিমার্গাশ্রয়ী, একই ঋতুতে স্থিত, সুখাসাধ্য, এবং লঘুপাক জ্বরকে ‘সম জ্বর’ বলা হয়। এর বিপরীত লক্ষণ যুক্ত জ্বর কে ‘বিষম জ্বর’ বলে। যে জ্বরের সূচনা, ক্রিয়া এবং কাল বিষম হয়, অর্থাৎ কখনও মন্দক হতে, কখনও পৃষ্ঠ হতে আরম্ভ হওয়া, কখনও অতি শীত, কখনও অধিক সস্তাপের সাথে

প্রকট হওয়া তথা যে জ্বরের আক্রমণকাল তথা জ্বর থেকে যাওয়ার কালে বিষমতা এই জ্বরকে ‘বিষম জ্বর’ বলে। কুড়িতম অধ্যায়ে ক্ষয় ব্যাধির পদ্ধতি সমূহ বিবৃত হয়েছে। পরবর্তী অধ্যায়ে ‘গায়ন’ সম্পর্কিত বিকার এবং তার নিদান অর্থাৎ উপায় সম্পর্কে বলা হয়েছে। বাইশতম অধ্যায়ে খাদ্য সম্পর্কিত অরুচি এবং তার নিদান আলোচিত হয়েছে। প্রত্যেকটি খাদ্য পদার্থে ‘রস’ বিদ্যমান হয়। রস সামান্যতঃ ছয় প্রকারের- ১. মধুর রস, ২. অম্লরস, ৩. লকা রস, ৪. কটু রস, ৫. তিক্ত রস, ৬. কষায় রস। কোনো কোনো পদার্থে একের অধিক রস বিদ্যমান থাকে। যেমন-হরিতকিতে মধুর, তিক্ত, কটু, কষায় এবং অম্ল-পঞ্চ রস বিদ্যমান। আমলকিতেও এই গুণ এবং পঞ্চরস আছে। তেইশতম অধ্যায়ে হৃদয় ব্যাধির উপাচার সম্পর্কে মর্না রয়েছে। হৃদয় ব্যাধির নিদান সম্পর্কে বলা হয়েছে যে, লবন ও আমলকি যুক্ত তেল সেবন করলে রোগী উদর ফুলে ওঠা ব্যাধি হতে মুক্ত হতে পারে।^{১৬} চব্বিশতম অধ্যায়ে অসামান্য পিপাসার নিদান রয়েছে। পরবর্তী অধ্যায়ে বমন সম্পর্কিত বিকার এবং তার উপায় বর্ণিত হয়েছে। কাশি সম্পর্কিত ব্যাধি এবং তার নিদান ছাব্বিশতম অধ্যায়ে বর্ণিত হয়েছে। সাতাশতম অধ্যায়ে নিঃশ্বাস-প্রশ্বাস গ্রহণের সমস্যা এবং তার উপাচার আলোচিত হয়েছে। আটাত্তম অধ্যায়ে হাঁচি (হিক্কা) সম্পর্কিত ব্যাধি এবং তার নিরাময় চর্চিত হয়েছে। উনত্রিশতম অধ্যায়ে আম বা কফ এর সাথে দান্ত সম্পর্কিত ব্যাধি (অমায়োসবিক্সিকতিসার) এবং নিদান বর্ণিত হয়েছে। ত্রিশতম অধ্যায়ে অস্ত্রের (গহনী) নালিকা সম্পর্কিত বিকার এবং তার উপাচার আলোচিত হয়েছে। একত্রিশতম অধ্যায়ে মলদ্বারের বিভিন্ন ব্যাধি (কুণামক্কা) ১৬ সম্পর্কে আলোচনা ও উপাচার বর্ণিত হয়েছে। পরবর্তী অধ্যায়ে গুদা নালব্রন (ভগন্দর) সম্পর্কিত ব্যাধি এবং তার নিদান ব্যাখ্যাত হয়েছে। বত্রিশ ও তেত্রিশতম অধ্যায়ে মহিলাদের মূত্র রোগ বা সোম রোগ তথা ব্যাধির উপর আলোকপাত এবং উপায় বর্ণিত হয়েছে। এই ব্যাধিকে ‘মূত্রাতিসার’ বলা হয়েছে। এই ব্যাধির সাথে সাথে (মধুমেহ) ব্যাধির বিষয়েও চর্চা করা হয়েছে। চৌত্রিশতম অধ্যায়ে মূত্র পথরী তথা মূত্র থেমে যাওয়া ব্যাধি এবং তার নিদান চর্চিত হয়েছে। পরবর্তী অধ্যায়ে মহিলা সম্পর্কিত ব্যাধির উপর আলোকপাত করা হয়েছে। ছত্রিশতম অধ্যায়ে অভ্রকোষ সম্পর্কিত বৃদ্ধি এবং তার নিদান আলোচিত হয়েছে। সাঁইত্রিশতম অধ্যায়ে অস্ত্রের রক্তস্রাব জনিত ব্যাধি এবং তার উপাচার বিস্তারিত ভাবে চর্চিত হয়েছে। এর সাথে সাথে চক্ষু, কর্ণ, নাসিকা, মূত্রাঙ্গ হতে রক্তস্রাব সম্পর্কেও চর্চা করা হয়েছে। আটত্রিশতম অধ্যায়ে উদর পীড়া সম্পর্কিত ব্যাধি এবং তার নিদান আলোচিত হয়েছে। এছাড়া উদরের অভ্যন্তরে বায়ুর প্রকোপ এর কারণে বিভিন্ন ব্যক্তি এবং সেই ব্যাধি হতে বিভিন্ন প্রকার ব্যাধির উৎপাত এবং তার উপাচার উনচল্লিশতম অধ্যায়ে চর্চা করা হয়েছে।

মল কুপিত হলে বিভিন্ন প্রকার ব্যাধির প্রাদুর্ভাব হয়। মল কুপিত হয় যখন উদর কোন না

কোন ভাবে ব্যাধিগ্রস্ত হয়। এই ব্যাধির মধ্যে সবথেকে মূল ব্যাধিকে ‘মন্দাগ্নি’ বলা হয়। মন্দাগ্নির কারণে অপাচ্য, বায়ুর প্রকোপ, ক্ষুদা মন্দা ইত্যাদি সমস্যার উদ্ভব হয়। ১৭ এই অধ্যায়ে ‘আম্বুকুম্’ এবং ‘জলোদার’ সম্পর্কিত ব্যাধির কথাও বলা হয়েছে।

একচল্লিশতম অধ্যায়ে পাণ্ডুরোগ (কামনা) ১৮ সম্পর্কিত উপাচার বর্ণিত হয়েছে। পরবর্তী অধ্যায়ে বেদনা, ফোঁড়া, বিসর্গ, ত্বক সম্পর্কিত ব্যাধি কৃমি, বায়ু রোগ, তন্ত্রিকা রোগ (বাত), গেষ্টে বাত (বিসৃং) ১৯, নেত্র রোগ, ২০, চক্ষু-কর্ণ-নাসিকা রোগ, মুখের রোগ, মস্তকের রোগ ২১ ইত্যাদি বিস্তারিত ভাবে আলোচিত হয়েছে।

পরবর্তী অধ্যায়ে ভুলে যাওয়া এবং পাগল হয়ে যাওয়া এবং তার উপায় বর্ণিত হয়েছে। অতঃপর বিভিন্ন প্রকার বিষ (গরল) এবং তার উপাচার (নানাবিসপ্লতীকারো) আলোচনা করা হয়েছে।^{২২}

উনষাটতম অধ্যায়ে কদলী দ্বারা প্রস্তুত সালসা দ্বারা বিভিন্ন ব্যাধি নিরাময় আলোচিত হয়েছে। অন্তিম অধ্যায়ে বিভিন্ন প্রকার সালসাদির বিবরণ রয়েছে।

ভেসজ্জমঞ্জুসার গুরুত্ব

ভেসজ্জমঞ্জুসা পালি ভাষায় রচিত আয়ুর্বিজ্ঞানের একমাত্র গ্রন্থ। এই গ্রন্থে বিভিন্ন প্রকার শারীরিক এবং মানসিক ব্যাধির উদ্ভব ও তার নিরাময় বিস্তৃতভাবে বর্ণিত হয়েছে।

এই গ্রন্থে বৌদ্ধ ধর্মের সামাজিক ইতিহাস ও আলোচিত হয়েছে। শ্রীলংকাতে পারম্পরিক ঔষধির বিকাশের প্রক্ষেপে বৌদ্ধ সংঘের যোগাদান এই গ্রন্থের গুরুত্বকে আরও বিকশিত করেছে। ভোজন এবং সদাচার সম্পর্কিত অভ্যাস এবং তার নিবারণের উপায়ও এই গ্রন্থে আলোচিত হয়েছে। ব্যাধির নিবারণে দশ প্রকার কুশল কর্ম প্রসঙ্গও ব্যাখ্যাত হয়েছে।

সর্বোপরি উপরিউক্ত বিবরণ হতে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে ভেসজ্জমঞ্জুসা পালি সাহিত্যের এক অমূল্য গ্রন্থ।

পাদটীকা :

১. ব্রহ্মস্ময়েন’ মুগতমনোমস্পিখ্যাতেন সর্বয়তিরাজধুরন্ধরেন।
ব্যাপারিতো ‘হমিতিহানুগতং কথঞ্চ নিসসায় পুৰ্বলিখিতঞ্চিধ-
বায়মামি।’—হথবনগল্লবিহবংসো। পৃঃ ১৭
২. দ্বিধবাধা মনোকায়— বসেনেতেসু মানসা।
লোভদোসাদয়ো তেসং তিকিচ্ছা আগমোদিতা।
সরীরা জরকুট্টাদি তেসং এথ ভিসজ্জিতা।—ভেসজ্জমঞ্জুসা, ১ম অধ্যায়, গাথা সংখ্যা-১৮
৩. ‘ইহ বুদ্ধো চ ধম্মেআ চ সঙ্ঘে চ সরনং পরং।
অনেন সচ্চবাক্যেন তিকিচ্ছা সিদিয়ুমে।।’—প্রাগুক্ত, ২য় অধ্যায়, গাথা সংখ্যা-৯৫
৪. ‘রোগসস চাচিরুট্টানং দেবানং...।

- ...সুখসিদ্ধিনিবন্ধনং।।’—প্রাণ্ডক্ত, গাথা, সংখ্যা-১০১
৫. পঞ্চ যথ ন বিজ্ঞস্তি.....।
.....দব্বিঞঞং ধম্মসীলতা।—প্রাণ্ডক্ত, তৃতীয় অধ্যায়, গাথা সংখ্যা-১৩৫
৬. রোগা সবেষ পি জায়ন্তে.....।
.....নিষিতং ভুসং।।—প্রাণ্ডক্ত, চতুর্থ অধ্যায়, গাথা সংখ্যা-১৯
৭. ‘থাবরং জঙ্গম চেতি দ্বিধা.....।
.....চিরা চিরতরা চ তং।।’—প্রাণ্ডক্ত, অষ্টম অধ্যায়, গাথা সংখ্যা-১০
৮. পথবো সর্বরোগানং অজিগ্গং.....।
.....তং চতুবিবধং।।—প্রাণ্ডক্ত, নবম অধ্যায়, গাথা সংখ্যা-১
৯. ‘গণে গুণে চ দব্বানং ঞ্জহা.....।
.....উত্তবং এসু চ।—প্রাণ্ডক্ত, দশম অধ্যায়, গাথা সংখ্যা-১-২
১০. ‘আতুরস্সামুসান্ধারো ক্রিয়াসিসিং.....
.....ঘাননিম্পিতবায়ুনো।—প্রাণ্ডক্ত, তেরতম অধ্যায়, গাথা সংখ্যা ১-২
১১. ‘ভক্তি সীলং সত্তী.....
.....অস্স জীবিতং।’—প্রাণ্ডক্ত, বোলন্তম অধ্যায়, গাথা সংখ্যা-৫২
১২. ‘সহসা জয়তে যস্স.....
.....সো বিনস্সতি।’—প্রাণ্ডক্ত, গাথা সংখ্যা -৫৩
১৩. বেজ্জসথফলং সর্বং.....
.....অরিট্টঞানো মহাদরো।’—প্রাণ্ডক্ত, সতরেতম অধ্যায়, গাথা সংখ্যা -৬১
১৪. ‘জানেষোপসয়ং সো চ.....
.....রোগাসাতুন্মঞঞিতং।’—প্রাণ্ডক্ত, আঠারতম অধ্যায়, গাথা সংখ্যা-১৯
১৫. ‘লেপমিবলযুতং তেলং পিবে.....
.....গুমবস্সানানিবিবরনং।।’—প্রাণ্ডক্ত, তেইশতম অধ্যায়, গাথা সংখ্যা-৭
১৬. কোষ্ঠকাঠিন্য যদি দীর্ঘ সময় পর্যন্ত চলতে থাকে তাহলে মলদ্বারের এই ব্যাধিগুলির (অর্শ, ভগন্দর, নালী ঘা) উদ্ভব হয়।
১৭. ‘মন্দাগগিচ্ছি কদা সবেষ.....তু।
.....জায়তে গলসংচয়া।।’—প্রাণ্ডক্ত, চল্লিশতম অধ্যায়, গাথা-১
১৮. পাণ্ডুরোগকে ‘কামলা ব্যাধি রূপে জানা যায়। ত্রিফলা’র রস ইত্যাদি সেবন এই ব্যাধির উত্তম ঔষধ।
ভেসজ্জমঞ্জুসা’ তে বলা হয়েছে—
‘ফলন্তিকামতা বাসা তিন্তা ভূনিষ নিষজো।।
কাথো খুদ্দযুতো হস্তি পনীউরোগং সকামিলং।।,
—ভেসজ্জমঞ্জুসা, গাথা-২২, একচল্লিশতম অধ্যায়
‘পিটবা কথা নিসা নিষ তিফলা মধুকা সমা।
তেহি সিদ্ধং ঘটং খীরে মাহিসং কামিলাসহং।।’—প্রাণ্ডক্ত, গাথা-২৭
১৯. অপচ্যোর কারণে অর্জী এবং কোষ্ঠবদ্ধতার কারণে বতে (বায়ু) কুপিত হয় এবং যখন শ্লেষ্মা ও বাত রক্তে মিশ্রিত হয়, তখন তা সমতা দেহে ভ্রমণ করতে থাকে, অতঃপর হাঁটু, কোমড় ইত্যাদি পীড়া হতে থাকে আর একেই ‘আমবাত’ বলে। আমবাত ধীরে ধীরে ‘সন্ধিবাত’ বা গের্টে বাতে পরিণত হয়।
২০. ‘ত্রিফলা অয়রজো যট্ঠি সপ্পি খুদ্দকসংযুতা।
দিনন্তে সীলিবা বসসা সর্ব নেওগদাপহা।।’—ভেসজ্জমঞ্জুসা, ছেচল্লিশ অধ্যায়, গাথা-৯৫
২১. মস্তিষ্ক বেদনার নানাবিধ কারণ হতে পারে। কোষ্ঠ বদ্ধতা, বাত প্রকোপ হওয়া, বায়ু-পিপ্ত-কফ কুসিত হওয়া, উচ্চরক্ত চাপ, দৃষ্টি ক্ষীণ হওয়া, অনিদ্রা, অতি পরিশ্রম ইত্যাদি কারণে এই পীড়া হয়।
২২. ‘যাবরং জগমপ্পেতি বিসং বিবিধমুচ্চতে।
পঠম্মুলপত্তাদি অপরং সপ্পাদি সত্তবং।।’—ভেসজ্জমঞ্জুসা, আটাল্লতম অধ্যায়, গাথা-১

পরিয়ানী

হরিদাস তালুকদার

খবরটা পেতেই ভ্যানো টা নকুল বিশ্বাস-এর মুদি দোকানের পাশে গলিতে ঢুকিয়ে দিয়ে সহদেব মল্লিকের মিষ্টিদোকানের দিকে ছুটে যায় মহানন্দ হালদার। প্রায় নাচতে নাচতে বাজার মাথায় করে তোলে।

দোকানি সহদেব সহাস্যে শুধোয়—কি ব্যাপার খুড়ো, লাফাচ্ছ কেন? কি এত আহ্লাদের বিষয়!

কোন উত্তর দেয় না ভ্যান অলা মহানন্দ। ময়লাটে টাকার থলেটা প্যাজের থেকে বের করে ছুঁড়ে দেয় সহদেবের ক্যাশ-বক্সের দিকে। নাও; যা আছে সব টাকার দানাদার দিয়ে দাও, বাজার শুদ্ধ লোককে মিষ্টি খাওয়ানো আজ।

হতবাক সহদেব ফের জিজ্ঞেস করে, বলবে তো আগে বিষয়টা কি? ছেলের চাকরি পাকা হয়েছে না কি মেয়ের বিয়ে!

না রে ও সবতো পরে, আজ স্বাধীন হয়েছি ভাই; আজ যে স্বাধীনতা দিবস, রিফিউজির গুপ্তিসূদ্ধ আজ স্বাধীন হলামেরে ভাই, এই পোড়ার দেশে আমরা আজ নতুন করে স্বাধীন হলাম। কোন সুন্মুন্দির পো আর বেলেকমেইল করতে পারবে না রিফিউজি বলে, যখন তখন জোর করে মিছিলে টানতে পারবে না কাডের ভয় দেখিয়ে... একনাগাড়ে বলে হাঁফাতে থাকে মহানন্দ হালদার। চোখের জল মোছে আর ফাঁস ফাঁস করে বলতে থাকে—শোনো সহদেব বাড়ী গিয়া বাবারে কইবা, আর আমাগো এনআরসি'র ভয় নাই, আর কেউ বাঙাল বলে গাল পাড়তে পারবে না; আজ থিইক্যা আমরা সবাই নাগরিক জালি নয়, ফেলগু নয়, একেবারে হকের নাগরিক। টিভিটা খুলেই দেখো না, মতি মাস্টারের ব্যাটায় আমারে পাক্সা খবর দ্যাছে। মোদি নাকি অমিত শা কইয়্যাই দিছে ওপার থিইক্যা যারাই আইছি সবাই, সবাই নাগরিক, কোন দলিল কাগজের দরকার নাই... তুমি দাও দেখি দানাদারগুলো। আজ সবাইকে মিষ্টি খাওয়াই।

মিষ্টির দোকানি সহদেব বুঝে যায়—মহানন্দ CAB-এর খবরটা পেয়েই লাফাচ্ছে। সকাল থেকেই টিভিতে সব এই নিয়ে তরজা চলছে। কিন্তু এতল্লাটে সরকারি দলের দাপট এমনই তারা কেন জানি এসব CAB-NRC-র ভীষণ বিরোধী। সহদেব বুঝে উঠতে পারে না কেন এই বিরোধিতা। খানিক আগে দয়াপুর হাইস্কুলের হেডমাস্টার

পেশায় আঁতেপ্রণা এবং গল্পকার ও পাঠক

জামান সাহেব তার দোকানে মিষ্টি নিতে এসেছিলেন; কথায় কথায় বলছিলেন এসব নিয়ে তাঁর বিশেষ মাথাব্যথা নেই, কিন্তু পাড়ার খবর— সন্ধ্যের দিকে ঝামেলা হতে পারে। ফিসফিস করে বলে গেছেন, শোনো, এই বিলের কপি তাঁর Whats-app-এ এসেছে। হিন্দু-মুসলমান কারোর কোন সমস্যা হবার কথা নয়... তবে জামাইদের কপালে দুঃখ আছে ভাই, মুচকি হেসে চলে যান, আর সহদেবকে সতর্ক করে যান। সহদেবের বিষয়ী মাথা, ঠিক বুঝে যায় আর নিজের কাজে মেতে যায়।

সহদেবের বাবা ধর্মদাস মল্লিক বাংলাদেশ থেকে ৭৮ সালে এদেশে আসেন, অনেক খেটে এই মিষ্টির দোকান চালু করেন। চতুর মানুষ ছিলেন, স্থানীয় রাজনীতির জল হাওয়া বুঝে রিফিউজি আন্দোলনের নেতাদের সাথে খাতির রেখে পরিবারের সবার রেশনকার্ড ইত্যাদি বানিয়ে নেন পরে বিশ্বযুদ্ধের পরিত্যক্ত জমিতে ৮৪ সালে পাট্টা পেয়ে যান। সে কপাল তো আর সবার হয়নি, সহদেব নিজের চোখে দেখছে— বাংলাদেশ থেকে ৮২, ৮৪, ৯১ সালে এমনকি তারও পরে এদেশে আসা উদ্ভাস্তর স্রোত। যারা পয়সা কড়ি আনতে পেরেছে কলকাতার শহরতলিতে ভদ্রলোকের ভীড়ে, মিশে গেছে, আর কিছু গরীবগুণ্ঠো মানুষ লাইনধারে ঠাই করে নিয়েছে। মহানন্দ হালদারের মতো মানুষ যারা ওপারে পরিবারের ইজ্জত সম্মান হারিয়ে কোনক্রমে এসে উঠেছে তারা এখানেও রাজনৈতিক নেতাদের দাবার গুটি হয়ে কালাতিপাত করছেন আর পরবর্তী প্রজন্মের জন্য সোনালী স্বপ্নের বীজ বুনছেন।

সহদেব মহানন্দ হালদারের কাঁধ ঝাঁকিয়ে বলে— সব ঠিক আছে কাকা, বেশী হল্পা করার দরকার নেই। আইন পাশ হয়েছে, কাজের কাজও হবে। মিষ্টি নাও যা নেবার, তবে বাজারে বিলানোর জন্য নয় বাড়ী গিয়ে নাতি নাতনিদের সাথে আনন্দ করোগে যাও।

কিন্তু কে শোনে কার কথা— আদ্যান্ত হুজুগে মহানন্দ বাজার মাথায় করে ডেকে ডেকে যাকে পায় মিষ্টি খাওয়ায়। তারপর একসময় গিয়ে হাজির হয় সরকার পাড়ায় সদ্য গজিয়ে ওঠা গেরুয়া দলের অফিসে। সেখানকার মিছিলে দিনভর নাচানাচি করে সন্ধ্যের মুখে নিয়ামত শেখের ভাটিতে দু-গেলাস টেনে বাড়ির পথ ধরে। যেতে যেতে তার মনে পড়ে যায় ৮২'র সেই গহন অন্ধকার আরেকটা সন্ধ্যের কথা, মন ভারাক্রান্ত হয়। একাকী হাউ হাউ করে কেঁদে উঠে মহানন্দ। একে একে মনে পড়ে দেশ বাড়ীর কথা, আড়িয়াল খাঁর চরের কথা। আদরের ছোটবোন রেবার কথা— যাকে সেই সন্ধ্যায় হারিয়ে এসেছে পেয়াদার হাটের গোলাঘরে।

খাগড়ার চরে খেতের কাজ শেষ করে বাড়ী ফেরার পথে খবর পায় ফাঁড়ে মান্তান রমজান আলী দলবল নিয়ে তাদের বাড়ীতে চড়াও হয়ে তার কলেজ পড়ুয়া বোন রেবাকে জোর করে তুলে নিয়ে গেছে, আটকে রেখেছে পেয়াদার হাটের গোলাঘরে,

মহানন্দের বুক কেঁপে ওঠে গোলাঘরের নাম শুনে, এ সেই গোলাঘর তার শৈশবে সেও দেখেছে খান সেনাদের নাম করে কত কত মেয়েকে রাজাকাররা তুলে নিয়ে গেছে, তারা কেউ আর কখনোই ফিরে আসেনি। সে বড় হতে হতে দেখেছে— দেশ স্বাধীন হয়েও যেন আবার কালে কালে রাজাকারদের হাতে জিম্মি হয়ে গেছে। বাবা কাকাদের মুখে শুনেছে, তাদের অঞ্চলে মুক্তিযোদ্ধাদের দুইটা সংসদ— একটা লালবাহিনীর অন্যটা রাজাকার বাহিনীর, তারা যুদ্ধের শেষে দলে দলে মুক্তিযোদ্ধার খাতায় নাম লিখিয়ে নিয়েছে। তেমনই এক রাজাকারের বেটা ওই রমজান আলী। মাথায় রক্ত চেপে যায় মহানন্দ হালদারের। রোষ চেপে সে ছুটে যায় রমজান আলীদের হাট লাগোয়া বাড়ীর দিকে। পাকা দাড়িতে হাত বোলাতে বোলাতে রমজানের বাপ জানায় মহানন্দকে— তুমার বোনের পাখা গজিয়েছে হালদারের পো, কলেজে যাবার নাম করে সে ইউনিয়নের নেত্রী বনেছে ঠিক আছে, মিঞাদের মেয়েদের কেন মগজ ধোলাই করবে অ্যা! তার পাল্লায় পড়ে আমাদের মেয়েরা যে উচ্ছ্বসে যাচ্ছে। শোন, খাস মহালের মসজিদের ইমাম সাহেব ফতোয়া দিয়াছে— গোলাঘরে তোমার বোনের বিচার হবে। তোমরা যাও গিয়া, কাল সকালে যা হবার দেখা যাবে। মাথায় আগুন ধরে যায় মহানন্দের। সে কোমরের হাসুয়াখানা হাতে নিয়ে ছোট্ট গোলাঘরের দিকে, এইটা স্বাধীন দেশ, পাকিস্তান নয়, সেও বুঝিয়ে দেবে।

ইনকেলাব-জিন্দাবাদ, রেবার শেখানো ধ্বনি ছড়িয়ে হুংকার ছেড়ে সে হাসুয়া বাগিয়ে গোলাঘরের দোরে হাজির হয়, দেখে সেখানে বসে গেছে ফতোয়াবাজের বিচারসভা। রেবাকে জোর করছে কালেমা পড়ে মুসলমান হবার জন্য, সে যা পাপ করেছে তার নাকি সেটাই সাজা। উপস্থিত সবার চোখে মুখে কে জাস্তব উল্লাস দেখতে পাই। চোখে সুরমা লাগিয়ে একজন বসে রেবাকে মুসলমান করিয়ে নিকা করবে বলে। মাধ্যমিকে স্টার পাওয়া কলেজ পড়ুয়া রেবা প্রতিবাদের থুতু ছিটায় খাস মহালের ইমামের মুখে। কে একজন রেবার তলপেটে লাথি মারে। ছিটকে পড়ে রেবা। মহানন্দ আর স্থির থাকতে পারে না, ঝাঁপিয়ে পড়ে গলা টিপে ধরে সে ব্যাটার। কিন্তু কি করবে সে একা। বাজারের কসাই রহমত আলী তার গলায় মাংস কাটার ছুরিখানা বাগিয়ে ধরে বলে— নড়বি তো এক পোঁচেই নাবিয়ে দেবো শালা মুণ্ডু সমেত। কেউ একজন মহানন্দের মাথায় ভারী কিছু দিয়ে আঘাত করে, হুঁশ হারাতে হারাতে তার কানে আসে বাসন্তী সুরের কলতান।

‘লা ইলাহা ইল্লাল্লাহ মোহাম্মাদুর রাসুলুল্লাহ।

যা হবার হয়ে যায় পরের কণ্ঠটায়। রেবা কলেমা পড়ে ফাতেমা বেগম নাম নিয়ে সুরমাওয়ালায় বিবি বনে যায়, বাঘিনীর চোখের আগুন কেউ দেখতেই পায়নি। জ্ঞান ফিরতে মহানন্দের নিষ্ফল আক্কেশ মুষ্টিবদ্ধ হয়ে শপথ নেয় প্রতিশোধের।

সে রাতের ভোরে বাজার ধারের মুন্সিবাড়ীতে আগুনের লেলিহান শিখা দেখা যায়। সে আগুনে প্রায় গণ্ডা দুই মানুষ চালাঘর সমেত ভস্মীভূত হয় মিঞাবাড়ীর নতুন বউ রেবা সমেত। পুকুরঘাটে সুরমাগুলার বিষাক্ত মৃতদেহ পড়ে।

সকাল হতেই খবর হয় জয়চণ্ডী কালিবাড়ীতে খাঁড়া চুরি গেছে— খাস মহলের মসজিদের পুকুরঘাটে, দুখানা কাটা মুণ্ডু গড়াগড়ি খাচ্ছে, একটা পাকা দাড়ির রাজাকার নেতা গোলাম আলির, অন্যটা তার বেটা রমজানের। দেহ দুখানা নেড়ি কুত্তায় চাঁটছে।

পালাতে পালাতে মহানন্দ খবর পায় মুন্সীবাড়ীর রজব আলীর বাড়িঘর আগুনে পুড়ে ছাই, সঙ্গে হিন্দুর বাড়ী থেকে তুলে আনা নতুন বৌ— রজব আলির মেজো ছেলে মরেছে বিষ খেয়ে। শত হাহাকারের মধ্যেও মহানন্দের ঠোঁটের কোণে হাসি ঝিলিক দেয়। তার আদরের বোন রেবা বীরঙ্গনা হয়েছে।

পরের দু-মাস মহানন্দ এ গাঁ, ও পাড়া, সে গঞ্জ, ওই শহর লঞ্চ স্টীমার ঘুরে পশ্চিম বাংলার এই ক্ষেত্রপুর বাজারে তার বাপ মা পরিজনদের দেখা পায়। লাল পাটির করিম উদ্দীন প্রায় প্রাণ হাতে করে তার বাড়ীর লোকজনকে ইন্ডিয়ার বর্ডারে ছেড়ে গেছে কিছু হাতে নগদ সহ। তার আগে অবশ্যি কি সব কাগজে সই সাবুদ সে করিয়ে নিয়ে গেছে তা মহানন্দের মনে পড়ে না।

মোটা মাথার মহানন্দ ভ্যান চালিয়ে সংসারের গ্রাসাচ্ছাদন করতে করতে বুড়িয়ে গেছে। নেশার ঘোরে হাঁটতে হাঁটতে দীর্ঘস্থায়ী একরাশ কান্না গ্রাস করে নেয় মহানন্দের চোখ দুটো। একসময় সে বাড়ী পৌঁছে যায়। তার ছোট বৌমার ধমক খেয়ে বাস্তবে ফিরে আসে মহানন্দ, কোলে তুলে নেয় ছোট নাতনিটাকে— তার মনে হয় যেন কৈশোরের মহানন্দ শিশু অবচেতনে রেবাকে বুকে জড়িয়ে ছুটে চলেছে, ছুটে চলেছে ছুটে চলেছে বিস্মৃত স্মৃতির উজানে আড়িয়াল খাঁ নদীর বাঁকে খাগড়ার চরে।

